




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com







JAGARAN ■16 September, 2023 ■আগরতলা ১৬ সেপ্টেম্বর ২০২৩ ইং ■২৯ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# নিপা আতঙ্কে কেরল সংক্রমিত বেড়ে ৬

**কোঝিকোড়, ১৫ সেপ্টেম্বর (হি.স.):** কেরলে আরও একজনের শরীরে মিলল নিপাহ ভাইরাসের হদিশ। এই নিয়ে দক্ষিণ ভারতের এই রাজ্যে নিপাহ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৬। ৩৯ বছর বয়সী এই রোগী কোঝিকোড়ের একটি হাসপাতালে পর্যবেক্ষণে রয়েছেন। শুক্রবার সকালে কেরলের স্বাস্থ্য মন্ত্রীর দফতর থেকে এই তথ্য জানানো হয়েছে।

২০১৮ সাল থেকে এই নিয়ে চতুর্থ বার। নিপাহ ভাইরাসের সংক্রমণের জেরে ফের আতঙ্ক কেরলে। সে রাজ্যের সরকার জানিয়েছে, আক্রান্তেরা সবাই কোঝিকোড় জেলার বাসিন্দা। ৩০ অগস্টের পর ওই জেলায় দু'জনের 'অস্বাভাবিক' মৃত্যু হয়েছে। সরকারের আশঙ্কা মৃতেরা নিপাহ ভাইরাস আক্রান্ত ছিলেন। সংক্রমণ ঠেকাতে কোঝিকোড়ের ৭টি গ্রামকে 'কনটেনমেন্ট জোন' ঘোষণা করেছে প্রশাসন। খোলা হয়েছে একটি কন্টোল রুম। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) জানিয়েছে, মানবদেহের পাশাপাশি পশুপাখিদের মধ্যে সংক্রমণ ঘটাতে পারে নিপাহ ভাইরাস। ফলাহারী বাদুড় বা 'ফ্রুট ব্যাটস'-এর মাধ্যমে মূলত এর সংক্রমণ ঘটে। আক্রান্তদের মধ্যে সাধারণত জ্বর, পেশির ব্যথা, মাথাধরা, ঝিমুনি এবং বমি বমি ভাবের উপসর্গ দেখা দেয়।

এদিকে, কেরলের কোঝিকোড়ে ক্রমেই বাড়ছে নিপা আতঙ্ক। পরিস্থিতি সামলাতে ইতিমধ্যেই সে রাজ্যে শুক্রবারের নমাজ সকলকে বাড়িতেই পড়তে বলা হয়েছে।

শুক্রবার নতুন করে কেরলে নিপা ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩৯ বছরের ব্যক্তি। সব মিলিয়ে সেখানে আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬-এ। লক্ষ রাখা হচ্ছে তাঁদের সংস্পর্শে আসা ৯৫০ জনের দিকে। এঁদের মধ্যে ২১৩ জন রয়েছে হাই রিস্ক ক্যাটাগরিতে। ইতিমধ্যেই মৃত্যু হয়েছে দুজনের। ☞ ৬ এর পাতায় দেখুন



# দিল্লিতে নতুন ত্রিপুরা ভবন নির্মাণ নিয়ে লেফটেন্যান্ট গভর্নরের সঙ্গে সাক্ষাৎ মুখ্যমন্ত্রীর



**নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর :** ত্রিপুরবাসীর স্বার্থে দিল্লিতে বড় পরিসরে নতুন ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে রাজ্য সরকারের। তাই, প্রয়োজনীয় জমি বরাদ্দের আর্জি নিয়ে দিল্লির লেফটেন্যান্ট গভর্নরের দ্বারস্থ হয়েছেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী।

সামাজিক মাধ্যমে এক বার্তায় ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা.) মানিক সাহা লেখেছেন, বর্তমানে দিল্লিতে দুটি ত্রিপুরা ভবন রয়েছে। কিন্তু সীমিত স্থানের কারনে নানান সমস্যা নিয়ে দিল্লীতে আসা অনেক ত্রিপুরাবাসীর ভবনে রুমের ব্যবস্থা সম্ভব হয় না। তাই, দিল্লির দ্বারকাতে বড় পরিসরে একটি নতুন ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে ত্রিপুরা সরকারের।

তিনি আরও লেখেন, আজ দিল্লির লেফটেন্যান্ট গভর্নর বিনয় কুমার সাক্সেনার সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হয়েছি এবং তাঁর সাথে নতুন ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় স্থান বরাদ্দ সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনা করেছি।

প্রসঙ্গত, বর্তমানে দিল্লির চাণক্যপুরির কৌটিল্য মার্গ এবং বীর টিকেন্দ্রর জিৎ মার্গে দুইটি ত্রিপুরা ভবন রয়েছে। ত্রিপুরার প্রচুর মানুষ চিকিৎসা, পড়াশুনা সহ বিভিন্ন কাজে প্রতিনিয়ত দিল্লি যাচ্ছেন। তাছাড়া, প্রতিনিয়ত সরকারি আধিকারিকরাও কাজের সুত্রে দিল্লিতে যাচ্ছেন। তাঁরা সকলেই ত্রিপুরা ভবনে থাকছেন। ফলে, প্রায় সময় রুমের সংকট দেখা দিচ্ছে। দিল্লিতে নতুন ভবন নির্মাণ হলে স্বাভাবিকভাবে ত্রিপুরার মানুষের অনেক উপকার হবে।

এদিকে, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ নয়াদিল্লিতে কেন্দ্রীয় উদ্যোগ ও দক্ষতা উন্নয়ন প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখরের সাথে সাক্ষাৎ করেন।

সাক্ষাতকারের সময় মুখ্যমন্ত্রীর সাথে কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর রাজ্যের উন্নয়ন ও দক্ষতা বিকাশের বিষয়ে আলোচনা হয়। রাজ্যে দক্ষতা উন্নয়নের বিষয়ে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী মুখ্যমন্ত্রীকে সহযোগিতার আশ্বাস দিয়েছেন। তাছাড়াও মুখ্যমন্ত্রী এদিন কেন্দ্রীয় আইন ও সংসদীয় বিষয়ক প্রতিমন্ত্রী অর্জন রাম মেঘওয়ালের সাথেও সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় আইন প্রতিমন্ত্রীর সাথে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

## নেশা সামগ্রী উদ্ধার, আটক ৬

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** শহর থেকে বিপুল পরিমাণ নেশা সামগ্রী উদ্ধার। ব্রাউন সুগার, ইয়াবা ট্যাবলেট সহ বিভিন্ন নেশা জাতীয় সামগ্রী এদিন উদ্ধার করা হয়েছে। পাশাপাশি এদিন ৬ জনকে আটক করেছে পুলিশ। নেশার সাগরের পাশে রাজধানী আগরতলা শহরসহ রাজ্যের বিস্তীর্ণ অঞ্চল। ভয়ংকর নেশার কবলে পড়ে ছাত্র যুবসমাজ রীতিমত বিপর্যস্ত। ভয়ংকর নেশার জোগান নিশ্চিত করতে টাকা জোগাড় করতে গিয়ে অনেকেই চুরি ছিনতাইসহ নানা অসামাজিক কাজকর্মে জড়িয়ে পড়তে ☞ ৬ এর পাতায় দেখুন

## বিনা চিকিৎসায় পুলিশকর্মীর মৃত্যুর অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** বিনা চিকিৎসায় গোমতী জেলা হাসপাতালে মৃত্যু এক সাব-ইন্সপেক্টরের। গোমতি জেলা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের বিরুদ্ধে আবারও কর্তব্যে গাফিলতি ও বিনা চিকিৎসায় রোগী মৃত্যুর গুরুতর অভিযোগ উঠেছে। ঘটনাকে কেন্দ্র করে শুক্রবার গোমতী জেলা হাসপাতাল চত্বরে ক্ষোভ ও উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয় মুহূর্তেই। মৃত সাব ইন্সপেক্টরের পুত্রবধূ আঙ্গুল তুললেন জেলা হাসপাতালের স্বাস্থ্য পরিষেবার দিকে।

## রেল ও বিদ্যুৎ বেসরকারীকরণের প্রতিবাদে ফের সরব সিআইটিইউ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** শুক্রবার মুক্ত ধারা অডিটোরিয়ামে এক দিবসীয় কনভেনশন অনুষ্ঠিত হয়েছে সি আই টি ইউ-র। এদিনের এই সরকার দেশের সব গুরুত্বপূর্ণ জিনিস বেসরকারি হাতে বিক্রি করে দিচ্ছে। তার কথায়, মোদী সরকার কোন দপ্তর এবং দেশের কোন জিনিসটাকে কত টাকায় বিক্রি




কনভেনশনে মোদী সরকারের বিরুদ্ধে সরব হন দলীয় কর্মীরা। বক্তব্য রাখতে গিয়ে সি আই টি ইউ এর রাজ্য কমিটির সম্পাদক শঙ্কর প্রসাদ দত্ত বলেন, বিজেপি করবে তার পরিকল্পনা করছে। তিনি আরও বলেন, রেল স্টেশনগুলি বিক্রির পাশাপাশি তৎসংলগ্ন জমি, রেল কলোনি , ☞ ৬ এর পাতায় দেখুন

## পুনর্বাসিত ব্রু শরণার্থীদের বিদ্যুৎ সরবরাহে বিশেষ উদ্যোগ নিচ্ছে সরকার : বিদ্যুৎ মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** ত্রিপুরা সরকার রাজ্যের আটটি জেলা জুড়ে ১২টি নির্বাচিত স্থানে নতুন পুনর্বাসিত ব্রু শরণার্থীদের বিদ্যুৎ সরবরাহ করার জন্য একটি বিশেষ প্রকল্প শুরু করেছে। রাজ্যের বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ একথা জানিয়েছেন।

১৯৯৭ সালে ত্রিপুরায় আশ্রয় নেওয়া ব্রু শরণার্থীদের থাকার জন্য মোট ১২টি নতুন বসতি স্থাপন করা হচ্ছে, তাদের নিজ রাজ্য মিজোরামে জাতিগত সংঘাত থেকে বাঁচতে। এই নতুন গ্রামগুলির বিদ্যুতায়ন শুরু হয়েছে বিদ্যুৎ বিভাগ দ্বারা চালু করা একটি উৎসর্গকৃত প্রকল্পের অধীনে, এক সাক্ষাৎকারে এমনটাই জানিয়েছেন মন্ত্রী। তিনি আরো বলেন যে, তারা পুনর্বাসিত নাগরিকদের কাছ থেকে ৬৫০০ টি আবেদন পেয়েছে, যার মধ্যে ২০০০ সংযোগ ইতিমধ্যেই দেওয়া হয়েছে। "পার্বত্য অঞ্চলে অবস্থিত কিছু গ্রাম সোলার মাইক্রোগ্রিডের মাধ্যমে বিদ্যুৎ পাবে। ত্রিপুরা পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থাকে (টেরেডা) প্রয়োজন অনুসারে এই সোলার গ্রিডগুলি ইনস্টল করার দায়িত্ব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ মন্ত্রী।

তিনি এও বলেন, একটি নির্দিষ্ট সময়সীমার ☞ ৬ এর পাতায় দেখুন

## প্রধান শিক্ষকের হাতে নিগৃহীত শিক্ষিকা

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৫ সেপ্টেম্বর।।** শিক্ষক নেতার কাছে নতজানু শিক্ষা দপ্তর। বার বার অপরাধ করেও বহাল তবিয়তে শিক্ষক নেতা। একাধিক অভিযোগ থাকা সত্বেও ঐ শিক্ষক নেতার চুল পর্যন্ত বাঁকা করার ক্ষমতা নেই শিক্ষা দপ্তরের। বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের গুণধর সেই প্রধান শিক্ষকের বিরুদ্ধে এইবার স্কুলের ভেতরেই এক শিক্ষিকাকে শারীরিক ভাবে নিগ্রহ করার অভিযোগ। বিশালগড় ইংলিশ মিডিয়াম বিদ্যাজ্যোতি স্কুলের প্রধান শিক্ষক চন্দন কুমার দেবনাথের বিরুদ্ধে ইহা প্রথম অভিযোগ নয়। এর আগেও বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে টাকার বিনিময়ে বই বিক্রি করার অভিযোগে দপ্তরের নোটিশ পর্যন্ত পেতে হয়েছিল এই শিক্ষককে। তাছাড়াও বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের উপর মানসিক চাপ এবং অভিভাবকদের সাথে দুর্ব্যবহারের একাধিক অভিযোগ রয়েছে এই প্রধান শিক্ষকের বিরুদ্ধে। তবে শুক্রবার সব সীমা অতিক্রম করে ফেলেন চন্দন কুমার দেবনাথ। ☞ ৬ এর পাতায় দেখুন

## চড়িলাম ও শান্তিরবাজারে যান দুর্ঘটনায় জখম পাঁচ

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম / শান্তিরবাজার, ১৫ সেপ্টেম্বর।।** আগরতলা - সাব্রুম জাতীয় সড়কে দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষ গুরুতরভাবে আহত চালক সহ যাত্রী। শুক্রবার সকালে আহতদের উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে যায় বিশালগড় অগ্নিনির্বাপক দপ্তরের জোয়ানরা। জানাযায়, টিআর ০১ এ ৩৬৯৫ নাম্বারের ম্যাক্স গাড়ি যাত্রী নিয়ে আগরতলা থেকে শিলাছড়ি যাওয়ার পথে বিশালগড় অফিসটিলা আসতেই উল্টো দিক থেকে টিআর ০১ এএম ১৫৯৪ নাম্বারের একটি ৪ চাকার অটো বিশালগড় থেকে আগরতলা যাওয়ার পথে দ্রুত গতিতে থাকায় নিয়ন্ত্রণ হারিয়ে ম্যাক্স গাড়িতে অটোটি স্বজোরে ধাক্কা মারে। অটো ও ম্যাক্স গাড়ির মুখোমুখি সংঘর্ষে দুটি গাড়ির সামনের অংশটি দুমড়ে মুছরে যায় এবং আহত অটো গাড়িতে থাকা চালক এবং ম্যাক্স গাড়িতে থাকা যাত্রী দুজন জখম হয়। বিকট শব্দ পেয়ে প্রত্যক্ষদর্শীরা দ্রুত ঘটনাস্থলে ছুটে আসে আহতদের উদ্ধার করে নিয়ে যাওয়ার জন্য বিশালগড় অগ্নি নির্বাপক দপ্তরে খবর দেয়। ঘটনাস্থলে ছুটে এসে আহতদের উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে যায় অগ্নি নির্বাপক দপ্তরে কর্মীরা সেখানে নিয়ে যাওয়ার পর আহতদের উন্নত চিকিৎসার জন্য আগরতলা হাঁপানিয়া মেডিকেল হাসপাতালে রেফার করা হয়। অহতরা হলো অটো চালক জয়নাল মিয়া, বাড়ি মধুপুর রায়মুড়া, ম্যাক্স গাড়িতে থাকা যাত্রী আকাশ দেবনাথ, বাড়ি ব্যাথাগাং কলোনি, শান্তি বাজার। অন্যদিকে আরো জানা যায়, শান্তির বাজার মহকুমার অন্তর্গত মনপাথর বাজার সংলগ্ন এলাকায় রিয়াং জনজাতিদের কূলদেবীর পূজাকে কেন্দ্রকরে দুইদিনব্যাপী মেলার আয়োজন করাহয়। বৃহস্পতিবার রাত্রিবেলায় এই মেলার সমাপ্তিদিনে পৃথক পৃথক যান দুর্ঘটনায় গুরতর আহত হলেন চিরঞ্জীত ত্রিপুরা, অজিত ত্রিপুরা, অমিত ত্রিপুরা। এই তিনজন অলইছড়া এলাকায় টি আর ০৮ ই ৬৮৭৮ নাম্বারের বাইকে ছিলো। বাইক নিয়ন্ত্রন হারিয়ে তিন জন দুর্ঘটনার কবলে পরেবলে জানাযায়। পরবর্তীসময় মেলা সংলগ্ন এলাকায় টি আর ০৮ ই ৭৮০৯ নাম্বারের স্কুটি নিয়ন্ত্রন হারিয়ে সুজন রায় নামে এক যুবক আহত হয়। এছারা মেলাকে কেন্দ্রকরে সারারাতব্যাপী নানান জায়গায় বিক্ষিপ্ত দুর্ঘটনাঘটে। শুক্রবার সকাল ৭ টা ৩৫ মিনিট নাগাদ জমাতিয়া পাড়াথেকে তপন সরকার নামে এক ব্যক্তিকে আহত অবস্থায় রাস্তার পাশে পরে থাকতেদেখে এলাকাবাসী খবরদেয় শান্তির বাজার দমকল বাহিনীর কর্মীদের। দমকল বাহিনীর কর্মীরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে আহতকে উদ্ধারকরে চিকিৎসারজন্য শান্তির বাজার জেলা ☞ ৬ এর পাতায় দেখুন

### আগে তিপ্রাসা, পরে দল

## আগরতলায় পা রেখেই বললেন প্রদ্যোৎ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** রাজনীতির প্রয়োজন নেই, তিপ্রাসার ভবিষ্যৎ নিয়ে দিল্লিতে এক আওয়াজে কথা বলতে হবে। আগে তিপ্রাসার উন্নয়ন, তারপরে দল। নিজের শেষ নিঃশ্বাস পর্যন্ত তিপ্রাসাদের জন্য লড়াই করতে চাই। শুক্রবার এই কথাগুলি বললেন প্রদ্যুত কিশোর দেববর্মা। এদিন রাজ্যে ফিরেছেন তিনি। এমবিবি বিমানবন্দরে তিনি বলেন, যারা দল ছেড়ে গেছেন তাদের অধিকার রয়েছে অন্য দলে যাওয়ার। তারা গেছেন এইটা তাদের ব্যক্তিগত বিষয়। তবে আলাদা আলাদাভাবে তিপ্রাসাদের দাবী নিয়ে দিল্লিতে কথা বলে কোনো লাভ নেই। দরকার একজোটে নিজেদের জনজাতিদের উন্নয়নে আওয়াজ তোলা। তিনি বলেন, এভাবে আলাদাভাবে লড়াই এর ফলে নিজেদের কোনো উন্নতি হলেও জনজাতিদের কোনো উন্নতি হবে না। তিনি বলেন, তিপ্রাসাদের জন্য লড়াই অব্যাহত থাকবে শরীরের শেষ নিঃশ্বাস পর্যন্ত। তিনি বলেন তিপ্রা মথার আদর্শ সিপিআইএম এবং বিজেপির মত নয়। দলের আদর্শ এবং লড়াই গ্রেটার তিপরাল্যান্ডের জন্য বলে জানান ☞ ৬ এর পাতায় দেখুন



# নেশার বিরুদ্ধে সচেতন বার্তা দিতেই সাবান সিরিঞ্জ দিয়ে সমীরন তৈরি করলেন গণেশ ঠাকুর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** সৃষ্টির মধ্য দিয়ে মানুষকে সচেতন করা যায়। নানা শিল্পকর্মের মধ্যে এই বিষয় ফুটিয়ে তুলার চেষ্টা করেছেন ইংরেজি বিষয়ের শিক্ষক সমীরন দে। শুধু মাটি দিয়েই মূর্তি নয় সমীরন তৈরি করেছেন কাঠের গুরা থেকে শুরু করে অনেক ফেলে দেওয়া জিনিসের তৈরি নানা ভাস্কর্য। ছোটবেলা থেকে মূর্তি তৈরীর প্রতি তার নেশা। তখন মাটিকেই বেশি ব্যবহার করতেন তিনি। ধীরে ধীরে মনের গভীরে শিল্পী সত্তার বিকাশ ঘটে। আধুনিক যুগের সঙ্গে মিলিয়ে নিজেকে আপডেট করতে শুরু করে তিনি। ঘরের বউ



সামগ্রী রয়েছে যেগুলি ব্যবহারের পর ফেলে দেওয়া হয়। সমীরন দেখলে এগুলিকেও কাজে লাগিয়ে শিল্প তৈরি করা। স্কুল শেষ করে বাড়ি ফেরে এই সমস্ত সৃষ্টির মধ্যেই ডুবে থাকেন ইংরেজি শিক্ষক। তাতেই তৃপ্তি তার। কিছুটা সময় মুক্ত হওয়া নিশ্বাস নিয়ে শরীরকে ফিট রাখার চেষ্টা করেন। এরপর বাকি সময় সৃষ্টকর্মে মগ্ন থাকেন। এটাই তার দৈনন্দিন রুটিন। সমিরন বাবু বললেন যেভাবে নেশায় বার বার অন্ত হয়ে উঠেছে গোটা রাজ্য যুবসমাজ তার অতল সমুদ্রে ডুবে যাচ্ছে। যুবসমাজকে এই রাহু মুক্ত করতে ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ৩৩৩ ▫ ১৬ সেপ্টেম্বর ২০২৩ ইং ▫ ২৯ ভাদ্র ▫ শনিবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

# ভারতকে ঘনিষ্ঠ সংযোগ গড়িয়া তুলিতে হইবে

অর্থনৈতিক, কৌশলগত কারণের জন্য আসিয়ানের সাথে ভারতকে ঘনিষ্ঠ সংযোগ গড়িয়া তুলিতে হইবে। ১০টি দক্ষিণ এশিয়ার দেশের গুরুত্বপূর্ণ গ্রুপিংয়ের সাথে অর্থনৈতিকভাবে ভারতের এনগেজমেন্ট আরও গভীর করিয়া তুলিবার প্রাথমিক লক্ষ্য নিয়া চলতি সপ্তাহের প্রথমদিকে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় ঝটিকা সফরে গিয়াছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারত এবারের জি-২০ সম্মেলনের আয়োজক। এই সপ্তাহেই নয়াদিল্লিতে শুরু হইবে সেই সম্মেলন। ঠিক তার আগে আসিয়ান-ভারত সম্মেলনে মোদীর উপস্থিতি এশিয়ার প্রতিবেশী দেশগুলোর সাথে সম্পর্ক মজবুত করিবার একটা সুযোগ পেশ করিয়াছিল। বিশেষত আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে চরম অনিশ্চয়তার একটা সময়ে দাঁড়াইয়া এই পদক্ষেপটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশ্ব অর্থনীতির পূর্বাভাস, দীর্ঘদিন ধরিয়া চলিতে থাকা মুদ্রাস্ফীতি, অর্থনৈতিক অনিশ্চয়তা এবং জিওপলিটিক্যাল উদ্বেগ সহ নেতিবাচক ফ্যাক্টরগুলো প্রভাব বিস্তার করিলেও '২০২৩ সালের দ্বিতীয়ার্ধে আন্তর্জাতিক বাণিজ্যের দৃষ্টিভঙ্গি ইতিবাচক বলিয়া মনে হইতেছে। আসিয়ান-ভারত সম্মেলনে 'সঙ্কটের জবাবে খাদ্য সুরক্ষা এবং পুষ্টি মজবুত করা' সংক্রান্ত নেতাদের যৌথ বিবৃতি ঠিক এই প্রেক্ষাপটে বুঝিতে হইবে। বিশ্বজুড়িয়া তৈরি হওয়া খাদ্য সঙ্কটের প্রভাব এই অঞ্চলেও পড়িয়াছে। ইউক্রেনে যুদ্ধ, জলবায়ু পরিবর্তন এবং মুদ্রাস্ফীতির মোকাবিলায় রাষ্ট্রীয় নীতির জেরে পরিস্থিতির অবনতি হইয়াছে। সম্প্রতি চাল রপ্তানির ওপর ভারতের বিধি-নিষেধ আরোপ করা নিয়াও কিছু উদ্বেগ দেখা দিয়াছে। গত ১৫ বছরের মধ্যে সবচেয়ে বেশি মূল্যের সীমা ছুঁইয়া ফেলিয়াছে অঞ্চলটির এই প্রধান খাদ্যবস্তু। তাহার ওপর রহিয়াছে এল নিনোর প্রভাব। অতীতের নজির থেকে দেখা যাইতেছে , এল নিনো সাধারণত আবহাওয়াকে খামখেয়ালী করিয়া তোলে। এটি পরিস্থিতিকে আরও জটিল করিয়া তুলিয়াছে। তাই সঙ্গত কারণেই আসিয়ান নেতারা আতঙ্কিত।

মোদী তাহার বক্তব্যে কোভিড-১৯ পরবর্তী বিশ্বে নিয়ম-ভিত্তিক শাসন ব্যবস্থা এবং ফ্রি ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিক অঞ্চলের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করিয়াছেন। স্পষ্টভাবে আসিয়ান ব্লকের নেতাদের উদ্দেশ্যেই তিনি এই কথা বলিয়াছেন, যাহারা চিনের ক্রমবর্ধমান আগ্রাসী মনোভাব এবং দক্ষিণ চিন সাগরে চিনের দাবি নিয়া অত্যন্ত বিরক্ত। আসিয়ান সদস্যদেরকে মোদী সরাসরি বলিবার চেষ্টা করিয়াছেন, ভারতের কোনো ভূখণ্ড দখলের মতো উদ্দেশ্য বা উচ্চাকাঙ্খা নাই যাহা তাহাদের অস্বস্তি তৈরি করিতে পারে। তাই দীর্ঘমেয়াদী ক্ষেত্রে ভারত আরও বিশ্বাসযোগ্য কৌশলগত এবং অর্থনৈতিক পার্টনার। এছাড়া ভারত গ্লোবাল সাউথের উদ্বেগ তুলিয়া ধরিবার একটি কণ্ঠস্বর হইয়া ওঠিবার চেষ্টা করিয়াছে এবং তাহাতে যে সবার ফায়দা হইয়াছে , সেটিও বলা হইয়াছে। পূর্বের দেশগুলোর সাথে বাণিজ্যিক গাঁটছড়া বৃদ্ধি পাইয়াছে। গচালিয়ে যেতে হ ইবে।

## টাইমস ম্যাগাজিনের বিশ্বের সেরা ১০০ সংস্থার তালিকায় ভারতের মাত্র ১টি

নয়াদিল্লি, ১৪ সেপ্টেম্বর (হি.স.) : বিশ্বের সেরা কোম্পানির তালিকা প্রকাশ করেছে টাইমস ম্যাগাজিন। টাইমস ম্যাগাজিনের বিশ্বের সেরা ১০০টি সংস্থার মধ্যে রয়েছে ভারতের ইনফোসিস। তালিকায় রয়েছে মাইক্রোসফট, অ্যাপলের মতো সংস্থাও। তবে সবমিলিয়ে ৭৫০টি সংস্থার একটি তালিকা প্রকাশ করেছে টাইমস ম্যাগাজিন। ভারতের মোট ৮টি সংস্থা রয়েছে এই তালিকায়।

একাধিক তথ্যের ভিত্তিতে অনলাইন ডেটা প্ল্যাটফর্ম স্ট্যাটিসটার সঙ্গে যৌথভাবে বিশ্বের সেরা কোম্পানিগুলির একটি তালিকা প্রকাশ করেছে টাইমস ম্যাগাজিন। কোম্পানিগুলোর বার্ষিক আয়ের পাশাপাশি সংস্থার কর্মীদের মতামতের উপর ভিত্তি করেই তৈরি হয়েছে এই তালিকা। সেখানেই প্রথম একশোর মধ্যে জায়গা করে নিয়েছে ইনফোসিস। একমাত্র ভারতীয় সংস্থা হিসাবেই এই তালিকায় রয়েছে নারায়ণমূর্তির কোম্পানি। সব মিলিয়ে ৭৫০টি সংস্থার তালিকা প্রকাশ করেছে টাইমস ম্যাগাজিন। সেখানে রয়েছে উইপ্রো, মাহিন্দ্রা গ্রুপ, রিলায়েন্স ইন্ডাস্ট্রিস। প্রথম ২৫০টি সংস্থার তালিকাতেই রয়েছে এই তিন কোম্পানি। এছাড়াও এইচসিএল টেকনোলজি, এইচডিএফসি ব্যাঙ্কের মতো সংস্থাও। সবমিলিয়ে প্রথম ৭৫০টি কোম্পানির মধ্যে রয়েছে আটটি ভারতীয় কোম্পানি।

প্রসঙ্গত, সদ্যপ্রকাশিত টাইম ১০০ নেক্সট তালিকায় জায়গা করে নিয়েছেন ভারতের হরমনপ্রীত কৌর। আগামী দিনের নেতা হিসাবে ১০০ জনের একটি তালিকা প্রকাশ করেছে টাইমস ম্যাগাজিন। সেখানে বিরাট কোহলি, রোহিত শর্মাদের মতো মহাতারকাদের পিছনে ফেলে জায়গা করে নিয়েছেন হরমন।

## রাশিয়ার দুটি টহল জাহাজে হামলা চালানো হয়েছে, দাবি ইউক্রেনের

কিয়েভ, ১৪ সেপ্টেম্বর (হি.স.) : কৃষ্ণ সাগরে রাশিয়ার দুটি টহল জাহাজে হামলা চালান হয়েছে এবং রাশিয়ার অধিকৃত ক্রিমিয়ায় অত্যাধুনিক একটি ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ধ্বংস করা হয়েছে। এমনটাই দাবি করল ইউক্রেন।

বৃহস্পতিবার মেসেজিং অ্যাপ টেলিগ্রামের একটি পোস্টে ইউক্রেনের সামরিক বাহিনী বলে, তারা কৃষ্ণ সাগরের দক্ষিণ-পশ্চিমের একটি অঞ্চলে দুটি রাশিয়ান টহল জাহাজকে আঘাত করেছে। এতে জাহাজ দুটি নিশ্চিতভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

সামরিক গোয়েন্দা কর্মকর্তা আন্দ্রিয়ে ইয়োসভ সংবাদ মাধ্যমকেকে বলেন, টহল জাহাজ সের্গেই কতভে আঘাত করা হয়েছে। অনলাইনে ইউক্রেন সরাক্রের এক মন্ত্রীর দেওয়া এক ঝাপসা ভিডিও তিনি শেয়ার করেন, যাতে দেখা যায় সাগরে থাকা একটি জাহাজে হামলা চালানো হচ্ছে। সের্গেই কতভ জাহাজটি হামলার শিকার হয়েছে বলে এক বিবৃতিতে জানায় রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়। এতে মন্ত্রণালয় দাবি করে হামলায় জড়িত পাঁচটি সামুদ্রিক ড্রোন প্রতিহত করা হয়েছে। বিবৃতিতে ক্ষয়ক্ষতির বিষয়ে কিছুই বলা হয়নি।

ইউক্রেনের সামরিক বাহিনী বলেছে যে, তারা ক্রিমিয়ার পশ্চিমে ইয়েভপ্যাটোরিয়া শহরের কাছে বৃহস্পতিবার ভোরে দূরপাল্লার এক আক্রমণে রুশ বিমান প্রতিরক্ষা ব্যবস্থাকে আঘাত করেছে।ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বৃহস্পতিবার জাতির উদ্দেশে তার রাতের বার্তায় ক্রিমিয়া হামলার কথা উল্লেখ করেন।

# এক মন্দির, অনেক হিসাব

মাস ছয়েক আগে নৃপেন্দ্র মিশ্র অযোধ্যায় নির্মীয়মাণ রামমন্দির নিয়ে চমকপ্রদ কিছু তথ্য জানিয়েছিলেন। তা হল, রামমন্দিরের চত্বরে আরও সাতটি মন্দির তৈরির সিদ্ধান্ত হয়েছে। এই সাতটি মন্দিরে মহর্ষি বাল্মীকি, শবরী, নিষাদরাজ, অহল্যা, বশিষ্ঠ, বিশ্বকর্মা ও অগস্ত্য মুনির পুজো হবে।

নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী হওয়ার পরে প্রায় সাড়ে পাঁচ বছর তাঁর প্রিন্সিপাল সচিব হিসাবে কাজ করেছিলেন নৃপেন্দ্র।

এখন তিনি অযোধ্যায় শ্রীরামজন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টের মন্দির নির্মাণ কমিটির চেয়ারম্যান। নৃপেন্দ্র জানিয়েছিলেন, প্রধানমন্ত্রীর সঙ্গে রামমন্দির নির্মাণের অগ্রগতির পর্যালোচনা বৈঠকে প্রথম এ বিষয়ে আলোচনা হয়। সেখানে মোদী বলেন, রাম তাঁর ১৪ বছরের বনবাসের সময়ই মর্যাদা পুরুষোত্তম হয়ে উঠেছিলেন। কারণ এই সময়ই তিনি সামাজিক সংযুক্তিকরণের নীতি স্থির করেছিলেন। রামমন্দিরেও এই বার্তা থাকতে হবে। যাতে গোটা দেশের মানুষ রামমন্দিরের সঙ্গে একাত্ম বোধ করেন। নরেন্দ্র মোদীর এই দিশানির্দেশ পেয়েই রামমন্দিরে দক্ষিণ ভারতের মন্দিরের মতো সুউচ্চ, কারুকার্যকরা প্রবেশদ্বার বা গোপুরম তৈরির সিদ্ধান্ত হয়। যেমনটা তামিলনাড়ুর মীনাক্ষী মন্দির বা কেরলের পদ্মনাভস্বামী মন্দিরে দেখা যায়। যাতে উত্তর ভারতের হিন্দি বলয়ের সঙ্গে দক্ষিণ ভারতের মানুষও উত্তরপ্রদেশের রামমন্দিরের সঙ্গে একাত্ম বোধ করেন।

রামমন্দির চত্বরে সাতটি মন্দির তৈরির ভাবনার পিছনে আরও বড় লক্ষ্য কাজ করছে। তা হল, রামমন্দিরের সঙ্গে হিন্দু সমাজের সমস্ত জাত, গোষ্ঠী, শ্রেণির ভাবাবেগকে জড়িয়ে ফেলা। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, উচ্চবর্ণের সঙ্গে দলিত, জনজাতি, অনগ্রসর শ্রেণির মধ্যেও রামমন্দির ঘিরে আবেগ নিশ্চিত করা। দলিতরা বাল্মীকির পুজো করেন। নিষাদরাজের পুজো করেন মাঝি, মাল্লা, কৈবর্ত সম্প্রদায়। নিম্নবর্গের মুশাহার জাতির মানুষ শবরীর পুজো করেন। বশিষ্ঠ ব্রাহ্মণ হলেও বিশ্বামিত্র আদতে ক্ষত্রিয়। বিহারের মানুষ অহল্যার মন্দিরে পুজো দিলে তামিলনাড়ু জুড়ে অগস্ত্যের মন্দির ছড়িয়ে রয়েছে। অযোধ্যায় তারই সমাহার চাইছেন নরেন্দ্র মোদী। মণ্ডল রাজনীতির বিরুদ্ধে বিজেপি-আরএসএস কমণ্ডলুর রাজনীতি শুরু করেছিল। কাঁশীরাম, মুলায়ম সিংহ যাদব, লালু প্রসাদদের দলিত, ওবিসি রাজনীতির মোকাবিলায় জাতপাত নির্বিশেষে গোটা হিন্দু সমাজকে এককাট্টা করে বিজেপি-আরএসএস রামমন্দির আন্দোলন শুরু করেছিল। ১৯৮৯-এ বিশ্ব হিন্দু পরিষদের প্রধান অশোক সিঙ্ঘল বিহারের দলিত যুবক কামেশ্বর চৌপালকে রামমন্দিরের প্রথম শিলান্যাসের জন্য বেছে নিয়েছিলেন। নরেন্দ্র মোদী সেই কামেশ্বরকে রামমন্দির তীর্থক্ষেত্র ট্রাস্টের অন্যতম সদস্য হিসাবে বেছে নিয়েছেন। ২০২৪-এর লোকসভা নির্বাচনের ঠিক আগে আগামী বছর জানুয়ারি মাসে রামমন্দির উদ্বোধনের লক্ষ্য নেওয়া হয়েছে। সেই মন্দির চত্বরে সাতটি মন্দির তৈরি করে মোদী ভোটের আগে হিন্দুত্বের ছাতার তলায় দলিত, জনজাতি, ওবিসি সবাইকেই এককাট্টা করতে চাইছেন।

মুশকিল একটাই। মোদী যখন মণ্ডল বনাম কমণ্ডলু রাজনীতির চূড়ান্ত ফয়সালা করে ফেলতে চাইছেন, তখন ফের মণ্ডল রাজনীতি মাথাচাড়া দিতে চাইছে। নীতীশ কুমার, লালু প্রসাদ-তেজস্বী যাদব, অখিলেশ যাদবরা অনেক দিন ধরেই জাতগণনার দাবি তুলছেন। তাঁদের সঙ্গে এ বার কংগ্রেসও যোগ দিচ্ছে। রাহুল গান্ধী কর্নাটকের বিধানসভা ভোটের আগেই "জিতনি আবাদি, উতনা হক"-এর দাবি তুলেছিলেন। এ বার আগামী সপ্তাহে সংসদের বিশেষ অধিবেশনের আগে সনিয়া গান্ধীও প্রধানমন্ত্রীকে চিঠি লিখে জাতগণনার দাবি তুলেছেন।

অঙ্কটা স্পষ্ট। বিজেপি নরেন্দ্র মোদীর ওবিসি পরিচিতি-কে কাজে লাগিয়ে উচ্চবর্ণের সঙ্গে অন্যান্য অনগ্রসর শ্রেণি বা ওবিসি ভোটও পাকাপাকি ভাবে নিজের ঝোলায় পুরে ফেলতে চাইছে। বিরোধীদের লক্ষ্য, ওবিসি-দের জনসংখ্যা অনুযায়ী সংরক্ষণের দাবি তুলে তাতে বাধা দেওয়া। মণ্ডল কমিশন ওবিসি-দের জন্য ২৭ শতাংশ সংরক্ষণ করেছিল। কারণ তফসিলি জাতি, জনজাতির জন্য মোট ২২.৫ শতাংশ আসন সংরক্ষিত। মোট সংরক্ষিত আসন ৫০ শতাংশের বেশি হতে পারে না। কাজেই মোট সংরক্ষিত আসন ৪৯.৫ শতাংশে বেঁধে রেখে ওবিসি-দের জন্য ২৭ শতাংশ আসন সংরক্ষিত করেছিল মণ্ডল কমিশন। তার সঙ্গে ওবিসি-দের জনসংখ্যার কোনও সম্পর্ক ছিল না। বাস্তবে ওবিসি-দের জনসংখ্যায় ভাগ ৪০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত বলে অনেকের অনুমান। জাতগণনা হলে তা স্পষ্ট হয়ে যাবে। মোদী সরকার জাতগণনার দাবি তো মানেইনি। ২০২১-এ যে জনগণনা হওয়ার কথা ছিল, তা-ও স্থগিত রেখেছে। সম্ভবত জনগণনা হলে তার সঙ্গে জাতগণনার দাবি আরও জোরালো হবে আশঙ্কা করে। বিরোধীরা মনে করছেন, বিজেপি ওবিসি-দের জনসংখ্যা অনুযায়ী সংরক্ষণ দিতে না চাইলে তাদের ক্ষোভের মুখে পড়বে। ওবিসি-দের সংরক্ষণ বাড়াতে গেলে জেনারেল ক্যাটেগরি বা উচ্চবর্ণের ক্ষোভের মুখে পড়বে। প্রশ্ন হল, নরেন্দ্র মোদী কি এই জাতগণনার দাবির মুখে ওবিসি ভোটব্যাঙ্ককে আরও মজবুত করতে রোহিণী কমিশনের রিপোর্টকে হাতিয়ার করবেন? বিরোধী শিবিরের একটা বড় অংশের আশঙ্কা, নরেন্দ্র মোদী তাঁর সরকারের বিরুদ্ধে যাবতীয় নালিশ থেকে নজর ঘোরাতে আগামী সপ্তাহে সংসদের বিশেষ অধিবেশনে রোহিণী কমিশনের রিপোর্ট পেশ করতে পারেন। কমিশনের সুপারিশ মানা হবে কি না, সেটা পরের প্রশ্ন। কিন্তু তা নিয়ে যে জলঘোলা হবে, বিরোধী শিবিরকেও নতুন করে নিজের রণকৌশল ঠিক করতে হবে, তাতে কোনও সন্দেহ নেই।

ছ'বছর আগে অবসরপ্রাপ্ত বিচারপতি জি রোহিণীর নেতৃত্বে কমিশন তৈরি হয়েছিল। সম্প্রতি কমিশন রাষ্ট্রপতির কাছে রিপোর্ট জমা দিয়েছে। তবে তা প্রকাশ করা হয়নি। কমিশনের কাজ ছিল, ওবিসি-দের মধ্যে কোন সম্প্রদায় কতখানি সংরক্ষণের সুবিধা পেয়েছে, তা খতিয়ে দেখা। প্রয়োজনে ওবিসি-দের জন্য ২৭ শতাংশ সংরক্ষিত আসনের মধ্যে নির্দিষ্ট সম্প্রদায়ের জন্য নির্দিষ্ট পরিমাণ সংরক্ষণ বেঁধে দেওয়া প্রয়োজন কি না, তা সুপারিশ করা। অনেকেরই মত, ওবিসি তালিকায় অন্তর্ভুক্ত ২৬০০-র বেশি সম্প্রদায়ের মধ্যে কিছু নির্দিষ্ট প্রভাবশালী সম্প্রদায়ই সংরক্ষণের যাবতীয় সুবিধা ভোগ করছে। ওবিসি সংগঠনগুলির দীর্ঘদিনের অভিযোগ, তাদের মধ্যে ১০ থেকে ১৫টি প্রভাবশালী জাতের মানুষই সংরক্ষিত আসনের ২৫ শতাংশ সুবিধা নিয়ে চলে যাচ্ছে। বাকি ৭৫ শতাংশ ওবিসি, যাঁরা একেবারেই প্রান্তিক, "অত্যন্ত অনগ্রসর শ্রেণি"-র মানুষ, তাঁরা যে পিছিয়ে, সেই পিছিয়েই রয়েছেন। নরেন্দ্র মোদী সামাজিক ন্যায়ের পথে হেঁটে এই প্রান্তিক ওবিসি-দের জন্য সংরক্ষণের বন্দোবস্ত করতে পারেন। কিন্তু তাতে উত্তরপ্রদেশ, বিহারের যাদব, পশ্চিম উত্তরপ্রদেশ, হরিয়ানার জাঠ, কর্নাটকের গৌড়ারা চটে যেতে পারেন, যাঁরা মূলত এসপি, আরজেডি, রাষ্ট্রীয় লোক দল, জেডি(এস)-এর ভোটব্যাঙ্ক। বিজেপি এই ২৫ শতাংশ ওবিসি ভোটব্যাঙ্কের কথা ভুলে গিয়ে ৭৫ শতাংশ অত্যন্ত অনগ্রসর শ্রেণির কথা ভাবতে পারে। তা হলে মোদীকে এই ভোটব্যাঙ্ক নিয়ে আর ভাবতে হবে না। তবে রাজনাথ সিংহ উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী থাকার সময় যাদবদের জন্য সংরক্ষণের উর্ধ্বসীমা বেঁধে দিতে গিয়ে হাত পুড়িয়েছিলেন। বিজেপিকে উত্তরপ্রদেশের ভোটে মুখ থুবড়ে পড়তে হয়েছিল। এখন প্রশ্ন হল, নরেন্দ্র মোদী সেই রাজনৈতিক ঝুঁকি নেবেন কি না? নৃপেন্দ্র মিশ্র বলেছিলেন, নরেন্দ্র মোদী রামায়ণের রামের সামাজিক ন্যায়ের নীতিতে বিশ্বাস করেন। সেই নীতি মানবশরীরের মতো। মানবশরীর খাদ্য থেকে শক্তি গ্রহণ করে। তার পরে শরীরের যে অংশে যেমন প্রয়োজন, সেখানে তেমন ছড়িয়ে দেয়। সংরক্ষণের সুবিধা যাতে সকলে পায়, নরেন্দ্র মোদী কি লোকসভা ভোটের আগে সেই চেষ্টা করবেন? না কি, তাঁর সামাজিক সংযুক্তিকরণ রামমন্দিরের মধ্যে সাতটি মন্দিরের প্রতীকী বার্তাতেই সীমাবদ্ধ থাকবে!

# একটি আণুবীক্ষণিক ভ্রমণ

আবুল বাসার

**গত সংখ্যার পর।।** (বিস্ময়ের ব্যাপার হলো, পরমাণুর সিংহভাগ জায়গাই খালি। আর সব বস্তুই গড়ে ওঠে পরমাণু দিয়ে। তার মানে বেশিরভাগ বস্তুই আসলে ফাঁপা!)

ইলেকট্রন এবং প্রোটন সমপরিমাণ, কিন্তু বিপরীত চার্জ বহন করে। ইলেকট্রনের চেয়ে প্রোটন প্রায় ২ হাজার গুণ ভারী। কাজেই সত্যি বলতে কী, সব ব্যবহারিক ক্ষেত্রে পরমাণুর ভর তার নিউক্লিয়াসের নিউট্রন এবং প্রোটনের মধ্যেই থাকে।

হাইড্রোজেন পরমাণুর ক্ষেত্রে, এর নিউক্লিয়াসে কোনো নিউট্রন থাকে না। কাজেই হাইড্রোজেনের পারমাণবিক কাঠামো অতি সরল। এতে একটা মাত্র প্রোটন এবং একটা মাত্র ইলেকট্রন থাকে। ইলেকট্রনটা প্রোটনের চারপারশে ঘুরপাক খায়। হাইড্রোজেন অণুর মতো হাইড্রোজেন পরমাণুরও নিজস্ব এক বন্ধন শক্তি রয়েছে। হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রন ও প্রোটন পরস্পরের ওপর একটা বল প্রয়োগ করে। সেটাই হাইড্রোজেন পরমাণুর কাঠামোগত স্থিতিশীলতার জন্য দায়ী। এই বন্ধনের শক্তি প্রায় ১৩.৬ ইলেকট্রন ভোল্ট। আমরা যদি হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রনে পর্যাপ্ত শক্তি সরবরাহ করতে পারি, তাহলে এই বন্ধন ধ্বংস বা ভেঙে ফেলা সম্ভব। এভাবে হাইড্রোজেন পরমাণুর গাঠনিক উপাদানগুলোঅর্থাৎ প্রোটন ও ইলেকট্রনকে বিচ্ছিন্ন করে ফেলা যায়।

হাইড্রোজেন গ্যাস উচ্চ তাপমাত্রায় উত্তপ্ত করে কাজটি করা সম্ভব। আমরা দেখেছি, ৫.২শ্র১০৪ কেলভিন তাপমাত্রায় প্রতিটি কণার তাপমাত্রা থাকে প্রায় ৪.৫ ইলেকট্রন ভোল্ট। কাজেই গ্যাসটিকে এই তাপমাত্রার তিনগুণ তাপমাত্রায় বা ১৫.৬শ্র১০৪ কেলভিনে উত্তপ্ত করে, হাইড্রোজেনের প্রোটন ও ইলেকট্রনের মধ্যকার বন্ধন ধ্বংস যায় এবং তাদের আলাদা করা সম্ভব। আসলে এখানে হাইড্রোজেন অণু এবং হাইড্রোজেন পরমাণুকে বিচ্ছিন্ন করতে তাপমাত্রার যে হিসেবে করেছি, তা অতিরঞ্জিত। গ্যাসটি যখন নির্দিষ্ট কোনো তাপমাত্রায় থাকে, তখন এর সব অণুর শক্তি একই থাকে না। বেশিরভাগ অণুর শক্তি, ওই গ্যাসের তাপমাত্রার সঙ্গে সম্পর্কিত। কিন্তু সবসময়ই অতি সামান্য হলেও কিছু না কিছু অণু থেকেই যায়, যাদের তাপমাত্রা গড় শক্তির চেয়ে বেশি। শক্তিগুলোর বিন্যাস বা বন্টনের হিসাব করার সময় দেখা যায়, হাইড্রোজেন অণু বা তার পরমাণু ভাঙার জন্য যে তাপমাত্রা হিসাব করা হয়েছে, তার চেয়ে আসলে কম তাপমাত্রা দরকার। তবে এখানে আমরা যেসব মূল ধারণা অনুসন্ধান করতে চাই, তার জন্য এই সত্যটা প্রাসঙ্গিক নয়।

গ্যাসটা যদি হাইড্রোজেন না হয়ে অন্য কোনো মৌল দিয়ে তৈরি হয়, তাহলে? ধরা যাক, অক্সিজেন, তাহলে কী হবে? অক্সিজেনের একটা পরমাণু আটটি ইলেকট্রন ও একটি নিউক্লিয়াস দিয়ে গঠিত। এই নিউক্লিয়াসে রয়েছে আটটি নিউট্রন ও আটটি প্রোটন। আগেই বলেছি, স্বাভাবিক অবস্থায় একটা পরমাণুর ইলেকট্রনের সংখ্যা আর প্রোটনের সংখ্যা সমান থাকে। তাতে পরমাণুটি বৈদ্যুতিকভাবে চার্জ নিরপেক্ষ হয়। (অক্সিজেন পরমাণুতে যে সমান সংখ্যক প্রোটন ও নিউট্রন থাকে, সেটা নিছক দুর্ঘটনা মাত্র। সাধারণভাবে এই দুটো কণা সমান সংখ্যায় থাকে না।) নিউক্লিয়াসের সঙ্গে ইলেকট্রন বিভিন্ন পরিমাণ শক্তি নিয়ে আবদ্ধ থাকে। যেমন নিউক্লিয়াসের সর্বোচ্চ দূরে থেকে ঘূর্ণনরত ইলেকট্রনগুলো সবচেয়ে কম আকর্ষণ বল অনুভব করে। কাজেই তাদের বন্ধনও তুলনামূলকভাবে দূর্বল। অক্সিজেন পরমাণুতে সর্বোচ্চ দূরে থাকা ইলেকট্রনের বন্ধন শক্তি ১৩.৬ ইলেকট্রন ভোল্ট। বিপরীত দিকে অক্সিজেন পরমাণুর নিউক্লিয়াসের সবচেয়ে কাছের ইলেকট্রনের বন্ধন শক্তি প্রায় ৮৭০ ইলেকট্রন ভোল্ট। কোনো পরমাণুতে বাইরে থেকে শক্তি সরবরাহ করা হলে প্রথমেই বিচ্ছিন্ন হয়ে যায় বাইরের ইলেকট্রনগুলো। বাকি ইলেকট্রনগুলো তখন পরমাণুটিকে ঘিরে থাকে।

নিউক্লিয়াস থেকে ইলেকট্রন বিচ্ছিন্ন করা বা 'পরমাণুকে ছিন্নবিচ্ছিন্ন করা', যাই বলুন না কেন, এই পর্যায়ে নতুন একটা ঘটনা ঘটতে দেখা যায়। স্বাভাবিক পরমাণুতে সমান সংখ্যক প্রোটন ও ইলেকট্রন থাকে। তাই সেটা বৈদ্যুতিকভাবে চার্জহীন বা চার্জ নিরপেক্ষ থাকে। এ ধরনের পরমাণু দিয়ে তৈরি কঠিন, তরল ও গ্যাসও থাকে বৈদ্যুতিকভাবে নিরপেক্ষ। কিন্তু কোনো হাইড্রোজেন পরমাণু থেকে ইলেকট্রন বিচ্ছিন্ন করা হলে পরমাণুটি বৈদ্যুতিকভাবে ধনাত্মক চার্জে পরিণত হয়। কারণ তার নিউক্লিয়াসে তখন ভারসাম্যহীন প্রোটন থাকে। বিচ্ছিন্ন হওয়া ইলেকট্রনটা আসলে ঋণাত্মক চার্জ বহন করত। একইভাবে কোনো অক্সিজেন পরমাণু থেকে দুটো ইলেকট্রন যদি বাইরে পাঠিয়ে দিই, তখন নিউক্লিয়াস দুটো প্রোটনের অতিরিক্ত ধনাত্মক চার্জের কারণে ভারসাম্যহীন অবস্থায় চলে যাবে। এরকম পরমাণু তখন এমন আচরণ করবে, যেন সেটা দুই একক ধনাত্মক চার্জ বহন করছে। সাধারণত একে বলা হয় অক্সিজেন আয়ন (চার্জ নিরপেক্ষ অক্সিজেন পরমাণুর বিপরীতে এটি ধনাত্মকভাবে চার্জিত)। গুবাস্তবে অক্সিজেনের ধনাত্মক আয়ন তৈরি করা খুব কঠিন। অর্থাৎ ইলেকট্রন বের করে দেওয়া খুব কঠিন।ঞ্ল কাজেই কোনো চার্জহীন পরমাণু থেকে দুটো ইলেকট্রন সরিয়ে ফেলা হলে দুই একক ধনাত্মকভাবে চার্জিত আয়ন পড়ে থাকে। এই কারণে পরমাণুর কণাদের বিচ্ছিন্নতা বা পৃথকীকরণকে বলা হয় আয়নাইজেশন বা আয়নকরণ। আয়নাইজেশন প্রক্রিয়ায় বৈদ্যুতিকভাবে চার্জহীন অবস্থা (যেমন কঠিন, তরল বা গ্যাস) থেকে কোনো পদার্থকে বৈদ্যুতিকভাবে চার্জিত অবস্থায় (ধনাত্মক বা ঋণাত্মকভাবে চার্জিত) রূপান্তর করা হয়। পদার্থের এই চতুর্থ অবস্থাকে বলা হয় প্লাজমা। অ্যাস্ট্রোফিজিকস বা জ্যোতিঃপদার্থবিজ্ঞানে গুরুত্বপূর্ণ একটা জায়গা দখল করে আছে প্লাজমা। মহাবিশ্বে সব মৌলের প্রাচুর্যতা সমান নয়। দেখা গেছে, মহাবিশ্বের মোট পদার্থের প্রায় ৯০ ভাগ হাইড্রোজেন এবং ৯ ভাগ হিলিয়াম দিয়ে তৈরি। বাকিটুকু বা মাত্র প্রায় ১ ভাগ তৈরি হয়েছে ১০০টি মৌলে।

৪

পারমাণবিক স্তরে সব পদার্থই প্রোটন, নিউট্রন ও ইলেকট্রন দিয়ে গঠিত। তাই সব পদার্থেরই শ্রেণিবিভাগ করা যায় প্রোটন সংখ্যা দিয়ে (যাকে বলা হয় পারমাণবিক সংখ্যা) এবং নিউক্লিয়াসে নিউট্রন ও প্রোটনের মোট সংখ্যার (যাকে বলা হয় পারমাণবিক ওজন, কারণ এই সংখ্যা আমাদের জানায় যে পরমাণুটি কতটা ভারী) ভিত্তিতে।

প্রতিটি রাসায়নিক মৌলের একটা অনন্য পারমাণবিক সংখ্যা থাকে। শুরু হয় ১ দিয়ে। হাইড্রোজেনের জন্য ১, হিলিয়ামের জন্য ২ ইত্যাদি। মৌলের রাসায়নিক ধর্ম মূলত নির্ধারিত হয় মৌলটির ইলেকট্রন সংখ্যা দিয়ে। সেই সংখ্যাটা অবশ্যই নিউক্লিয়াসে প্রোটনের সংখ্যার সমান। কোনো মৌলের পারমাণবিক ওজন পুরোপুরি অনন্য নয়। যেমন হাইড্রোজেনের কথা ধরা যাক। মৌলটির নিউক্লিয়াসে প্রোটন থাকে একটা মাত্র। সে কারণেই তার পারমাণবিক ওজনে একটা সঙ্গতি দেখা যায়। ডিউটেরিয়াম নামে আরেকটা মৌল আছে, যার নিউক্লিয়াসে একটা প্রোটন ও একটা নিউট্রন থাকে (আর নিউক্লিয়াসের চারপাশে ঘোরে একটা ইলেকট্রন)। স্পষ্টতই ডিউটেরিয়াম এবং হাইড্রোজেন দুটোতেই একই সংখ্যক প্রোটন (এবং ইলেকট্রন) থাকে। তাই তাদের পারমাণবিক সংখ্যা একই। কিন্তু ডিউটেরিয়ামের পারমাণবিক ওজন ২ (কারণ তার নিউক্লিয়াসে একটা প্রোটন এবং একটা নিউট্রন রয়েছে)। অন্যদিকে হাইড্রোজেনের পারমাণবিক ওজন ১।

মৌলের রাসায়নিক ধর্ম নির্ধারিত হয় তার ইলেকট্রন সংখ্যার ভিত্তিতে। সে কারণে ডিউটেরিয়াম এবং হাইড্রোজেনের রাসায়নিক ধর্ম প্রায় একরকম। (উদাহরণ স্বরূপ, ডিউটেরিয়ামের দুটো পরমাণু এবং অক্সিজেনের একটা পরমাণু একসঙ্গে মিলিত হয়ে হেভি ওয়াটার বা ভারী পানি তৈরি করে। একে ঙ্গ২ঞ্জ সংকেত দিয়ে প্রকাশ করা হয়। দুই পরমাণু হাইড্রোজেন যেমন অক্সিজেনের সঙ্গে মিলিত হয়ে সাধারণ পানি বা $H_2O$ তৈরি করে, এটাও সেরকম।) একইভাবে সাধারণ হিলিয়ামের পারমাণবিক সংখ্যা ২ (কারণ এতে দুটি প্রোটন এবং দুটি ইলেকট্রন থাকে) এবং এর পারমাণবিক ওজন ৪ (কারণ এর নিউক্লিয়াসে দুটি প্রোটন ও দুটি নিউট্রন থাকে)। তবে হিলিয়ামের আরেকটি প্রজাতি আছে, যাকে বলা হয় হিলিয়াম-৩। এর পারমাণবিক সংখ্যা ২ (দুটো প্রোটন ও দুটো ইলেকট্রন থাকে) হলেও পারমাণবিক ওজন ৩ (কারণ এর নিউক্লিয়াসে দুটো প্রোটন ও একটা নিউট্রন থাকে)। আবার সাধারণ হিলিয়াম (একে বলে হিলিয়াম-৪) এবং হিলিয়াম-৩-এর রাসায়নিক ধর্ম প্রায় একই। হাইড্রোজেন ও ডিউটেরিয়াম, বা হিলিয়াম-২ ও হিলিয়াম-৪-এর মতো মৌলের এসব প্রজাতিকে বলা হয় আইসোটোপ। একই মৌলের আইসোটোপের রাসায়নিক ধর্ম এক হলেও তাদের পারমাণবিক নিউক্লিয়াস একেবারে আলাদা। তাদের আচরণও ভিন্ন।

পারমাণবিক সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে পরমাণুগুলো ক্রমেই বড় হতে থাকে। সাধারণভাবে জটিল সব ধর্ম দেখাতে শুরু করে। প্রাকৃতিকভাবে উৎপন্ন মৌলগুলোর পারমাণবিক সংখ্যা ১ থেকে ৯২ পর্যন্ত। যেমন অ্যালুমিনিয়ামের পারমাণবিক সংখ্যা ১৩ এবং তার পারমাণবিক ওজন ২৭। এর মানে, অ্যালুমিনিয়ামের একটা পরমাণুতে ১৩টি প্রোটন থাকে (আর অবশ্যই তাতে ১৩টি ইলেকট্রনও থাকে)। আবার যেহেতু মৌলটির পারমাণবিক ওজন ২৭ এবং পারমাণবিক সংখ্যা ১৩, তার মানে মৌলটির নিউক্লিয়াসে অবশ্যই ২৭-১৩গু১৪টি নিউট্রন রয়েছে।

জেনে হয়তো অবাক হবেন, মহাবিশ্বে সব মৌলের প্রাচুর্যতা সমান নয়। দেখা গেছে, মহাবিশ্বের মোট পদার্থের প্রায় ৯০ ভাগ হাইড্রোজেন এবং ৯ ভাগ হিলিয়াম দিয়ে তৈরি। বাকিটুকু বা মাত্র প্রায় ১ ভাগ তৈরি হয়েছে ১০০টি মৌলে। এদের বলা হয় হেভি এলিমেন্ট বা ভারী মৌল। (নিঃসন্দেহে আমাদের পৃথিবীর মতো গ্রহগুলোতে অনেক বেশি ভারী মৌল আছে। তবে মহাজাগতিক প্রাচুর্যতা গণনার ক্ষেত্রে পৃথিবী সাধারণ উদাহরণ নয়।) কোনো পরমাণুর বন্ধন শক্তির মতো তার কাঠামোগত ধর্ম নির্ধারিত হয় নিউক্লিয়াসের প্রোটন এবং তার চারপাশে ঘূর্ণমান ইলেকট্রনের বিদ্যুৎচুম্বকীয় মিথস্ক্রিয়ার মাধ্যমে। এভাবে সব পদার্থের সব ভৌত ও রাসায়নিক ধর্ম চারটি অবস্থায় (কঠিন, তরল, গ্যাসীয় ও প্লাজমা) বিদ্যুৎচুম্বকীয় বল বা ইলেকট্রোম্যাগনেটিক ফোর্স দিয়ে নিয়ন্ত্রিত হয়। তবে পারমাণবিক নিউক্লিয়াসের কাঠামো গঠনে বিদ্যুৎচুম্বকীয় বল প্রধান ভূমিকা পালন করে না। যেমন অ্যালুমিনিয়াম পরমাণুর নিউক্লিয়াসে ১৩টি প্রোটন ও ১৪টি নিউট্রন থাকে। প্রোটনগুলো ধনাত্মকভাবে চার্জিত। আবার একই ধরনের চার্জ পরস্পরকে বিকর্ষণ করে। সে কারণে নিউক্লিয়াসের প্রোটনগুলোকে একত্রে ধরে রাখার মতো যদি কোন বল না থাকত, তাহলে নিউক্লিয়াস ছিন্নবিছিন্ন হয়ে যেত। আসলে নিউক্লিয়াসে বিদ্যুৎচুম্বকীয় বল ছাড়াও আরেকটা বলের অস্তিত্ব রয়েছে। এই বল দুটি পারমাণবিক নিউক্লিয়াসের স্থিতিশীলতার জন্য দায়ী। এসব বলকে বলা হয় স্ট্রং ফোর্স ও উইক ফোর্স (বাংলায় যথাক্রমে শক্তিশালী বল ও দুর্বল বল। সবল পারমাণবিক বল ও দুর্বল পারমাণবিক বল নামেও পরিচিত)। এদের চরিত্র আলাদা। বিদ্যুৎচুম্বকীয় বলের চেয়ে শক্তিশালী বল অনেক শক্তিশালী। নিউক্লিয়াসকে একত্রে বেঁধে রাখতে শক্তি যোগায় এই বল। একটা সাধারণ পারমাণবিক নিউক্লয়াসের একটা বন্ধন শক্তি থাকে, যা ৭ মিলিয়ন ইলেকট্রন ভোল্ট থেকে শুরু করে ৫০০ মিলিয়ন ইলেকট্রন ভোল্ট পর্যন্ত হতে পারে। এরকম নিউক্লিয়ার প্রক্রিয়া বর্ণনা করতে আমরা সংক্ষেপে গুত্রঝ একক ব্যবহার করব। এর মানে এক মিলিয়ন ইলেকট্রন ভোল্ট। বিভিন্ন নিউক্লিয়াসের বন্ধন শক্তি বেশ জটিল পদ্ধতিতে পরিবর্তিত হয়। এখানে দুটি বিষয় স্পষ্ট বোঝা যায়। সামগ্রিকভাবে লোহা পর্যন্ত পারমাণবিক সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে প্রতিটি নিউক্লিয়নের (অর্থাৎ প্রতিটি প্রোটন বা নিউট্রন) বন্ধন শক্তিও বাড়ছে। তারপর তা কমে যাচ্ছে। এভাবে পর্যায় সারণির সবগুলো নিউক্লিয়াসের মধ্যে লোহা হয়ে উঠছে সবচেয়ে স্থিতিশীল মৌল। এখান থেকে ইঙ্গিত পাওয়া যায়, লোহার চেয়ে হালকা মৌলের তুলনায়, লোহার চেয়ে ভারী মৌলগুলোর আচরণ ভিন্ন ভিন্ন হবে। আর সেটা হবে নিউক্লিয়ার বা পারমাণবিক প্রক্রিয়া সম্পর্কিত। এই গড় আচরণ ছাড়াও কিছু নির্দিষ্ট মৌলে উল্লেখযোগ্য ব্যাপার দেখা যায়। যেমন হিলিয়ামের বেশ উচ্চ বন্ধন শক্তিসহ চরমভাবে স্থিতিশীল একটা নিউক্লিয়ার কাঠামো রয়েছে। পারমাণবিক বল তার পারমাণবিক নিউক্লিয়াসের কণাগুলোকে বেঁধে রাখে। তাই এই বলগুলো পরাভূত করে পারমাণবিক নিউক্লিয়াসকে ভেঙে ফেলা সম্ভব। নিউক্লিয়াসের ফিশন এবং ফিউশনের সঙ্গে শক্তির পরিবর্তনও জড়িত। আমরা আগে দেখেছি, বন্ধনের শক্তি বিভিন্ন মৌলতে বিভিন্ন। এ পরিস্থিতিটা হাইড্রোজেন অণু ও হাইড্রোজেন পরমাণুর ক্ষেত্রে আমরা যা করেছি, ঠিক তার মতোই। দুটি অণু বা দুটি পরমাণুর মধ্যে যথেষ্ট উচ্চ গতিতে সংঘর্ষ ঘটালে আণবিক বা পারমাণবিক বন্ধনকে পরাভূত করার মতো পর্যাপ্ত শক্তি সরবরাহ করা যায়। একইভাবে খুব উচ্চ গতিতে দুটো নিউক্লিয়াসকে পরস্পরের সঙ্গে আঘাত করলে পারমাণবিক বলকে পরাভূত করার মতো প্রয়োজনীয় শক্তির যোগান দিতে পারি। ***সমাপ্ত***

# রেল, সড়ক, বিমান ও নৌ পরিবহনকে সামগ্রিক দৃষ্টিভঙ্গি দিয়ে মোকাবেলা করতে হবে : রাষ্ট্রপতি মুর্মু



নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স) : রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু শুক্রবার বলেন, দেশে দক্ষ মাল্টি-মডেল পরিবহন ব্যবস্থার প্রয়োজন। এরজন্য রেল, সড়ক, বিমান ও নৌ পরিবহনকে সামগ্রিক দৃষ্টিকোণ দিয়ে বিষয়টি দেখতে হবে।

ভারতীয় রেলওয়ের ২১৩ পরীক্ষার্থীর একটি দল (২০১৯, ২০২০ এবং ২০২১ ব্যাচ) শুক্রবার রাষ্ট্রপতি ভবনের সাংস্কৃতিক কেন্দ্রে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেছে। পরীক্ষার্থীদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, যেকোনও বাণিজ্যিক সংস্থার বিপরীতে, ভারতীয় রেলওয়ে দেশের সামাজিক লাইফলাইন। এটি সাধারণ মানুষের স্বপ্নপূরণ করে। দেশব্যাপী রেলওয়ে সংযোগ দেশের বৈচিত্র্যকে প্রতিফলিত করে।

রাষ্ট্রপতি এটা জেনে খুশি হয়েছেন যে, ভারতীয় রেলওয়ে তার পরিষেবাগুলিকে আপগ্রেড করছে। রাষ্ট্রপতি আরও বলেন, রেলওয়ের উন্নয়ন দেশের আর্থ-সামাজিক প্রবৃদ্ধিতে বড় ধরনের সহায়তা প্রদান করেছে। রাষ্ট্রপতি সামগ্রিকভাবে পরিবহন বাস্তুতন্ত্রে প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞানার্জনের জন্য কর্মকর্তাদের পরামর্শ দেন।

রাষ্ট্রপতি কর্মকর্তাদের উদ্দেশে বলেন, তাঁদের দেশের মধ্যেকার এবং অন্যান্য দেশের সেরা অনুশীলনগুলি অধ্যয়ন করে তা গ্রহণ করা উচিত। দেশে দক্ষ মাল্টি-মডেল পরিবহন ব্যবস্থার প্রয়োজন, যারজন্য রেল, সড়ক, বিমান এবং নৌ পরিবহনকে বিচ্ছিন্নভাবে নয় বরং সামগ্রিক পদ্ধতির সাহায্যে মোকাবিলা করা উচিত।

## রাশিয়ার দুটি টহল জাহাজে হামলা চালানো হয়েছে, দাবি ইউক্রেনের

কিয়েভ, ১৪ সেপ্টেম্বর (হি.স.) : কৃষ্ণ সাগরে রাশিয়ার দুটি টহল জাহাজে হামলা চালান হয়েছে এবং রাশিয়ার অধিকৃত ক্রিমিয়ায় অত্যাধুনিক একটি ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ধ্বংস করা হয়েছে। এমনটাই দাবি করল ইউক্রেন।

বৃহস্পতিবার মেসেজিং অ্যাপ টেলিগ্রামের একটি পোস্টে ইউক্রেনের সামরিক বাহিনী বলে, তারা কৃষ্ণ সাগরের দক্ষিণ-পশ্চিমের একটি অঞ্চলে দুটি রাশিয়ান টহল জাহাজকে আঘাত করেছে। এতে জাহাজ দুটি নিশ্চিতভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

সামরিক গোয়েন্দা কর্মকর্তা আন্দ্রিয়ে ইয়োসভ সংবাদ মাধ্যমকেকে বলেন, টহল জাহাজ সের্গেই কতভে আঘাত করা হয়েছে। অনলাইনে ইউক্রেন সরাক্রের এক মন্ত্রীর দেওয়া এক ঝাপসা ভিডিও তিনি শেয়ার করেন, যাতে দেখা যায় সাগরে থাকা একটি জাহাজে হামলা চালানো হচ্ছে।

সের্গেই কতভ জাহাজটি হামলার শিকার হয়েছে বলে এক বিবৃতিতে জানায় রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়। এতে মন্ত্রণালয় দাবি করে হামলায় জড়িত পাঁচটি সামুদ্রিক ড্রোন প্রতিহত করা হয়েছে। বিবৃতিতে ক্ষয়ক্ষতির বিষয়ে কিছুই বলা হয়নি।

ইউক্রেনের সামরিক বাহিনী বলেছে যে, তারা ক্রিমিয়ার পশ্চিমে ইয়েভপ্যাটোরিয়া শহরের কাছে বৃহস্পতিবার ভোরে দূরপাল্লার এক আক্রমণে রুশ বিমান প্রতিরক্ষা ব্যবস্থাকে আঘাত করেছে।

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বৃহস্পতিবার জাতির উদ্দেশে তার রাতের বার্তায় ক্রিমিয়া হামলার কথা উল্লেখ করেন।

# লিবিয়ায় ভয়াবহ বন্যায় মৃত বেড়ে ১১,৩০০, এখনও নিখোঁজ ১০ হাজারের বেশি মানুষ



ত্রিপোলি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): যেদিকে চোখ যায় এখনও শুধুই ধ্বংসলীলা, থামছে না মৃতদেহ উদ্ধার। ঘরবাড়ির ধ্বংসস্তূপ, কাদাজল, রাস্তাঘাটে পড়ে রয়েছে মৃতদেহ। লিবিয়ায় ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ১১ হাজার ৩০০-তে পৌঁছেছে। শুক্রবার পর্যন্ত নিখোঁজ ১০ হাজারের বেশি মানুষ। পূর্বাঞ্চলীয় শহর ডারনা থেকে ত্রাণ এবং উদ্ধারকারী দল আরও মৃতদেহ উদ্ধার করেছেন। ফলে মৃতের সংখ্যা আরও বাড়ার আশঙ্কা করা হচ্ছে।

ত্রিপোলির স্বাস্থ্য মন্ত্রকের অবর সচিব সাদেদিন আবদুল ওয়াকিল মৃতের সংখ্যা নিশ্চিত করেছেন।ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেড ক্রস অ্যান্ড রেডক্রিসেন্ট সোসাইটির মতে, বন্যা কবলিত এলাকায় প্রায় ৪০ হাজারের বেশি মানুষ গৃহহীন। এখনও নিখোঁজ কমপক্ষে ১০ হাজার মানুষ।

গত ৪ সেপ্টেম্বর গ্রিসের উপকূলে ভূমধ্যসাগরের উপর তৈরি হয়েছিল ঝড় 'ড্যানিয়েল'। এর ফলে ৫ এবং ৬ সেপ্টেম্বর গ্রিসে রেকর্ড বৃষ্টিপাত ঘটে। গ্রিসের জাগোরা গ্রামের একটি অংশে ২৪ ঘণ্টার মধ্যে ৭৫০ মিলিমিটার বৃষ্টিপাত হয়। যা প্রায় ১৮ মাসের বৃষ্টিপাতের সমতুল্য। থেসালি, মধ্য গ্রিসের অনেক অংশে ২৪ ঘণ্টায় ৪০০ থেকে ৬০০ মিমি বৃষ্টিপাত হয়। প্রবল বৃষ্টির ফলে গ্রিসে ১৫ জনের প্রাণহানি হয়। 'ড্যানিয়েল' ক্রমে শক্তি সঞ্চয় করে লিবিয়ার দিকে অগ্রসর হয় এবং ক্রমে 'মেডিকেন' (মেডিটেরানিয়ান হারিকেন)-এ পরিণত হয়।

'মেডিকেন'-এ গ্রীষ্মমণ্ডলীয় ঘূর্ণিঝড় এবং মধ্য-অক্ষাংশের ঝড়ের কিছু বৈশিষ্ট্য দেখা যায়। এই ঝড় সাধারণত সেপ্টেম্বর এবং জানুয়ারির মধ্যে তৈরি হয়। লিবিয়ার জাতীয় আবহাওয়া কেন্দ্র জানিয়েছে, ১০ সেপ্টেম্বর তীব্রতর হয় 'ড্যানিয়েল'। এর ফলে দেশের বিভিন্ন অংশে ১৫০ থেকে ২৪০ মিলিমিটার বৃষ্টি হয়েছে। যার ফলে হড়পা বানের সৃষ্টি হয়েছে। সব চেয়ে বেশি হয়েছে লিবিয়ার আল-বায়দাতে। সেখানে ১০ সেপ্টেম্বর থেকে ১১ সেপ্টেম্বরের মধ্যে ২৪ ঘণ্টায় ৪০০ মিলিমিটারেরও বেশি বৃষ্টিপাত হয়েছে।

গত রবিবার ভয়ঙ্কর শক্তি নিয়ে 'ড্যানিয়েল' আছড়ে পড়ে লিবিয়ার উপকূলে। 'ড্যানিয়েল'-এর তাণ্ডবে লন্ডভন্ড হয়ে গিয়েছে আল-বায়দা, আল-মার্জ, তোবরুক, বাতাহ-র মতো বেশ কিছু শহর। তবে এদের মধ্যে সবচেয়ে ভয়াবহ অবস্থা ডারনা এবং বেনগাজির। প্রবল বৃষ্টি এবং হড়পা বানের ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হয়ে লিবিয়ার শহর ডারনা।

ডারনায় বেশ কয়েকটি নদীবাঁধ রয়েছে। ঝড়ের তাণ্ডবে তিনটি বাঁধ ভেঙে যাওয়ায় জলের তোড়ে ভাসিয়ে নিয়ে একেবারে সমুদ্রে নিয়ে ফেলেছে বহু বসতি। আর তার জেরেই বহু মানুষের মৃত্যু হয়েছে। নিখোঁজ এখনও ১০ হাজারের বেশি মানুষ।

## বাংলার ফুটবল নিয়ে মাদ্রিদে মউ, অ্যাকাডেমি গড়বে লা লিগা

মাদ্রিদ, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : কলকাতার ফুটবলে জুড়তে চলেছে তিতিতাকার গরিমা। স্প্যানিশ ফুটবলের ছোয়া লাগতে চলেছে বাংলার ময়দানে।

বিশ্ব ফুটবলে অন্যতম গুরুত্বপূর্ণ নাম লা লিগার প্রেসিডেন্ট হাবিয়ার তেভাজের সঙ্গে বৃহস্পতিবার বৈঠক করলেন মুখ্যমন্ত্রী। আর সেই বৈঠকে পশ্চিমবঙ্গ সরকার এবং লা লিগার মধ্যে মউ স্বাক্ষরিত হয়। আগামিদিনে বাংলার ফুটবলের উন্নয়নে কাজ করবে লা লিগা। লা লিগার সাহায্যে বাংলায় তৈরি হবে ফুটবল অ্যাকাডেমি। বাংলার ফুটবলের জন্য মুখ্যমন্ত্রীর এই পদক্ষেপ অত্যন্ত ভালো বলে মনে করছে বিশেষজ্ঞ মহলের একাংশ। বাংলার ফুটবলের প্রশংসা করেন লা লিগার প্রেসিডেন্ট তেফাজ। স্প্যানিশের তাঁর বক্তব্যের নির্যাস কিছুটা এরকম, 'আমরা জানি, সারা ভারতের মধ্যে বাংলায় সবচেয়ে বেশি ফুটবল সমর্থক আছেন। বাংলায় প্রতিভার কোনও অভাব নেই। ভারতীয় ফুটবলের সেরা কিছু খেলোয়াড় উঠে এসেছেন এখান থেকেই। আমরা বাংলার ফুটবলের উন্নতিতে কাজ করতে চাই। সেই লক্ষ্যে আমরা একটা মউ সই করেছি।'

তিনি বলেন, 'ফুটবলের উন্নতির জন্য বিভিন্ন ক্লাব এবং রাজনৈতিক নেতৃত্বগুলির সম্মিলিত প্রয়াস প্রয়োজন। শুধু ভারত নয় এই একই পদ্ধতি গোটা পৃথিবীর ক্ষেত্রেই প্রযোজ্য। আমি নিশ্চিত, পশ্চিমবঙ্গে সেই দুটোই রয়েছে। লা লিগা বাংলার ফুটবলের উন্নতির অংশ হতে চায় চায়। আপনারা যে আমাদের উপর আস্থা রাখছেন তার জন্য ধন্যবাদ। আমরা শীঘ্রই একসঙ্গে কাজ শুরু করব।"

## টেট-নির্দেশ না মানায় পর্ষদকর্তাকে জরিমানার নির্দেশ জারি বিচারপতির

কলকাতা, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : তিন মাসেও আদালতের নির্দেশ কার্যকর করেননি প্রাথমিক শিক্ষা পর্ষদের ডেপুটি সেক্রেটারি। তাই প্রাথমিক শিক্ষা পর্ষদের ডেপুটি সেক্রেটারিকে পাঁচ হাজার টাকা জরিমানা দেওয়ার নির্দেশ দিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। শুক্রবার কলকাতা হাই কোর্টে এই মামলার শুনানিতে বিচারপতি গঙ্গোপাধ্যায়ের পর্যবেক্ষণ, তিন মাস ধরে একটা নির্দেশ কার্যকর করতে পারলেন না ডেপুটি সেক্রেটারি। তাই তাঁকে ওই পদ থেকে সরিয়ে দেওয়া উচিত। বা তাঁর বিরুদ্ধে অন্য পদক্ষেপ নেওয়া উচিত।

বিচারপতি এ-ও জানিয়েছেন যে, নিজের পকেট থেকে জরিমানার অর্থ দিতে হবে ডেপুটি সেক্রেটারিকে। ২০১৪ সালের প্রাথমিকের টেট পরীক্ষায় ছ'টি প্রশ্ন ভুল ছিল।

পরে আদালত ওই ছ'টি প্রশ্নের জন্য পরীক্ষার্থীদের নম্বর দিয়ে দেওয়ার নির্দেশ দেয়। কিন্তু এক পরীক্ষার্থী আদালতের দ্বারস্থ হয়ে জানান, তিনি ওই ছ'নম্বর পাননি। ওই নম্বর পেলে তিনি টেট উত্তীর্ণ হতে পারবেন বলেও জানিয়েছিলেন ওই পরীক্ষার্থী।

আদালত ওই পরীক্ষার্থীর নথি যাচাই করে ওই নম্বর দিয়ে দেওয়ার নির্দেশ দেয়। কাজটি শেষ করার সময়সীমাও বেঁধে দেয়। কিন্তু নির্দিষ্ট সময় পেরিয়ে গেলেও আদালতের নির্দেশ কার্যকর হয়নি। শুক্রবার এই মামলার শুনানিতে, আদালতের নির্দেশ কার্যকর করার না জন্য প্রাথমিক শিক্ষা পর্ষদের কর্তাকে জরিমানা দেওয়ার নির্দেশ দিল উচ্চ আদালত।

## ১১ দিনের পুজো নিয়ে হুগলির কোন্নগরের চক্রবর্তীর ব্যস্ততা বাড়ছে

হুগলি, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : স্বপ্নাদেশ পেয়ে শুরু হয়েছিল পুজো। এবছর ৭৭ তম বর্ষে পা দেবে হুগলির কোন্নগরের চক্রবর্তী বাড়ির দুর্গা পুজো। প্রাচীন রীতি মেনে আজও মহালয়ের পরদিই হয় পুজো। তার পর দশমীতে বিসর্জন।

হুগলি জেলার কোন্নগরের চক্রবর্তী বাড়ির গৃহকর্তা নলিনীকান্তি চক্রবর্তী স্বপ্নাদেশ পেয়েছিলেন। দেবী দুর্গা তাঁর হাতে পূজিত হতে চেয়েছিলেন। তার পরই মা দুর্গার পুজো শুরু চক্রবর্তী বাড়িতে। নলিনীকান্তি চক্রবর্তী নিজেই ছিলেন পুরোহিত। এই পুজোর ঐতিহ্য সম্পর্কে পরিবারের সদস্য শুভায়ন চক্রবর্তী জানান, তাঁর দাদু স্বপ্নাদেশ পান যে বাড়িতে মায়ের পুজো করতে হবে।

সেই মতো বাড়িতে শুরু হয় দুর্গা পুজো।

মহালয়ার পরদিনেই পুরো পুজো সম্পন্ন হয়। দশমীর দিন ঘট বিসর্জন করা হয় গঙ্গায়। চক্রবর্তী বাড়ির প্রতিমাতেও রয়েছে বিশেষত্ব। তাঁদের প্রতিমা কষ্টি পাথরের। ফলে তা ভাসান দেওয়া হয় না। তবে প্রত্যেক বছর মা দুর্গা নতুন করে সাজেন। এখানে মা দুর্গা একাই থাকেন। থাকে না কার্তিক, গণেশ, লক্ষ্মী, সরস্বতী।

সমস্ত নিয়ম মেনে ভোগপ্রসাদ ও যজ্ঞের মাধ্যমে সম্পন্ন হয় পুজো। এই পুজোর আরও একটি প্রাচীন রীতি হল দেবীকে গান শোনানো। কথিত রয়েছে, দেবী নাকি গান শুনতে ভালবাসেন।

তাই মহালয়ার পর থেকে প্রতিদিন নিয়ম মেনে পরিবারের সদস্যরা নিজের গলায় গান শোনান দেবীকে। এই পুজোকে কেন্দ্র করে মেতে ওঠেন চক্রবর্তী পরিবারের সদস্যরা।

## গঙ্গারামপুরে গ্যাস সিলিন্ডার ফেটে ভয়াবহ আগুন দোকানে

গঙ্গারামপুর, ১৫ সেপ্টেম্বর (হি.স.) : দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুর শহরের ৫১২ নম্বর জাতীয় সড়কের ধারে ফুটবল মাঠ সংলগ্ন এলাকায় গ্যাস সিলিন্ডার ফেটে ভয়াবহ আগুন লাগে মিষ্টির দোকানে। শুক্রবার দুপুরে ঘটনাটি ঘটেছে। ঘটনার জেরে বেশ কয়েকজন অসুস্থ হয়ে পড়েছেন বলে প্রাথমিক সূত্রে খবর।

জানা গিয়েছে, ওই এলাকায় বৈদ্যনাথ ঘোষের বহুদিনের পুরোনো একটি মিষ্টির দোকান রয়েছে। প্রতিদিনের মত এদিন মিষ্টির ছানা তৈরির জন্য দুধ ফুটোনোর কাজ চলছিল। হঠাৎ গ্যাস সিলিন্ডারে আগুন লেগে যায়। মুহূর্তের মধ্যে দাউ দাউ করে জ্বলে ওঠে আগুন। ছড়িয়ে পড়ে আশপাশের দুটি দোকানে। একের পর এক গ্যাস সিলিন্ডার ফাটতে থাকে। খবর দেওয়া হয় দমকলে। দমকলের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে দীর্ঘক্ষণের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। যদিও দমকল দেরিতে আসায় স্থানীয় বাসিন্দারা ক্ষুব্ধ হয়ে ৫১২ নম্বর জাতীয় সড়কে ব্যারিকেড ফেলে অবরোধ শুরু করে। এরপর গঙ্গারামপুর থানার বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে পৌঁছে অবরোধ তুলে নেয়।

# কংগ্রেসের বিরুদ্ধে তীব্র আক্রমণ অনুরাগের, বললেন কেউ কেউ হিন্দুত্বের অস্তিত্ব মুছে দিতে চাইছে



উদয়পুর, ১৫ সেপ্টেম্বর (হি.স.): কংগ্রেসের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। শুক্রবার রাজস্থানের উদয়পুরে এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর বলেছেন, কিছু মানুষ ""''মোহাব্বত কা দুকান"" খুলতে গিয়েছিল, পরিবর্তে তাঁরা ""''বিদ্বেষের মেগা মল"" তৈরি করেছে। কেউ কেউ হিন্দুদের অস্তিত্ব মুছে ফেলতে চায় এবং ""''সনাতন ধর্ম""'কে চূর্ণবিচূর্ণ করতে চায়।' কংগ্রেস শাসিত রাজ্যে পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, 'বিরোধী শাসিত রাজ্যগুলি নিজেদের রাজ্যে ভ্যাট আরোপ করেছে। যদিও বিজেপি শাসিত রাজ্যগুলি ভ্যাট কমিয়েছে। রাজস্থানে পেট্রোল সবচেয়ে দামি। রাজস্থানের মামুষজন পেট্রোল কিনতে নিজেদের সীমান্ত অতিক্রম করেন।'

## কোতোয়ালি নদীতে আটকে পড়ল হরিদ্বারগামী নেপাল মৈত্রী বাস, উদ্ধার করা হয়েছে যাত্রীদের

হরিদ্বার, ১৫ সেপ্টেম্বর (হি.স) : উত্তরপ্রদেশের কোতোয়ালি নদীর জলের উচ্চতা বেড়ে রোডওয়েজের আটকে পড়ল হরিদ্বারগামী নেপাল মৈত্রী বাস। বাসে আটকে পড়েন কয়েক ডজন যাত্রী। খবর পেয়ে উত্তরপ্রদেশ পুলিশ, উত্তরাখণ্ড পুলিশ এবং এসডিআরএফের দল পৌঁছে যাত্রীদের উদ্ধার করে।

শুক্রবার সকাল ৬টা নাগাদ চিদিয়াপুর সীমান্তের কাছে কোতোয়ালি নদীর মাঝপথে যাত্রী বোঝাই নেপাল মৈত্রী বাসটি আটকে পড়ে।

গভীর রাত থেকে বৃষ্টির কারণে নদী হঠাৎ ফুলে উঠায় এই বিপত্তির সৃষ্টি হয়েছে। বাসটি হরিদ্বারের উদ্দেশে আসছিল। হঠাৎই বিজনৌর-হরিদ্বার সড়কে বাসটি রাস্তার পাশে আটকে গিয়ে থেমে যায়। বাসটি উল্টে গেলে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারত। খবর পেয়ে উত্তরপ্রদেশ পুলিশ, উত্তরাখণ্ড পুলিশ এবং এসডিআরএফের দল পৌঁছে যাত্রীদের উদ্ধার করে।

পুলিশ আধিকারিকরা জানিয়েছেন, বাসটি নেপাল থেকে হরিদ্বারে আসছিল। মাঝ নদীতে বাসটি আটকে যাওয়ায় যাত্রীদের মধ্যে হৈচৈ পড়ে যায়। অনেক চেষ্টার পর উত্তরপ্রদেশ পুলিশ, শ্যামপুর থানার পুলিশ এবং এসডিআরএফের টিম বাস যাত্রীদের নিরাপদে উদ্ধার করে।জেসিবি ও সেতুর ওপর ক্রেন বসিয়ে বাসটিকে বের করে যাত্রীদের বাস থেকে বাইরে আনা হয়।

## মমতার বিদেশ সফরকে ফের বিদ্ধ করলেন তথাগত রায়

কলকাতা, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : সপারিষদ মমতা বন্দ্যোপাধ্যায়ের বিদেশ সফরকে ফের বিদ্ধ করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

শুক্রবার তিনি এক্স হ্যাণ্ডেলে লিখেছেন, "ফুটবল খেলবার জন্য যদি একপাল চটিচাটাকে বগলে নিয়ে সাধারণ মানুষের টাকায় স্পেনে বেড়াতে গিয়ে থাকেন তাহলে সেকথা বলে দিলেই হয়! লগ্নী টানার ভড়ং কেন করা ? করার কারণ, ওর গুরু জ্যোতি বোস এইটাই করত। লগ্নী টানার ভড়ং করে বিদেশ গিয়ে ফুর্তি করত। সাধে কি বলি, সিপিএমের মেধাবী ছাত্রী ?

বৈদেশিক সম্পর্ক পুরোপুরি কেন্দ্রীয় বিষয়, এতে কোন রাজ্যের মুখ্যমন্ত্রীর কোন এক্তিয়ার নেই। তাই মোদীজির বিদেশ সফর, এবং অন্যান্য রাষ্ট্রপ্রধানদের সঙ্গে আলোচনা করা, ভারতের সপক্ষে তাদের সমর্থন আদায় করার সঙ্গে মমতার স্পেনে প্রমোদভ্রমণের তুলনা করা গর্দভসুলভ কাজ। অথবা মতলববাজি।"

## নিয়োগে অনিয়মের অভিযোগ হাইকোর্টের নির্দেশে খারিজ

কলকাতা, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : রাজ্যে ফুড ইনস্পেক্টর পদে নিয়োগ নিয়ে মামলায় কোনও হস্তক্ষেপ করল না হাইকোর্ট। বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি সাব্বার রশিদির ডিভিশন বেঞ্চের বক্তব্য, সংরক্ষিত কোটায় চাকরিতে পাবলিক সার্ভিস কমিশন কোনও বাড়তি সুযোগ দেয়নি। ফলে সাধারণ কোটা ও সংরক্ষিত আসনে যে যে ভাবে চাকরি করছেন, সেখানে আদালত হস্তক্ষেপ করবে না। হাইকোর্টের এই নির্দেশের ফলে স্যাট-এর নির্দেশ খারিজ হয়ে গেল।

২০১৮ সালে রাজ্যের বিভিন্ন জেলায় সাধারণ ও সংরক্ষিত আসনে ৩০২৪ জনকে ফুড ইনস্পেক্টর হিসেবে নিয়োগের বিজ্ঞপ্তি জারি হয়। স্যাট-এ মামলা করে কয়েক জন প্রার্থী অভিযোগ করেন, বেনিয়ম হয়েছে ওই নিয়োগে। অভিযোগ ছিল, সাধারণ আসনে সংরক্ষণের আওতায় থাকা প্রার্থীদের নিয়োগ করা হয়েছে। স্যাট সেই অভিযোগে মান্যতা দিয়ে প্যানেল রিভিউ করে নিয়োগের নির্দেশ দেয়। সেই রায় হাইকোর্টে চ্যালেঞ্জ করেছিল রাজ্য। হাইকোর্ট সব খতিয়ে দেখে রায় দিয়েছে।

## আলিপুরদুয়ারে ধারালো অস্ত্র দিয়ে খুন ব্যক্তিকে, অভিযুক্ত গ্রেফতার

আলিপুরদুয়ার, ১৫ সেপ্টেম্বর (হি.স.) : আলিপুরদুয়ার-১ নম্বর ব্লকের পাটকাপাদা চা বাগানের কদমতলা এলাকায় বৃহস্পতিবার গভীর রাতে ধারালো অস্ত্র দিয়ে খুন করা হয়েছে এক ব্যক্তিকে। নিহতের নাম শিবচরণ মুন্ডা বলে জানা গেছে। ঘটনার জেরে পাটকাপাড়া এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। খুনের অভিযোগে এক যুবককে গ্রেফতার করেছে আলিপুরদুয়ার থানার পুলিশ। ধৃত যুবকের নাম কাজল বলে জানা গেছে। এখানে, আলিপুরদুয়ার থানার পুলিশ ঘটনার পরে ঘটনাস্থলে পৌঁছে দেহটি উদ্ধার করে, ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে এবং ঘটনার তদন্ত শুরু করেছে।

## ধানবাদ বোমা বিস্ফোরণ

রামগড়, ১৫ সেপ্টেম্বর (হি.স.) : ঝাড়খন্ডের ধানবাদ জেলার তোপচাঁচি থানা এলাকায় বোমা বিস্ফোরণের ঘটনায় প্রধান অভিযুক্ত গুড়িয়া দেবীকে রামগড় থেকে গ্রেফতার করা হয়েছে। শুক্রবার ধানবাদ পুলিশ এবং রামগড় পুলিশ যৌথভাবে অভিযান চালিয়ে গুড়িয়া দেবীকে গ্রেফতার করে। বিষয়টি নিশ্চিত করে ধানবাদের তোপচাঁচি থানার উপ-পরিদর্শক রাকেশ কুমার গুপ্তা জানান, ৮ জানুয়ারি বাজারে একটি বাইকে ডেটোনেটর রেখে বিস্ফোরণ ঘটানো হয়, যাতে ৬ জন আহত হয়। বিস্ফোরণ ঘটানোর সময় অভিযুক্ত পিন্টু ভার্নওয়ালও আহত হয়েছেন। পিন্টু ভার্নওয়ালও ইতিমধ্যেই এই ষড়যন্ত্রে তাঁর স্ত্রী গুড়িয়া দেবীকে অন্তর্ভুক্ত করেছিলেন।

# মেট্রোয় আবার যান্ত্রিক বিভ্রাট, যাত্রী ভোগান্তি



কলকাতা, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : কলকাতা মেট্রোয় আবার বিপত্তি! যান্ত্রিক গোলযোগের কারণে শুক্রবার সকালে থমকে গেল মেট্রোর চাকা।

গিরিশ পার্ক থেকে ময়দান পর্যন্ত মেট্রো বন্ধ দাকলেও গিরিশ পার্ক এবং দক্ষিণেশ্বরের মধ্যে মেট্রো পরিষেবা চালু ছিল। অন্য দিকে, ময়দান থেকে কবি সুভাষ পর্যন্তও পরিষেবা চালু ছিল। সব মিলিয়ে দুর্ভোগে পড়েন যাত্রীরা।

কলকাতা মেট্রোর মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, পার্ক স্ট্রিট এবং এসপ্ল্যানেড স্টেশনের মধ্যে যান্ত্রিক গোলযোগের কারণে গিরিশ পার্ক এবং ময়দানের মধ্যে মেট্রো পরিষেবা বন্ধ রাখা হয়েছে। যার জেরে সমস্যায় পড়েন নিত্যযাত্রীরা।

সূত্রের খবর, সমস্যার পরে ময়দান থেকে দক্ষিণেশ্বরের উদ্দেশে প্রথম মেট্রো ছাড়ে বেলা ১২টা ৬ মিনিটে। অন্যদিকে গিরীশ পার্ক থেকে কবি সুভাষের উদ্দেশে মেট্রো ছাড়ে বেলা ১২টা ১০ মিনিটে। কিন্তু পরিস্থিতি পুরো স্বাভাবিক হতে আরও বেশ কিছুটা সময় কেটে যায়।

# কাজের সন্ধান

## রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে অফিস স্টাফ ড্রাইভার, হেল্পার, জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ত্রিপুরা সরকারের অধীনে বিভিন্ন দপ্তরে, বিশেষ করে বন দপ্তর, টিআইডিসি সহ অন্যান্য বিভাগে অফিস স্টাফ, ড্রাইভার, মাল্টিপারপাস হেল্পার, জুনিয়র ইঞ্জিনিয়ার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। নিয়োগ হবে অনুমোদিত সোসাইটি 'সফেদ'-এর মাধ্যমে। শূন্যপদ ঃ ৪৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম মান পাশ থেকে ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে। যদিও এই নিয়োগের পুরো দায়িত্ব 'সফেদ' অর্থাৎ সোসাইটি ফর এন্টারপ্রেনারশীপ ডেভেলপমেন্ট-এর হাতে। বিজ্ঞপ্তি নম্বরঃ নং এসইডি/ ইএসটিটি/ ওএসসি (ওয়েস্ট) ১(১৪৯)/ ২০২৩/ ১৩৫২ তারিখ ১১-০৯-২০২৩ সেহামূলে 'সফেদ'-এর মেম্বার সেক্রেটারি কর্তৃক প্রদত্ত বিজ্ঞপ্তিতে এই শূন্যপদের কথা জানিয়ে দরখাস্ত আহ্বান করা হয়েছে। মোট কথা, ত্রিপুরা সরকারের অধীনে বিভিন্ন দপ্তরে, বিশেষ করে বন দপ্তর, টিআইডিসি সহ অন্যান্য বিভাগে অফিস স্টাফ, ড্রাইভার, মাল্টিপারপাস হেল্পার, জুনিয়র ইঞ্জিনিয়ারপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম মান পাশ থেকে ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং আবশ্যকীয় অভিজ্ঞতার পাশাপাশি, ১৮-০৯-২০২৩ তারিখের হিসেবে নির্দিষ্ট বয়সের সীমারেখায় থাকলে অনলাইনে দরখাস্ত জমা করতে পারেন, এঁদের নির্দিষ্ট ওয়েবসাইটে লগ্ অন করে।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ ইত্যাদির মাধ্যমে, পুরোপুরি মেরিট ভিত্তিতে। পরীক্ষার দিনক্ষণ ও স্থান স্থির হয়নি। নির্ধারিত সময়ে এঁদের ওয়েবসাইটে অথবা কল লেটারে সমস্ত কিছু জানানো হবে। এসএমএস-এ কল লেটারের কথা জানানো হলে তা ডাউনলোড করে নিলেই সমস্ত তথ্য জেনে নেওয়া যাবে। দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের নিজস্ব ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে প্রয়োজনে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ১৮ সেপ্টেম্বরের মধ্যে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। প্রয়োজনে সেগুলো আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন নির্দিষ্ট সময় পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্ট অর্থাৎ ইউপিআই/ নেট ব্যাঙ্কিং-এ পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন প্রসেসিং ফি বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের ২ কপি প্রিন্ট-আউট নিয়ে নেবেন। কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন।

শূন্যপদগুলি হল — আইটেম নং - ১ ঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) - শূন্যপদ ৪টি। এর মধ্যে এসসি ও এসটি'র জন্য ১টি করে পদ সংরক্ষিত। অবশিষ্ট ২টি পদ অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ৩০,০০০ টাকা। আইটেম নং - ২ ঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিকেল) - শূন্যপদ ২টি। এর মধ্যে এসটি'র জন্য ১টি পদ সংরক্ষিত। অপর পদটি অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ৩০,০০০ টাকা। আইটেম নং - ৩ ঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেকট্রিকেল) - শূন্যপদ ২টি। এর মধ্যে এসটি'র জন্য ১টি পদ সংরক্ষিত। অপর পদটি অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ৩০,০০০ টাকা। আইটেম নং - ৪ ঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (ইনফরমেশন টেকনোলজি) - শূন্যপদ ১টি। পদটি অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ৩০,০০০ টাকা। আইটেম নং - ৫ ঃ একাউন্ট্যান্ট - শূন্যপদ ১টি। পদটি অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ২৫,০০০ টাকা। আইটেম নং - ৬ ঃ একাউন্টস অ্যাসিস্ট্যান্ট - শূন্যপদ ৪টি। এর মধ্যে এসসি ও এসটি'র জন্য ১টি করে পদ সংরক্ষিত। অবশিষ্ট ২টি পদ অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ১৭,০০০ টাকা। আইটেম নং - ৭ ঃ সার্ভেয়ার - শূন্যপদ ১টি। পদটি অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ২০,০০০ টাকা। আইটেম নং - ৮ ঃ অফিস সাপোর্ট স্টাফ - শূন্যপদ ৪টি। এর মধ্যে এসসি ও এসটি'র জন্য ১টি করে পদ সংরক্ষিত। অবশিষ্ট ২টি পদ অসংরক্ষিত। যোগ্যতা - ৮ম মান পাশ। মূল মাইনে প্রতি মাসে ১০,০০০ টাকা। আইটেম নং - ৯ ঃ সেন্টার এডমিনিস্ট্রেটর (মহিলা) - শূন্যপদ ১টি। পদটি অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ২১,৬৩০ টাকা। আইটেম নং - ১০ ঃ কেইস ওয়ার্কার (মহিলা) - শূন্যপদ ২টি। এর মধ্যে এসটি'র জন্য ১টি পদ সংরক্ষিত। অপরপদটি অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ১৩,৯৫৩ টাকা। আইটেম নং - ১১ ঃ আই টি স্টাফ - শূন্যপদ ২টি। এর মধ্যে এসটি'র জন্য ১টি পদ সংরক্ষিত। অপর পদটি অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ১৬,৪৫৩ টাকা। আইটেম নং - ১২ ঃ কাউন্সেলর - শূন্যপদ ২টি। পদগুলো অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ১২,১০৬ টাকা। আইটেম নং - ১৩ ঃ মাল্টি পারপাস হেল্পার (মহিলা) - শূন্যপদ ৩টি। এর মধ্যে এসটি'র জন্য ১টি পদ সংরক্ষিত। অপর ২টিপদ অসংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ৭,২৮৬ টাকা। এছাড়া, লিগ্যাল এডভাইজর, কো-অর্ডিনেটর, ফিল্ড একাউন্ট্যান্ট, ড্রাইভার, অফিস অ্যাসিস্ট্যান্ট ইত্যাদি সহ সব ক'টি পদের ক্ষেত্রেই নিয়োগ হবে পুরোপুরি চুক্তিভিত্তিক, ১১ মাসের জন্য। প্রতিটি পদের ক্ষেত্রে শূন্যপদের বিভাজন, নিয়োগকারী দপ্তর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের সীমারেখা এবং মূল মাইনে ভিন্নতর। সমস্ত কিছুই দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইটে লগ্ অন করে অথবা প্রকাশিত বিজ্ঞাপন থেকে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** * কর্পোরেট সেক্টরে **সিনিয়র অফিসার, ল্ অফিসার**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৭৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিএ পাশ, বয়স ঃ ১৮-৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* বহিঃরাজ্যে পুলিশ প্রশাসনে **সাব-ইন্সপেক্টর, সার্জেন্ট**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৬৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, বয়স ঃ ২০-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* এয়ারপোর্ট অথরিটি বহিঃরাজ্যে **হ্যান্ডিম্যান, ইউটিলিটি এজেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯৯৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * ওএনজিসি-তে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৫০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর, বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা সহ ২৩টি শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যের খাদ্যদপ্তরে **সাব-ইন্সপেক্টর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৮০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা কলকাতা সহ ২৬টি কেন্দ্রে, তারিখ কল লেটারে জানানো হবে।

* স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬১৬০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ সেপ্টেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৮২টি কেন্দ্রে, তারিখ কল লেটারে জানানো হবে।

* রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে **অফিস স্টাফ, ড্রাইভার, মাল্টিপারপাস হেল্পার, জুনিয়র ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। নিয়োগ হবে অনুমোদিত সোসাইটির মাধ্যমে। শূন্যপদ ঃ ৪৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম মান পাশ থেকে ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* এয়ার ফোর্সে **অগ্নিবীর বায়ু, স্পোর্ট সম্যান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২১ বছর, অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর, র‍্যালী, ফিজিক্যাল টেস্টের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কোস্ট গার্ডে **নাবিক, যান্ত্রিক** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-২২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ২২ সেপ্টেম্বর, বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* পাওয়ার গ্রিডে **ডিপ্লোমা ট্রেনি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪২৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* নাবার্ড-এ **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ১৬ অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে অর্ধশতাধিক শহরে, কল লেটারে বিস্তারিত জানানো হবে। * বহিঃরাজ্যে কো-অপারেটিভ ব্যাঙ্কে **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, অফিস অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৯৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজিডিসিএ পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **সিনিয়র অফিসার, ল্ অফিসার (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ২৭৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিএ পাশ,
বয়স ঃ ১৮-৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সাব-ইন্সপেক্টর, সার্জেন্ট (বহিঃরাজ্যে পুলিশ প্রশাসন),**
শূন্যপদ ঃ ১৬৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ২০-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **হ্যান্ডিম্যান, ইউটিলিটি এজেন্ট (এয়ারপোর্ট অথরিটি, বহিঃরাজ্য)**,
শূন্যপদ ঃ ৯৯৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ওএনজিসি),**
শূন্যপদ ঃ ২৫০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা সহ ২৩টি শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সাব-ইন্সপেক্টর (খাদ্য দপ্তর, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ৪৮০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা কলকাতা সহ ২৬টি কেন্দ্রে, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (এস.বি.আই),**
শূন্যপদ ঃ ৬১৬০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ সেপ্টেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৮২টি কেন্দ্রে, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অফিস স্টাফ, ড্রাইভার, মাল্টিপারপাস হেল্পার, জুনিয়র ইঞ্জিনিয়ার(ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ৪৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম মান পাশ থেকে ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর,
লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অগ্নিবীর বায়ু, স্পোর্টসম্যান (এয়ার ফোর্স),**
শূন্যপদ ঃ ১০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২১ বছর,
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর,
র‍্যালী, ফিজিক্যাল টেস্টের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **নাবিক, যান্ত্রিক (কোস্ট গার্ড)**,
শূন্যপদ ঃ ৩৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ২২ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ডিপ্লোমা ট্রেনি (পাওয়ার গ্রিড),**
শূন্যপদ ঃ ৪২৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (নাবার্ড)**
শূন্যপদ ঃ ১৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ১৬ অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে অর্ধশতাধিক শহরে, কল লেটারে বিস্তারিত জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, অফিস অ্যাসিস্ট্যান্ট (কো-অপারেটিভ ব্যাঙ্ক, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ৩৯৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজিডিসিএ পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১৫৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অফিসার, ট্রেনি (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৮৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্দ্ধ ৩০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনেশিয়ান (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১১৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ইঞ্জিনিয়ারিং সার্ভিস (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১৬৭টি,
ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর,
লিখিত পরীক্ষা ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ ইং আগরতলা সহ সারা দেশে ৩২টি শহরে, কল লেটারে বিস্তারিত জানানো হবে।

০--০--০--০০০--০--০--০

## অনলাইনে দরখাস্ত পাঠিয়ে মাধ্যমিক পাশদের উপকূল রক্ষী বাহিনীতে চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** উচ্চশিক্ষিত নয়, এমন বেকারদের জন্য ইন্ডিয়ান কোস্ট গার্ড অর্থাৎ ভারতীয় উপকূল রক্ষী বাহিনীতে চাকরির সুযোগ রয়েছে। যোগ্যতা কমপক্ষে মাধ্যমিক পাশ। এককথায় বলা যায়, কোস্ট গার্ডে নাবিক, যান্ত্রিক পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা পাশ, বয়স ঃ ১৮ - ২২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২২ সেপ্টেম্বর, লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

বিস্তারিত খবর হলো, ভারতীয় উপকূল রক্ষী বাহিনীতে চাকরি করতে ইচ্ছুক তরুণরা ০১-০৫-২০২৩-এর হিসেবে ১৮ থেকে ২২ বছর-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। ওবিসি-দের জন্য ৩ বছর এবং এসসি, এসটি-দের ক্ষেত্রে ৫ বছরের যথারীতি শিথিলতা রয়েছে। বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদির বিস্তারিত দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটে প্রদত্ত বিজ্ঞপ্তিতে। শিক্ষাগত যোগ্যতা - অন্তত পক্ষে মাধ্যমিক পাশ। নিয়োগ হবে ভারতীয় উপকূল রক্ষী বাহিনীতে এন্ট্রি - ০১/২০২৪ ব্যাচে। ট্রেনিং শুরু হবে ২০২৪ সালের জানুয়ারি মাস থেকে।

প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল টেস্টের ভিত্তিতে। ১ ঘন্টার লিখিত পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি ওঠ-বস এবং ১০টি পুস আপ। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষা কেন্দ্র শিলং অথবা কলকাতায়। প্রয়োজনে আগরতলায়ও সেন্টার হতে পারে। পরীক্ষা নেওয়া হবে ডিসেম্বর মাসে। তবে নির্দিষ্ট দিনক্ষণ এখনও জানানো হয়নি। পরীক্ষার স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে কললেটারের মাধ্যমে। কল লেটার ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার ১৫ দিন আগে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনএ চিঠি পাঠানো হবে না। পূর্ব ভারত সহ অন্যান্য পরীক্ষাকেন্দ্রের নাম ও কোড নম্বর জানতে পারেন এঁদের ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে, ২২ সেপ্টেম্বর বিকেল সাড়ে ৫টার মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২২ সেপ্টেম্বর। অফলাইনে অর্থাৎ ডাকযোগে দরখাস্ত পাঠানোর পদ্ধতি এখন থেকে বাতিল করা হয়েছে। কেবলমাত্র অনলাইনেই দরখাস্ত পাঠাতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, পরবর্তী সময়ে তা পূর্ণ করতে পারবেন। অনলাইনে দরখাস্ত পাঠানোর কাজ সম্পন্ন হলে, আপনার ইমেল ঠিকানা ও মোবাইল এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসপোর্ট পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসপোর্ট দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন।

প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি ইন্টারভিউর ধরণ, বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ/ টেলিগ্রাম ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

শূন্যপদগুলো হলো — ক্রমিক নং (১) নাবিক (জেনারেল ডিউটি) ঃ শূন্যপদ ২৬০টি, এর মধ্যে অসংরক্ষিত ১০৪টি, ইডব্লিওএস-এর জন্য ২৭টি, ওবিসি'র জন্য ৫২টি, এসটি'র জন্য ৩৫টি এবং এসসি'র জন্য ৪২টি পদ সংরক্ষিত রয়েছে। যোগ্যতা - স্বীকৃত বোর্ড বা পর্ষদ থেকে ম্যাথ ও ফিজিক্স সহ উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। বয়স - ১৮ থেকে ২২-এর মধ্যে। ক্রমিক নং (২) নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) ঃ শূন্যপদ ৩০টি, এর মধ্যে অসংরক্ষিত ১২টি, ইডব্লিওএস-এর জন্য ৩টি, ওবিসি'র জন্য ৯টি, এসটি'র জন্য ২টি এবং এসসি'র জন্য ৪টি পদ সংরক্ষিত রয়েছে। যোগ্যতা - স্বীকৃত বোর্ড বা পর্ষদ থেকে মাধ্যমিক পাশ হতে হবে। বয়স - ১৮ থেকে ২২-এর মধ্যে। ক্রমিক নং (৩) যান্ত্রিক (মেকানিক্যাল) ঃ শূন্যপদ ২৫টি, এর মধ্যে অসংরক্ষিত ১০টি, ইডব্লিওএস-এর জন্য ৬টি, ওবিসি'র জন্য ৪টি, এসটি'র জন্য ১টি এবং এসসি'র জন্য ৪টি পদ সংরক্ষিত রয়েছে। ক্রমিক নং (৪) যান্ত্রিক (ইলেট্রিক্যাল) ঃ শূন্যপদ ২০টি, এর মধ্যে অসংরক্ষিত ৮টি, ইডব্লিওএস-এর জন্য ৩টি, ওবিসি'র জন্য ৪টি, এসটি'র জন্য ২টি এবং এসসি'র জন্য ৩টি পদ সংরক্ষিত রয়েছে। ক্রমিক নং (৫) যান্ত্রিক (ইলেকট্রনিক্স) ঃ শূন্যপদ ১৫টি, এর মধ্যে অসংরক্ষিত ৬টি, ইডব্লিওএস-এর জন্য ১টি, ওবিসি'র জন্য ৫টি, এসটি'র জন্য ১টি এবং এসসি'র জন্য ২টি পদ সংরক্ষিত রয়েছে। যোগ্যতা - স্বীকৃত বোর্ড বা পর্ষদ থেকে মাধ্যমিক পাশের পর নির্দিষ্ট বিষয় নিয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। বয়স - ১৮ থেকে ২২-এর মধ্যে। প্রতিটি পদের ক্ষেত্রে বয়সের শিথিলতা, মূল মাইনে ইত্যাদি বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে।

## অনলাইনে পরীক্ষার মাধ্যমে স্টেট ব্যাঙ্কে অফিসার পদে ২০০০ চাকরির সুযোগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ডসহ সারা দেশে প্রবেশনারি অফিসার পদে ২০০০ নিয়োগ হচ্ছে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়। এককথায়, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় পি. ও. বা প্রবেশনারি অফিসারপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদঃ ২০০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিই/ বিটেক... ইত্যাদি গ্র্যাজুয়েটপাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, (ফাইন্যাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য), বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ সেপ্টেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, কেন্দ্র - আগরতলা, নভেম্বরে পরীক্ষা, দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ১-৪-২০২৩-এর হিসেবে ২১ থেকে ৩০-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। এসসি/এসটিদের জন্য ৩৫ বছর, ওবিসিদের জন্য ৩৩ বছর এবং প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী ইত্যাদি যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে। দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত, শ্রবণ-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। এছাড়া, শারীরিকপ্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীদের জন্যও রয়েছে বেশ কিছু সংরক্ষিত শূন্যপদ। যেমন মোট ২০০০টি শূন্যপদের মধ্যে ৮১০টি পদ রয়েছে অসংরক্ষিত অর্থাৎ জেনারেল প্রার্থীদের জন্য। এছাড়া, ৩০০টি এসসি, ১৫০টি এসটি, ৫৪০টি ওবিসি এবং ২০০টি ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও রয়েছে ১১২টি শূন্যপদ। একই সময়ে ব্যাকেলগ হিসেবে বেশ কিছু শূন্যপদও পূরণ করা হবে একই পরীক্ষার মাধ্যমে। শূন্যপদের বিশদ বিভাজন, রাজ্যভিত্তিক বা অঞ্চলভিত্তিক শূন্যপদের সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটের বিজ্ঞপ্তিতে। যোগ্যতা - বিএ, বিএসসি, বিকম, বিবিএ, বিই, বিটেক, বিসিএ ইত্যাদি যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। এমনকি এবার যাঁরা কলেজের ফাইন্যাল ইয়ারের পরীক্ষা দিয়েছেন বা দেবেন তাঁরাও শর্তসাপেক্ষে দরখাস্ত করতে পারেন।

প্রার্থীবাছাই হবে অনলাইনে পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে। অনলাইনে পরীক্ষা হবে অবজেক্টিভ ধরনের। প্রথমে প্রিলিমিনারি, ১০০ নম্বরের পরীক্ষা। সফল হলে পরে মেন পরীক্ষা, ২০০ নম্বরের। বিষয়গুলি হল: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টেটিভ এপ্টিটিউড, রিজনিং এবিলিটি। মেন পরীক্ষায় যুক্ত হবে জেনারেল ইকোনোমিক্স, ব্যাঙ্কিং অ্যাপ্টিটিউড ও কম্পিউটার নলেজ। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে (প্রতি ৪টে ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে)। জেনারেল ইংলিশ অংশটুকু ছাড়া প্রশ্ন হবে ইংরিজি/ হিন্দিতে; প্রত্যেকটি অংশে পাশ করতে হবে (অন্তত ৪০ শতাংশ, তফশিলি, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ নম্বর)। ত্রিপুরার প্রার্থীদের জন্য সমস্তপরীক্ষা কেন্দ্র আগরতলা। বহিঃরাজ্যে অবস্থানরত বা পাঠরত প্রার্থীরা অবশ্যই রাজ্যের বাইরে সারা দেশ জুড়ে প্রায় শতাধিক কেন্দ্রের মধ্যে নিজের পছন্দমত যে-কোন কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন, তবে এর জন্য আগে থেকে অর্থাৎ ফর্ম ফিলাপের সময় উল্লেখ করে দিতে হবে। প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া শুরু হবে নভেম্বর থেকে। দিনক্ষণ কল লেটারে জানানো হবে। ফল প্রকাশের পর পরবর্তী মাসেই নেওয়া হবে মেন পরীক্ষা। পরীক্ষার নির্দিষ্ট স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে এসএমএস এবং কললেটারের বুকলেটের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষার জন্য কল লেটার ডাউনলোড করে নিতে হবে ডিসেম্বরের তৃতীয় সপ্তাহের পর থেকে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনএ চিঠি পাঠানো হবে না। পরীক্ষাকেন্দ্র এবং সেগুলোর কোড নম্বর পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, অবশ্যই ২৭ সেপ্টেম্বরের মধ্যে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সুরক্ষিত করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে দরখাস্ত করার কাজ একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা এবং মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্ধারিত ফি জমা দিতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। চালানের মাধ্যমে পরীক্ষার ফি জমার পদ্ধতিতে না গিয়ে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

# ভারতে কোভিড-সংক্রমণ নিয়ন্ত্রণেই; ২৪ ঘন্টায় সুস্থ ৫০ জন, ফের মৃত্যু শূন্য



নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা ফের বৃদ্ধি পাচ্ছে। বিগত ২৪ ঘন্টায় সামান্য বেড়েছে দৈনিক সংক্রমণের সংখ্যা, দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৬০ জন। বৃহস্পতিবার সারাদিনে ভারতে করোনায় কারও মৃত্যু হয়নি। এই সময়ে সুস্থ হয়েছেন ৫০ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে মাত্র ৫৪১ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩২,০২৯। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৫, ৪৬৫ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৪ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ২৬,০৯৮ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৬৯,৬৩১-তে পৌঁছেছে।

## এবার নিখোঁজ চিনের প্রতিরক্ষামন্ত্রী

নয়াদিল্লি, ১৪ সেপ্টেম্বর (হি.স.) : ফের বেপাত্তা চিনের মন্ত্রী। বিদেশমন্ত্রীর পর এবার নিখোঁজ চিনের প্রতিরক্ষামন্ত্রী লি শাংফুর। সূত্র মারফত জানা গিয়েছে, গত দুই সপ্তাহ ধরে প্রতিরক্ষামন্ত্রী লি শাংফুর কোনও খোঁজ মেলেনি। শোনা গিয়েছে, অসুস্থতার দোহাই দিয়ে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বৈঠকও বাতিল করেছেন চিনা প্রতিরক্ষামন্ত্রী। মার্কিন বিশেষজ্ঞদের মতে, তাঁকে সমস্ত দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

বেশ কয়েকটি মার্কিন সংবাদ সংস্থা সূত্রে জানা গিয়েছে, গত দুই সপ্তাহ ধরে জনসমক্ষে দেখা যায়নি চিনা প্রতিরক্ষামন্ত্রী লি শাংফুকে। বিশেষজ্ঞদের দাবি, তাঁর বিরুদ্ধে তদন্ত শুরু করেছে শি জিনপিং প্রশাসন। তাছাড়াও মন্ত্রিসভার সমস্ত পদ থেকেও সরিয়ে দেওয়া হয়েছে শাংফুকে। যদিও এখনও পর্যন্ত প্রতিরক্ষামন্ত্রী হিসাবে নতুন কারও নাম ঘোষণা করেনি চিন সরকার। দিন কয়েক আগেই ভিয়েতনামের একটি বৈঠক বাতিল করে দেন শাংফু। কারণ হিসাবে বলা হয়, অসুস্থতার কারণে বৈঠকে উপস্থিত থাকতে পারবেন না চিনা প্রতিরক্ষামন্ত্রী।

সেই সঙ্গেই জানা গিয়েছে, চিনা সেনাবাহিনীর রকেট বিভাগের দুই উচ্চপদস্থ আধিকারিককেও সরিয়ে দেওয়া হয়েছে। পারমাণবিক মিসাইল উৎক্ষেপণ নিয়েই এই বাহিনী কাজ করে। তবে কী কারণে দুই আধিকারিককে বরখাস্ত করা হয়েছে, তা এখনও অজানা। এই দুই ঘটনা প্রকাশ্যে আসার পরেই জাপানে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত রাহম ইমানুয়েল এক্স প্ল্যাটফর্মে লেখেন, "প্রথমে বিদেশমন্ত্রী কিং গ্যাং, তার পর রকেট বিভাগের আধিকারিক। এবার নিখোঁজের তালিকায় যোগ হল চিনা প্রতিরক্ষামন্ত্রীর নামও। চিনা মন্ত্রিসভার আচরণ ক্রমেই আগাথা ক্রিস্টির রহস্য উপন্যাসের মতো হয়ে উঠছে।"

জেনারেল লি শাংফুকে শেষবার প্রকাশ্যে দেখা যায় গেল ২৯ আগস্ট। বেইজিংয়ে অনুষ্ঠিত তৃতীয় চিন-আফ্রিকা শান্তি ও নিরাপত্তা ফোরামে বক্তব্য দেন তিনি। একই মাসে শির রদবদলের খবর সামনে আসে। এর আগে গত জুলাই থেকে এখনও পর্যন্ত 'নিখোঁজ' চিনের বিদেশমন্ত্রী কিং গ্যাং।

## ১১.৪৩ লাখ ডলারে বিক্রি হল ডায়ানার সোয়েটার 'ব্ল্যাক শিপ'

নিউইয়র্ক, ১৪ সেপ্টেম্বর (হি.স.) : প্রিন্সেস ডায়ানার একটি সোয়েটার নিলামে ১১.৪৩ লাখ ডলারে বিক্রি হয়েছে। নিউইয়র্কে নিলামকারী প্রতিষ্ঠান সথবিস সোয়েটারটি নিলামে তোলে। সোয়েটারটি মূলত লাল ও সাদা রঙের। লাল রঙের ওপর সাদা ভেড়ার সারি। তবে একটি মাত্র ভেড়ার রং কালো। সোয়েটারটির নাম ব্ল্যাক শিপ।

জানা গেছে, গত ৩১ আগস্ট নিলাম চালু হয়। নিলামের সর্বশেষ মিনিট পর্যন্ত হাঁকানো শীর্ষ দাম ছিল দুই লাখ ডলারের নিচে। সথবিসের অনুমিত দাম ছিল ৫০ হাজার থেকে ৮০ হাজার ডলার পর্যন্ত। এই নিলামে মাত্র ১৫ মিনিটে ৪৪টি প্রস্তাবিত দাম আসে, যা সোয়েটারটির দাম ১৪ গুণ বাড়িয়ে দেয়। শেষ পর্যন্ত সেটি ১১.৪৩ লাখ ডলারে বিক্রি হয়। প্রিন্সেস ডায়ানার সোয়েটারের নিলাম কে জিতল, সেই পরিচয় প্রকাশ করেনি নিলামকারী প্রতিষ্ঠানটি।

উল্লেখ্য, ১৯৮১ সালের জুন মাসে বাগদত্তা ওয়েলসের তৎকালীন রাজপুত্রের পোলো ম্যাচে পশমী এই পোশাক প্রথম পরেন ডায়ানা।

## দুই বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত ২, গুরুতর জখম আরও ২

হুগলি, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : বৃহস্পতিবার রাতে দুই বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল দুজনের। গুরুতর জখম আরও ২ জন। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে হুগলির বৈচিতে। দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার রাত ৯টা নাগাদ হুগলির বৈচির সাহানিপাড়ার বাসিন্দা দেবব্রত শর্মা ও তাঁর স্ত্রী অর্পিতা মোটর বাইকে বাড়ি থেকে বের হন। পাড়ার রাস্তা থেকে বেরিয়ে জিটি রোডে ওঠে তাঁরা। সেই সময় পাণ্ডুয়া থেকে বৈচির দিকে যাচ্ছিলেন শেখ হায়দার ও প্রদীপ স্বর্ণকার নামে দুজন। নিয়ন্ত্রণ হারিয়ে মুখোমুখি ধাক্কা লাগে দুটি বাইকের। ঘটনাস্থলে শেখ হায়দারের মৃত্যু হয়।

স্থানীয়রা পুলিশের সহযোগিতায় বাকি তিনজনকে পাণ্ডুয়া গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে দেবব্রত শর্মাকে মৃত বলে ঘোষণা করেন কর্মরত চিকিৎসকরা। অর্পিতা শর্মা ও প্রদীপ স্বর্ণকারের আঘাত গুরুতর হওয়ায় দুজনকেই চুঁচুড়া ইমামবাড়া সদর হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। পুলিশের তরফে জানানো হয়েছে, কীভাবে ঘটল দুর্ঘটনা, নেপথ্যে বাইকের যান্ত্রিক ত্রুটি ছিল কি না, তা খতিয়ে দেখা হবে।

## অন্ধ্রপ্রদেশে জিপ ও লরির সংঘর্ষে মৃত ৫, আহত কমপক্ষে ১১ জন

আন্নামায়া, ১৫ সেপ্টেম্বর (হি.স.): অন্ধ্রপ্রদেশের আন্নামায়া জেলায় জিপ ও লরির ভয়াবহ সংঘর্ষে প্রাণ হারালেন ৫ জন। এই দুর্ঘটনায় আহত হয়েছেন আরও ১১ জন। শুক্রবার সকালে এই দুর্ঘটনাটি ঘটেছে। আহত ১১ জনের মধ্যে ৭ জনের শারীরিক অবস্থা অত্যন্ত সঙ্কটজনক। পুলিশ জানিয়েছে, মৃত ৫ জনের মধ্যে ৩ জন মহিলা ও দু''''জন পুরুষ।

মেথামপল্লীর সার্কেল ইন্সপেক্টর নাগা বাবু বলেছেন, শুক্রবার সকালে জিপ ও লরির সংঘর্ষে মৃত্যু হয়েছে ৫ জনের ও ১১ জন আহত হয়েছেন। আহতদের তিরুপতি রুয়া হাসপাতালে ভর্তি করা হয়েছে। কাডাপা থেকে চিত্তরের দিকে যাচ্ছিল লরিটি, জিপটিতে কমপক্ষে ১৫ জন পুণ্যার্থী ছিলেন। তিরুমালা থেকে কর্ণাটকের বেলাগাভী ফিরছিলেন তারা। সংঘর্ষের অভিঘাতে জিপটি ভেঙে দুমড়ে মুচড়ে যায়।

## বিহারের মুজফরপুরে নৌকাডুবির ঘটনায় খোঁজ নেই ৮-১০ জন পড়ুয়ার, তল্লাশি অভিযান জারি

মুজফরপুর, ১৫ সেপ্টেম্বর (হি.স.): বিহারের মুজফরপুর জেলায় বাগমতী নদীতে নৌকাডুবির ঘটনায় এখনও খোঁজ মেলেনি ৮-১০ জন পড়ুয়ার। নিখোঁজ পড়ুয়াদের খোঁজে তল্লাশি অভিযান জারি রয়েছে। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর দু''''টি নিরন্তর খোঁজ চালিয়ে যাচ্ছে। শুক্রবার সকালে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর কমান্ড্যান্ট জে পি প্রসাদ বলেছেন, গতকাল থেকেই এনডিআরএফ-এর টিম তল্লাশি চালিয়ে যাচ্ছে। ডুবে যাওয়া শিশুদের উদ্ধারের চেষ্টা চালিয়ে যাচ্ছি আমরা। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর দু''''টি টিম এখানে রয়েছে।'

তিনি আরও জানিয়েছেন, ৮-১০ জন শিশু নিখোঁজ রয়েছে। আশা করা হচ্ছে খুব শীঘ্রই শিশুদের উদ্ধার করা হবে। ঠিক কতজন শিশু ছিল নৌকায় তা এখনও স্পষ্ট নয়। উল্লেখ্য, বৃহস্পতিবার সকাল ১০.৩০ মিনিট থেকে এগারোটার মধ্যে মর্মান্তিক ঘটনাটি ঘটে মুজফরপুরের বেনিয়াবাদ এলাকায়। বৃহস্পতিবারই ১৫-২০ জন স্কুল পড়ুয়াকে উদ্ধার করা হয়, এখনও ৮-১০ জন পড়ুয়ার কোনও খোঁজ পাওয়া যায়নি। মুজফরপুরের দুর্যোগ ব্যবস্থাপনা অফিসার অজয় কুমার বলেছেন, 'এখনও পর্যন্ত ১০ জন নিখোঁজ, ১৫-২০ জনকে উদ্ধার করা হয়েছে। তল্লাশি অভিযান চলছে।'

## রাজস্থানের জয়পুর এসি ডাবল ডেকার এক্সপ্রেস কোচের চাকায় আগুন লেগে আতঙ্ক

দৌসা, ১৫ সেপ্টেম্বর (হি.স) : জয়পুর এসি ডাবল ডেকার এক্সপ্রেস ট্রেনে কোচের চাকায় আগুন লেগে যাত্রীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়।

বৃহস্পতিবার রাতে জয়পুর এসি ডাবল ডেকার এক্সপ্রেস ট্রেনটি নয়াদিল্লি থেকে জয়পুর যাচ্ছিল। যাওয়ার পথেই ট্রেনে আগুন লাগে বলে রেলওয়ে আধিকারিকরা জানিয়েছেন। দৌসার স্টেশন মাস্টার রাধেশ্যাম মীনা বলেন, দৌসা স্টেশনে পৌঁছানোর আগে এক্সপ্রেস ট্রেনের সি ৫ কোচের চাকায় আগুনের স্ফুলিঙ্গ লক্ষ্য করার পরেই রেলের কর্মচারীদের সতর্ক করা হয়। ট্রেনটি দৌসা রেল স্টেশনে পৌঁছানোর সঙ্গে সঙ্গে রেলওয়ের সতর্ক কর্মীরা অগ্নি নির্বাপক ব্যবস্থা ও কাদা ব্যবহার করে আগুন নিয়ন্ত্রণে আনে।

কর্মকর্তারা জানিয়েছেন, আগুন নেভানোর পরপরই ট্রেনটি আবার চলতে শুরু করে। এই ঘটনায় রেলের আধিকারিকদের তরফ থেকে হতাহতের কোনও খবর পাওয়া যায়নি।

## কোকেরনাগে তৃতীয় দিনে পড়ল বন্দুক-যুদ্ধ, গুলির লড়াইয়ে আরও দুই জওয়ান আহত

শ্রীনগর, ১৫ সেপ্টেম্বর (হি.স.): জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ জেলার কোকেরনাগে শুক্রবার তৃতীয় দিনে পড়ল এনকাউন্টার। শুক্রবার সকাল থেকে নতুন করে শুরু হয়েছে গুলির লড়াই। গারুল গ্রাম সংলগ্ন বনাঞ্চলে জঙ্গিদের চারিদিক থেকে ঘিরে রেখেছে সুরক্ষা বাহিনী। আকাশপথেও চলছে নজরদারি। জঙ্গিরা যাতে কোনওভাবে পালিয়ে যেতে না পারে, তাই চারিদিকে তীক্ষ্ন নজর রাখছে সুরক্ষা বাহিনী। এদিকে, কোকেরনাগের ঘন জঙ্গলে বৃহস্পতিবারই জঙ্গিদের সঙ্গে সংঘাতে আরও দুই জওয়ান আহত হয়েছেন। পাশাপাশি নিখোঁজ আরও এক জওয়ান।

এর আগে বুধবারই কোকেরনাগে জঙ্গিদের হামলায় প্রাণ হারান দু'জন সেনা অফিসার ও একজন পুলিশ অফিসার। নিহত জওয়ানরা হলেন-কর্নেল মনপ্রীত সিং, মেজর আশিষ ধোনচাক ও ডিএসপি হুমায়ুন ভাট। জঙ্গিদের গুলিতে ৩ জনই গুরুতর জখম হয়েছিলেন, পরে তাঁরা মৃত্যুর কোলে ঢলে পড়েন। মেজর আশিস ধোনচাকের মরদেহ শুক্রবার সকালে হরিয়ানার পানিপতে তাঁর জন্মস্থান বিনঝোলে নিয়ে যাওয়া হয়েছে। সেখানে তাঁকে শ্রদ্ধা জানানো হয়।

## যাবতীয় প্রতীক্ষার অবসান

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): আগামী ১৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির দ্বারকায় 'যশোভূমি' দেশকে উৎসর্গ করবেন। এছাড়াও ওই দিন আরও কিছু কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর। এর মধ্যে রয়েছে, প্রধানমন্ত্রী মোদী দ্বারকা সেক্টর ২১ থেকে দ্বারকা সেক্টর ২৫-এ একটি নতুন মেট্রো স্টেশন পর্যন্ত দিল্লি বিমানবন্দর মেট্রো এক্সপ্রেস লাইনের সম্প্রসারণেরও উদ্বোধন করবেন।

দ্বারকায় 'যশোভূমি' নামক ইন্ডিয়া ইন্টারন্যাশনাল কনভেনশন অ্যান্ড এক্সপো সেন্টার (আইআইসিসি)-এর প্রথম পর্যায়ের কার্যক্রমের মাধ্যমে দেশে সভা, সম্মেলন এবং প্রদর্শনীর আয়োজনের জন্য একটি বিশ্বমানের পরিকাঠামো থাকার ক্ষেত্রে প্রধানমন্ত্রীর যে দৃষ্টিভঙ্গি রয়েছে, তা শক্তিশালী হবে।

## বিরোধীদের জোটকে তীব্র আক্রমণ প্রহ্লাদ জোশীর

ডুডু (রাজস্থান), ১৫ সেপ্টেম্বর (হি.স.): বিরোধীদের ''''আই এনডি আই এ'''' জোটের তীব্র সমালোচনা করলেন সংসদ বিষয়ক মন্ত্রী ও বিজেপি নেতা প্রহ্লাদ জোশী। শুক্রবার রাজস্থানের ডুডু-তে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেছেন, 'খুব কম মানুষই এই জোটকে ইন্ডিয়া অ্যালায়েন্স বলে, এটা আসলে আ ই এ ন ডি আ ই অ্যালায়েন্স...আপনি দু''''বার অ্যালায়েন্স বলতে পারবেন না। আদতে এটি একটি আইএনডিআই জোট নয়, এটি একটি ''''ঘামন্ডি'''' (অহঙ্কারী) জোট।'

সনাতন ধর্ম প্রসঙ্গে কর্ণাটকের মন্ত্রী প্রিয়ঙ্ক খারগের মন্তব্যের সমালোচনা করে সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী বলেছেন, 'কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের ছেলে, প্রিয়ঙ্ক খাড়গে বলেছেন যে সনাতন ধর্ম একটি রোগের মতো ... আমি কংগ্রেস এবং অশোক গেহলটকে জিজ্ঞাসা করতে চাই, এই বিষয়ে আপনার কী বলার আছে?'

## উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডায় নির্মীয়মান বিল্ডিংয়ের লিফট ভেঙে মৃত ৪, আহত ৫

নয়ডা, ১৫ সেপ্টেম্বর (হি.স) : উত্তরপ্রদেশ জেলার নয়ডা শহরে একটি নির্মীয়মাণ বাড়ির লিফট দুর্ঘটনায় ৪ জনের মৃত্যু হয়েছে। ৫ জন গুরুতর আহত হয়েছেন। শুক্রবার উত্তরপ্রদেশের নয়ডায় একটি নির্মীয়মান বিল্ডিংয়ের লিফট ভেঙে পড়ে অন্তত ৪ শ্রমিক নিহত হয়েছেন। গ্রেটার নয়ডার পশ্চিমে আম্রপালি ড্রিম ভ্যালি হাউজিং সোসাইটিতে ঘটে যাওয়া এই দুর্ঘটনায় আরও ৫ জন কর্মী গুরুতর আহত হয়েছেন।

অতিরিক্ত ডিসিপি (সেন্ট্রাল নয়ডা) রাজীব দীক্ষিত জানিয়েছেন, নির্মাণাধীন বিল্ডিংয়ের ওই লিফটটি ১৪ তলা থেকে পড়ে দুর্ঘটনাটি ঘটে। ডিএম মাণিশ ভার্মা জানিয়েছেন, লিফট দুর্ঘটনায় ৪ জনের মৃত্যু হয়েছে,৫ জন আহত হয়েছেন। আহতরা সিটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

তিনি আরও জানিয়েছেন, তাদের চিকিৎসার ক্ষেত্রে যাতে কোনওরকম গাফিলতি না হয় সেটা তিনি দেখবেন। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

আগস্ট মাসে নয়ডার সেক্টর ১৩৭-এর একটি সোসাইটিতেও লিফট ভেঙে পড়ে এক মহিলার মৃত্যু হয়েছিল।

## নামী ক্লাবের মাধ্যমে টাকার লেনদেন, মানিকপুত্রর বিরুদ্ধে অভিযোগ

কলকাতা, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : জেলবন্দি মানিকপু শৌভিকের কলকাতা হাইকোর্টে জামিনের আবেদন শুক্রবার নাকচ হয়ে গেল। আদালতের এই পদক্ষেপ তাৎপর্যপূর্ণ বলে মনে করছে আইনজীবী মহলের একাংশ।

নিয়োগ দুর্নীতিকাণ্ডে গ্রেফতারির মুখে পড়েন প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি ও তৃণমূল বিধায়ক মানিক ভট্টাচার্য। পরবর্তী সময়ে তৃণমূল বিধায়কের স্ত্রী শতরূপা ভট্টাচার্য ও পুত্র শৌভিক ভট্টাচার্যকে গ্রেফতার করে ইডি। এদিন কলকাতা হাইকোর্টে বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে শৌভিকের জামিনের আবেদন মামলার শুনানি ছিল। শুনানি চলাকালীন মানিকপুত্র শৌভিকের বিরুদ্ধে চাঞ্চল্যকর দাবি করেন ইডির আইনজীবী। ইডি-র তরফে আদালতে জানানো হয় শৌভিকের বিরুদ্ধে নতুন তথ্য পাওয়া গিয়েছে।

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি, শহরের একটি নামী ক্লাবের মাধ্যমে টাকার লেনদেন করতেন শৌভিক।

শিক্ষাপ্রতিষ্ঠানেও সরাসরি যোগ রয়েছে মানিকপুত্রের। যদিও ইডির দাবিতে আপত্তি জানিয়েছেন শৌভিকের আইনজীবী। ইডির নথি থেকে পাওয়া এইসব তথ্যে আপত্তি জানিয়ে আদালতে হলফনামা দেওয়ার আর্জি জানিয়েছেন তিনি।

শৌভিকের আইনজীবীর দাবি, তাঁর মক্কেলের বিরুদ্ধে সরাসরি কোনও অভিযোগ নেই। হঠাৎ করে ক্লাব বা শিক্ষাক্ষেত্রে তাঁর জড়িত থাকার অভিযোগ আনছে ইডি। মানিকের স্ত্রীর প্রসঙ্গ উল্লেখ করে শৌভিকের আইনজীবী আরও বলেন, "শৌভিকের মাকে আগেই তথ্য প্রমাণের অভাবে জামিন দিয়েছে আদালত। সেই কারণে তাঁকেও জামিন দেওয়া হয়।"

শুনানির পর মানিকপুত্রের জামিন মঞ্জুর না করলেও হলফনামা দেওয়ার আর্জি মঞ্জুর বিচারপতি তীর্থঙ্কর ঘোষের। সোমবার এই মামলার পরবর্তী শুনানি।

প্রসঙ্গত, অগাস্ট মাসেই নিয়োগ দুর্নীতিতে ধৃত মানিক ভট্টাচার্য্যের স্ত্রী শতরূপার জামিন মঞ্জুর করে আদালত। ইডির আপত্তি সত্ত্বেও মানিক ঘরণীকে জামিন দেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। ১ লাখ টাকার ব্যক্তিগত বন্ডে তাঁকে জামিন দেওয়া হয়।

তবে জামিনের বিনিময়ে শতরূপার উপর একাধিক শর্ত চাপিয়েছে আদালত। তাঁকে পাসপোর্ট জমা রাখার নির্দেশে দেওয়া হয়েছে। একইসঙ্গে তাঁর বিদেশযাত্রার উপর নিষেধাজ্ঞা জারি করেছে আদালত। একই সঙ্গে নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে ইডি-র ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।


## দুষ্কৃতীদের ধাওয়া করা রানাঘাটের পুলিশকর্মীকে বীরের সম্মান দেবে রাজ্য

নদিয়া, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : নদিয়ার রানাঘাটে সোনার দোকানে ডাকাতিতে যিনি প্রাণের ঝুঁকি নিয়ে দুষ্কৃতীদের ধাওয়া করেছিলেন ও গুলি চালিয়ে ধরেছিলেন, সেই পুলিশ আধিকারিককে বীরত্বের সম্মানে ভূষিত করবে রাজ্য।

মাদ্রিদেই পশ্চিমবঙ্গের ডিরেক্টর সিকিউরিটি পীযূষ পাণ্ডেকে এই ব্যাপারে স্পষ্ট নির্দেশ দিলেন মুখ্য মন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি বিহারের গ্যাং কীভাবে পশ্চিমবঙ্গে ঢুকে এমন দুঃসাহসিক ডাকাতি করতে পারে, তার পূর্ণাঙ্গ তদন্তের নির্দেশও দিয়েছেন। পুলিশের শীর্ষ কর্তাদের জানিয়ে দিয়েছেন, কেউ যেন ছাড়া না পায়, প্রত্যেককেই ধরতে হবে।

উল্লেখ্য, গত ২৯ আগস্ট দুপুরে রানাঘাট ও পুরুলিয়ায় প্রায় একই সময়ে একই কায়দায় সোনার বিপণিতে ফিল্মি কায়দায় ভয়াবহ ডাকাতি করে দু'টি গ্যাং। রানাঘাটের ক্ষেত্রে দুষ্কৃতীরা নিরাপত্তারক্ষীদের আগ্নেয়াস্ত্র দেখিয়ে ডাকাতি করে, শোরুমের কর্মীকে বন্দুকের বাঁট দিয়েও মারে। তবে রেললাইন ধরে পালানোর সময় পুলিশ ধাওয়া করে চারজনকে ধরে ফেলে। সিসিটিভি ফুটেজে দেখা যায়, বিরাট চেহারার অ্যাসিস্ট্যান্ট সাব ইন্সপেক্টর রতনকুমার রায় হাতে পিস্তল উঁচিয়ে তাড়া করছেন দুষ্কৃতীদের। মূলত রতনবাবুর জন্যই উদ্ধার হয় ডাকাতির সামগ্রী। পুলিশ দিবসে রতনবাবু ছাড়াও সংবর্ধিত করা হয় রানাঘাট থানার আইসি সঞ্জীব সেনাপতি, দুই সাব ইন্সপেক্টর আলতাব হোসেন, জয়ন্ত ঠাকুর এবং আরও এক এএসআই মলয়কুমার সাহাকে। মুখ্যমন্ত্রী নিজে চাইছেন, বীরত্বের সম্মানে সম্মান জানাতে।

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৯৫ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল



নয়াদিল্লি, ১৪ সেপ্টেম্বর (হি.স.) : আন্তর্জাতিক বাজারে আজও ঊর্ধমুখী অপরিশোধিত তেলের দাম। শুক্রবার ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৯৫ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৯১ ডলারের কাছাকাছি। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি আজও পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।

ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, শুক্রবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

## উত্তর প্রদেশের এটাহ-তে এনকাউন্টার, পুলিশের গুলিতে আহত এক কুখ্যাত দুষ্কৃতী

এটাহ, ১৫ সেপ্টেম্বর (হি.স.): উত্তর প্রদেশের এটাহ জেলায় পুলিশের গুলিতে আহত হয়েছে কুখ্যাত এক দুষ্কৃতী। শুক্রবার ভোররাতে নাকা চেকিংয়ের সময় ওই দুষ্কৃতীকে থামতে বলে পুলিশ, কিন্তু সে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পুলিশ গুলি চালালে ওই দুষ্কৃতী আহত হয়। এরপর তাকে পাকড়াও করেছে পুলিশ। ধৃত দুষ্কৃতীর নাম-সৌরভ শাক্য। ধৃত দুষ্কৃতীর বিরুদ্ধে ৭টি মামলা দায়ের করা হয়েছে, তার মাথার দাম ধার্য করা হয়েছিল ২০ হাজার টাকা।

এএসপি (গ্রামীণ) সত্যপাল সিং বলেছেন, 'বাসরেহার থানা এলাকায় পুলিশ চেকিংয়ের সময়, একজন সন্দেহভাজন ব্যক্তিকে থামানো হয়েছিল, কিন্তু সে পালানোর চেষ্টা করে এবং পুলিশকে লক্ষ্য করে গুলি চালায়। পুলিশ পাল্টা গুলি চালালে সে আহত হয়। ওই দুষ্কৃতীকে সৌরভ শাক্য বলে চিহ্নিত করা হয়েছে। তার বিরুদ্ধে ৭টি মামলা নথিভুক্ত করা হয়েছে। তার মাথার দাম ধার্য করা হয়েছিল ২০ হাজার টাকা।'

## জি-২০ শিখর সম্মেলনে বিদেশী প্রতিনিধিদের জন্য ১০০ জন ইংরেজি জানা পুলিশ আধিকারিক নিয়োগ

রায়পুর, ১৫ সেপ্টেম্বর (হি.স) : ছত্তিশগড়ে আয়োজিত জি-২০ শিখর সম্মেলনে ইংরেজি জানা ১০০ জন পুলিশ অফিসারকে মোতায়েন করা হবে। ১৮ এবং ১৯ সেপ্টেম্বর ছত্তিশগড়ের রাজধানী রায়পুরে জি-২০ শিখর সম্মেলনের আয়োজন করা হয়েছে। বিদেশী প্রতিনিধিদের সহায়তার জন্যই ইংরেজি জানা ১০০ জন পুলিশ অফিসারকে নিয়োগ করা হবে। অতিরিক্ত পুলিশ সুপার পিতম্বর প্যাটেল জানিয়েছেন, জি-২০-র সচিব

## নুহ হিংসায় ফের গ্রেফতারি পুলিশের, এবার পাকড়াও হরিয়ানার কংগ্রেস বিধায়ক মাম্মান খান

গুরুগ্রাম, ১৫ সেপ্টেম্বর (হি.স.): হরিয়ানার নুহ জেলায় হিংসার ঘটনায় আরও এক অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ। এবার পুলিশের জালে ধরা পড়েছে হরিয়ানার কংগ্রেস বিধায়ক মাম্মান খান। গত ৩১ জুলাইয়ের হিংসার ঘটনায় বৃহস্পতিবার রাতে গ্রেফতার করা হয়েছে কংগ্রেস বিধায়ক মাম্মান খানকে।

নুহ হিংসার ঘটনায় এফআইআর দায়ের করেছিল পুলিশ, সেই এফআইআর-এ ফিরোজপুর ঝিরকার বিধায়কের নাম ছিল। ফিরোজপুর ঝিরকা ডেপুটি পুলিশ সুপার ও বিশেষ তদন্তকারী দলের প্রধান সতীশ কুমার এই গ্রেফতারির বিষয়টি নিশ্চিত করেছেন। মাম্মান খানকে শুক্রবারই আদালতে পেশ করা হবে।

# সিআইটিইউ

● প্রথম পাতার পর

মাল শেড , স্টেডিয়াম সহ সবকিছুকেই বেসরকারী হাতে তুলে দিচ্ছে মোদী সরকার। তার কথায়, বেসরকারি হাতে এগুলি দেওয়ার ফলে বিভিন্ন কোম্পানিকে এর কাজের বরাত দেওয়া হবে। ফলে দুই তিনটে কোম্পানি যখন একসঙ্গে কাজ করবে তখন মতের অমিল দেখা যাবে। যার ফলে এর ফল ভুগতে হবে সাধারন মানুষকে। তিনি বিজেপি সরকারকে দেশদ্রোহী সরকার হিসেবে অভিহিত করে বলেন, এই সরকারের বিরুদ্ধে মানুষকে সোচ্চার করাই হচ্ছে এখন মূল কাজ।

এদিন কনভেনশনে উপস্থিত সি আই টি ইউ রাজ্য সভাপতি মানিক দে বলেন, বিদ্যুৎ এমন একটি বিষয় তা সভ্যতার বিকাশের প্রধান অংশ। এটিকে বাদ দিয়ে সভ্যতার বিকাশ সম্ভব না। তিনি বলেন মানব সভ্যতার যদি বিকাশ ঘটাতে হয় তবে বিদ্যুতকে বাদ দিয়ে এটি সম্ভব নয়। তিনি আরও বলেন, ১৯৪৭-৪৮ অর্থবছরে বিদ্যুৎ আইন পাশ হয়। এই আইন অনুযায়ী রাজ্য ও কেন্দ্রীয় সরকার বিদ্যুৎ পরিষেবা প্রদান করতে দায়বদ্ধ ছিল। পর্যাপ্ত বিদ্যুৎ সহ বিদ্যুতের বিভিন্ন দিক এই আইনে উল্লেখ ছিল। তবে পরবর্তীকালে বিদ্যুৎ পরিষেবা সরাসরি সরকারের চালাতে অসুবিধা হওয়ায়, কেন্দ্রীয় সরকার সব টাকা বন্ধ করে দেওয়ায় ত্রিপুরায় বিদ্যুতের জন্য কোম্পানি গঠন করা হয় ২০০৫ সালের পয়লা জানুয়ারি। তিনি বলেন, তখন বিদ্যুৎ পরিষেবা ছিল তবে এখন এটিকে বিজেপি সরকার পণ্যে রূপান্তরিত করেছে। বেসরকারি হাতে এই বিদ্যুত পরিষেবা নিয়ে এখন রাজ্যের মানুষ সর্বত্র সমস্যার সম্মুখীন বলে অভিযোগ করেন তিনি। তিনি বলেন, সাধারন মানুষকে জানাতে হবে তাদের সঙ্গে প্রতারনা হবে তবেই সরকারের বিরুদ্ধে গর্জে উতবে তারা। এদিনের এই কনভেনশনে উপস্থিত ছিলেন সি আই টি ইউ রাজ্য সম্পাদক শঙ্কর প্রসাদ দত্ত, রাজ্য সভাপতি মানিক দে সহ অনান্য নেতৃত্ব।

# গণেশ ঠাকুর

● প্রথম পাতার পর

হলে প্রতিনিয়ত সচেতন ও সজাগ করতে হবে। তাই তিনি তার শিল্পকর্মের মধ্যেই নেশার কবল থেকে যুব সমাজকে মুক্ত করতে সচেতনতার বার্তা পৌঁছে দিতেই তার এই অভিনব প্রয়াস। সামনেই গণেশ বন্দনা। উৎসবের শুরু। তাই গণেশ ঠাকুর বানানোর কাজ চলছে বিভিন্ন স্টুডিওতে। মৃৎশিল্পীরা ব্যস্ত প্রতিমা তৈরি কাজে। দিনরাত নাওয়া খাওয়া ভুলে শিল্পীরা গণেশ ঠাকুর তৈরির জন্য কাজ করে যাচ্ছেন। অনেকে হয়তো মাটির মূর্তির মধ্যেও নানা ধরনের সচেতন বার্তা দেবেন। কিন্তু সমিরনের ভাবনা আলাদা। তিনি দেখলেন যে সমস্ত জিনিস ব্যবহার করে ছেলেমেয়েরা নেশায় আসক্ত হয় সেই সমস্ত জিনিস দিয়েই প্রতিমা তৈরি করলে হয়তো সচেতন বার্তাটা একটু ভিন্ন স্বাদের হবে। তাই তিনি ফেলে দেওয়া ইনজেকশনের সিরিঞ্জ দিয়ে গনেশ প্রতিমা তৈরি করার পরিকল্পনা নেন। এর সঙ্গে যুক্ত করে সাবান। সাবান দিয়ে গণেশের শারীরিক গঠন তৈরি করলেও তার আনুষাঙ্গিক জিনিসপত্র হিসাবে সিরিঞ্জ ও বিভিন্ন সামগ্রী কাজে লাগান। এই সিরি ঞ্জ দিয়ে নেশার সাদ মিটায় অনেক যুবক যুবতী। তিনি বুঝাতে চেয়েছেন সিরিঞ্জ দিয়ে নেশা না করে তাকে কাজে লাগাও হোক শিল্প সৃষ্টিতে। আর এই ভাবনাই তিনি ফুটিয়ে তুলেছেন চোখ ধাঁধানো গণেশ ঠাকুর। উচ্চতায় খুবই ছোট। তবু তার শিল্পের মধ্যে রয়েছে আধুনিকতার ছোঁয়া। যা নজর কারা। এভাবে সমিরনের ঘরে দেবী দুর্গা থেকে শুরু করে নানা মূর্তি ও ভাস্কর্য রয়েছে যার পেছনে হাজার টাকার খরচা নেই। শুধুমাত্র একজন শিল্পী কাছে শিল্প সত্তাকে ফুটিয়ে তোলার বহু সামগ্রী রয়েছে যা হয়তো আমি আপনার মত অনেকের ঘরে এই ধরনের সামগ্রী ফেলে দেই। তাকে দিয়েই যে সৃষ্টি করা সম্ভব না দেখালেন শিক্ষক সমিরন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# নিগৃহীত শিক্ষিকা

● প্রথম পাতার পর

বিদ্যালয়ের কম্পিউটার শিক্ষিকা রাজশ্রী দেবনাথকে শারীরিকভাবে নিগৃহীত করেন বলে অভিযোগ। পরে সেই শিক্ষিকা তার পিতার কাছে বিষয়টি জানালে, তার পিতা রাজ্যের শিক্ষা অধিকর্তা এনসি শর্মার গোচরে বিষয়টি জানান। তৎক্ষণাৎ শিক্ষা অধিকর্তা সেই বিষয়টি খতিয়ে দেখার জন্য সিপাহীজলা জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিকের কাছে ফোন করেন। জেলা শিক্ষা আধিকারিক কিছুক্ষণের মধ্যেই দপ্তরের ওএসডি এন্থনী দেববর্মা, বিশালগড় বিদ্যালয় পরিদর্শক প্রদীপ দেববর্মা সমেত একটি তদন্তকারী টিম পাঠান বিশালগড় ইংলিশ মিডিয়াম স্কুলে। বদ্ধ ঘরে অভিযুক্ত স্কুলের প্রধান শিক্ষক চন্দন কুমার দেবনাথের সাথে কথা বলে ওএসডি এন্থনী দেববর্মা তার প্রতিক্রিয়ায় প্রধান শিক্ষককে বাঁচাতে চাইলেও প্রধান শিক্ষক চন্দন কুমার দেবনাথের বিরুদ্ধে এই অভিযোগ যে সত্য তা আমাদের প্রতিনিধিদের সাথে ফোনালাপে স্বীকার করেছেন জেলা শিক্ষা আধিকারিক নিজে। শুধু এই ঘটনা নয়, বিশালগড়ের একমাত্র সরকারী ইংলিশ মিডিয়াম বিদ্যালয়ের বিরুদ্ধে নানাহ অভিযোগ রয়েছে। এই বিদ্যালয়ের কচিকাঁচা শিশুদের মিড-ডে-মিলের খাবারের গুনগত মান নিম্নমানের বলেও প্রমানিত হয়েছিল কিছুদিন পূর্বে। এফসিআই এর সাথে বিদ্যালয়ের চালের স্টকের কোন মিল নেই। প্রায় কয়েক কুইন্টাল চালের নয়ছয়ের অভিযোগ বিদ্যালয়ের বিরুদ্ধে। তাছাড়াও নানাহ অভিযোগ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে। কিন্তু কোন এক অজানা কারনে প্রতিক্ষেত্রেই পার পেয়ে যাচ্ছেন চন্দন কুমার দেবনাথ। সাসপেন্ড তো দুরের কথা উনাকে এই বিদ্যালয় থেকে ট্র্যান্সফার করার সাহস পর্যন্ত দেখাতে পারছে না বিদ্যালয় শিক্ষা দপ্তর। কি কারন, কারন একটাই তিনি নাকি শাসক দল সমর্থিত গেজেটেড কর্মচারী সংগঠনের নেতা। এখন প্রশ্ন হচ্ছে নেতা বলে কি তিনি যা ইচ্ছে তাই করতে পারেন ? নেতা বলে কি তিনি একজন শিক্ষিকাকে স্কুলের ভেতরে শারীরিক ভাবে নিগৃহীত করতে পারেন ? নেতা বলে কি শিক্ষার অধিকার আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে নিজ মর্জিমাফিক টাকার বিনিময়ে ছাত্রদের কাছে বই বিক্রি করতে পারেন ? নেতা বলে কি মিড-ডে-মিলে ছাত্রছাত্রীদের অস্বাস্থ্যকর খাবার খাওয়াতে পারেন ? তা জানা নেই, কিন্তু বিদ্যালয় শিক্ষা দপ্তরের নীরবতা কিন্তু এই সব অভিযোগের পক্ষেই সায় দিচ্ছে।তবে বিদ্যা জ্যোতি ইংলিশ মিডিয়াম স্কুলের প্রধান শিক্ষকের রুমে যে সিসি ক্যামেরা রয়েছে, সিপাহীজলা জেলা শিক্ষা আধিকারিক যে প্রতিনিধি দল পাঠিয়েছিলেন তা দেখার প্রয়োজনীয়তা মনে করেননি।

# প্রদ্যোৎ

● প্রথম পাতার পর

তিপ্রা মথার সুপ্রিমো।তিনি আরো বলেন, বিরোধী দলে থেকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং শাসক দলের অন্যান্য নেতৃত্বেদের সাথে দেখা করা এতটা সহজ নয়। কারণ নেতৃত্বদের কাছে তিপ্রা মথা গুরুত্বপূর্ণ নয়, গুরুত্বপূর্ণ তিপ্রাসা।

উল্লেখ্য তিপ্রা মথা দলে ভাঙন অব্যাহত রাজ্যে। রাজনৈতিক মহলের মতে, নেতৃত্বের অভাবে ভুগছে দল। প্রতিদিন পাহাড়ের বিভিন্ন জায়গায় দলে দলে তিপ্রা মথা সমর্থকেরা অন্যান্য দলে যোগদান করেছেন। তিপ্রাল্যান্ড স্টেট পার্টি তিপ্রা মথা দল থেকে বেরিয়ে আলাদা সত্ত্বা নিয়ে উপজাতিদের সাংবিধানিক দাবী আদায়ের লক্ষ্যে লড়াই করবে বলে জানিয়েছেন তিপ্রাল্যান্ড স্টেট পার্টির নেতা শ্রীদাম দেববর্মা। তিনি দলের বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলেছেন। তবে প্রদ্যুত কিশোর দেববর্মণ এই বিষয়ে কোনো কিছুই বলতে নারাজ ছিলেন এদিন। তিনি বলেন, তিনি উপজাতিদের উন্নয়নে আওয়াজ তুলবেন, দল পরে আসবে।

# ইঞ্জিনিয়ার্স ডে

● আটের পাতার পর

রয়েছেন। এই দুইজনের উদ্দ্যোগে আজকের মহানদিনটিকে স্মরনীয় করে রাখার জন্য শান্তির বাজার জেলা হাসপাতালে চিকিৎসাধীন রুগি ও কর্তব্যরত স্বাস্থ্যকর্মীদের মধ্যে মিষ্টি ও ফল বিতরন করে সমাজসেবামূলক কাজে এগিয়েরয়েছেন। আজকের এই কর্মসূচীর মাধ্যমে কেন আজকে ইঞ্জীনিয়র্স ডে পালনকরাহয় এবং এইদিনের গুরুত্ব সম্পর্কে কিছু বক্তব্য সকলের সামনে তুলেধরেন বক্তারা। আজকের এই কর্মসূচী সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানান এক্সিউটিভ ইঞ্জিনিয়ার তাপস মারাক। এই অনুষ্ঠানে উপস্থিত ইঞ্জীনিয়ার্সদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দিপনা লক্ষ্যকরাযায়।

# আসছে নারীরা

● আটের পাতার পর

স্তম্ভে পরিণত করতে সক্ষম করা একটি জয়-জয়কার দৃশ্য — একটি সমৃদ্ধিশীল অর্থনীতির সাথে বর্ধিত লিঙ্গ সমতা। আমরা বেসরকারী খাতকে কেবল অর্থদাতা এবং সংগ্রহকারী হিসাবে নয় বরং প্রবৃদ্ধির পরামর্শদাতা এবং সহায়ক হিসাবেও এগিয়ে যেতে উৎসাহিত করছি।আমরা সকল স্তরে নারী নেতৃত্ব প্রচারে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা সিদ্ধান্ত গ্রহণের স্তরে নারীদের অগ্রগতি বাড়াতে, অন্তর্ভুক্তিমূলক কর্মক্ষেত্র নীতি প্রবর্তন, লিঙ্গ বৈচিত্র্যের পরিমাপ নিয়মিত পর্যালোচনা এবং প্রকাশনা পরিচালনা করতে এবং মহিলা কর্মচারীদের নিরাপত্তা ও মঙ্গল নিশ্চিত করতে সক্ষমতা-নির্মাণ কর্মসূচি তৈরি করছি। নারীদের সত্যিকার অর্থে ক্ষমতায়ন করতে, আমাদের সমাজের সকল স্তরে নেতৃত্ব এবং সিদ্ধান্ত গ্রহণে তাদের ভূমিকা পালন করতে হবে।এই উদ্যোগের ভারতের সভাপতিত্বে ছয়টি বাস্তব ফলাফলের উপর আলোকপাত করতে আমরা বিশেষভাবে গর্বিত। প্রথমত, আমরা টেক-ইকুইটি প্ল্যাটফর্ম চালু করেছি, একটি অনন্য ডিজিটাল প্ল্যাটফর্ম যা নারীদের জ্ঞানের মাধ্যমে এগিয়ে থাকতে সাহায্য করার জন্য তৈরী করা হয়েছে। ১২০ টি ভাষায় উপলব্ধ, এই প্ল্যাটফর্মটি আগামী ছয় মাসের মধ্যে কমপক্ষে ১০ লক্ষ্য নারীর কাছে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে।দ্বিতীয়ত, আমরা একটি কে পি আই ড্যাশবোর্ড তৈরি করেছি, যা নারীর ক্ষমতায়ন এবং প্রতিনিধিত্বের অগ্রগতি দেখার জন্য একটি পরিমাপযোগ্য এবং পদ্ধতিগত উপায় প্রদান করে। দৃঢ় পদ্ধতি ব্যবহার করে ধারাবাহিকভাবে এই পরিসংখ্যানগুলি নজরদারির মাধ্যমে, আমরা সমস্ত ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ বাড়ানোর নিদর্শন, মূল কারণ এবং সম্ভাব্য হস্তক্ষেপগুলি সনাক্ত করতে পারি। তৃতীয়ত, আমরা একটি শ্রেষ্ঠ অনুশীলন তৈরি করেছি, একটি সমীক্ষা-ভিত্তিক বিশ্লেষণাত্মক সরঞ্জাম যা সর্বোত্তম অনুশীলনগুলি সংকলন করে এবং সারা বিশ্ব থেকে কার্যকর কৌশল এবং অনুশীলনগুলি ভাগ করার জন্য তৈরী করা হয়েছে। প্লেবুকের ২০২৩ সংস্করণে ১৯ টি জি-২০ এবং অতিথি দেশ থেকে ১৪৯ টি সেরা অনুশীলন রয়েছে।চতুর্থত, আমরা জি-২০ এম্পাওয়ার ওয়েবসাইটে অনুপ্রেরণামূলক গল্পগুলির একটি বিশেষ বিভাগ তৈরি করেছি যাতে জি-২০ দেশ ও অতিথি দেশ জুড়ে নারী অর্জনকারীদের সাফল্যের গল্প তুলে ধরা হয়। ১০ টি দেশের ৭৩ টি অনুপ্রেরণামূলক কাহিনী নিয়ে জি ২০ এমপাওয়ার ওয়েবসাইটে দেখানো হয়েছে।

পঞ্চমত, আমাদের সভাপতিত্বের অধীনে, ভারত আইনজীবীদের নেটওয়ার্ক সম্প্রসারণ এবং অঙ্গীকার গ্রহণের জন্য জি ২০ এমপাওয়ার উদ্যোগকে সমর্থন অব্যাহত রেখেছে। জি ২০ এমপাওয়ার এডভোকেট নেটয়ার্ক, যা লিঙ্গ সমতা প্রচারের জন্য প্রতিশ্রুতিবদ্ধ প্রভাবশালী সংস্থার সমন্বয়ে গঠিত, তার সম্প্রসারণ অব্যাহত রেখেছে, জি-২০ দেশ জুড়ে ৫০০ জনেরও বেশি আইনজীবীর কাছে পৌঁছেছে।

এই উদ্যোগগুলির পাশাপাশি, আমরা গান্ধীনগর ঘোষণাও গ্রহণ করেছি, যা লিঙ্গ সমতার জন্য বেসরকারি খাতের একটি গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি। এই ঘোষণার অধীনে, কোম্পানিগুলি তাদের কর্মশক্তির কমপক্ষে ৩০ শতাংশ নারী হবে তা নিশ্চিত করার অঙ্গীকার করে। যেসব সেক্টরে ইতিমধ্যেই ৩০ শতাংশ নারী কর্মী রয়েছে, তাদের অঙ্গীকারটি নিশ্চিত করা হয়েছে যে সংস্থার সমস্ত স্তরের ৩০ শতাংশ নারী। এই ঘোষণার লক্ষ্য ২০৩০ সালের মধ্যে অর্জন করা হবে, এটি আরও ন্যায়সঙ্গত এবং অন্তর্ভুক্তিমূলক কর্মীবাহিনী তৈরির জন্য আমাদের সম্মিলিত অঙ্গীকারের প্রমাণ।

*(লেখিকা জি-২০ এমপাওয়ার - এর সভাপতি, ফিকি (FICCI) এর প্রাক্তন সভাপতি; মতামত ব্যাক্তিগত)*

# আটক ৬

● প্রথম পাতার পর

শুরু করেছে। রাজধানী আগরতলা শহরের অলিগলিতে নেশাখোর ও নেশা কারবারিদের অবাধ বিচরণ পরিলক্ষিত হচ্ছে। পুলিশ অবশ্য নেশা কারবারি ও নেশাখোরদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রেখেছে। শহরে নেশার রমরমা বাণিজ্য চলছে। অবশেষে এলাকাবাসীর কাছ থেকে অভিযোগ পেয়ে পশ্চিম আগরতলা থানার পুলিশ ব্রাউন সুগার, ইয়াবা ট্যাবলেট সহ ৬ জনকে আটক করেছে। জানা যায়, বৃহস্পতিবার রাতে পশ্চিম থানার ওসি জয়ন্ত দে'র নেতৃত্বে বাদুরতলিতে টুটন দেববর্মার বাড়িতে অভিযান চালানো হয়। অভিযানে ধরা পড়ে নেশাকারবারিরা। টুটনের বাড়িতে তল্লাশি করে ৩৫০ টি ব্রাউন সুগারের কৌটা, ১৪০ টি ইয়াবা ট্যাবলেট, নেশার জন্য ব্যবহৃত স্পন্সো প্রকটিভন ৫০০ টি উদ্ধার করা হয়। টুটন ছাড়াও গ্রেফতার করা হয়েছে বেহালাবাড়ির ঝকি দেববর্মা, টাকার জলার সজল দেববর্মা, কৃষ্ণনগরের অরূপ দেববর্মা এবং তেলিয়ামুড়ার প্রসেনজিৎ দেববর্মাকে। এই ৬ জন শহরের বিভিন্ন এলাকায় ঘুরে নেশার কৌটা এবং ট্যাবলেট বিক্রি করতো। তাদের জিজ্ঞাসাবাদ করে মূল নেশা কারবারিকে গ্রেফতার করতে চেষ্টা হচ্ছে বলে জানায় পুলিশ। এই ঘটনায় এন.ডি.পি.এস আইন অনুযায়ী মামলাও নিয়েছে পশ্চিম থানার পুলিশ। অভিযুক্তদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। পুলিশ কঠোর মনোভাব গ্রহণ করলে নেশার কপাল থেকে যুবসমাজকে খানিকটা হলেও রক্ষা করা সম্ভব হবে বলে শুভবুদ্ধি সম্পন্ন মানুষ মনে করেন।

# বিদ্যুৎ মন্ত্রী

● প্রথম পাতার পর

মধ্যে ত্রিপুরার সমস্ত পরিবারকে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য তাদের প্রতিশ্রুতির উপর জোর দেওয়া হচ্ছে। বাস্তুচ্যুত ব্রু শরণার্থীদের অন্তর্ভুক্তি ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশন লিমিটেডের গ্রাহক ভিত্তিকে প্রসারিত করেছে। সৌভাগ্য যোজনা প্রকল্পের প্রাথমিক পর্যায়ে প্রায় ২৪ হাজার পরিবার বাদ পড়েছিল, যা পরিবারগুলিতে বিনামূল্যে সংযোগ প্রদান করে। এই পরিবারগুলিকে অন্তর্ভুক্ত করা হলে, রাজ্যের প্রতিটি বাড়িতে বিদ্যুৎ থাকবে। তিনি বলেন, ' আমরা ইতিমধ্যে বিদ্যুৎ খুঁটি এবং তারের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করেছি," এদিন বিদ্যুৎ মন্ত্রী, বিদ্যুৎ খাতে স্বচ্ছতা বাড়াতে স্মার্ট বিদ্যুৎ মিটার সংগ্রহের কথাও তুলে ধরেন। তিনি বলেন, এই মিটারগুলিকে মোবাইল ফোনের সাথে সংযোগ করা যেতে পারে। ব্যবহারকারীদের রিডিংগুলি দূরবর্তীভাবে পর্যবেক্ষণ করতে দেয়। তারা বিলিং স্বচ্ছতা উন্নত করে, বিদ্যুৎ খরচের ধরণগুলির উপর বিস্তারিত পরিসংখ্যানও প্রদান করে।ত্রিপুরায় বিদ্যুত বিতরণ আধুনিকীকরণের জন্য এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের অর্থায়নে ১.৫ লাখ এবং অবশিষ্ট ৪.৫ লাখ পুনর্গঠিত বিতরণ সেক্টর স্কিম দ্বারা তহবিল সহ মোট ছয় লাখ এই ধরনের মিটার সংগ্রহ করা হচ্ছে বলে জানিয়েছেন মন্ত্রী রতন লাল নাথ।

# জখম পাঁচ

● প্রথম পাতার পর

হাসপাতালে নিয়েআসে। শান্তির বাজার দমকল বাহিনীর শিফট লিডার কেশব বৈদ্য, উত্তমকুমার দাস ও অন্যান্য কর্মীরা সারা রাত ব্যাপী সঠিকসময়ে দুর্ঘটনাস্থলে উপস্থিতহয়ে আহতদের সঠিকসময়ে চিকিৎসা পরিষেবা প্রদানে শান্তির বাজার জেলাহাসপাতালে নিয়ে আসে। অপরদিকে মেলাপ্রাঙ্গনে নানান অসামাজিক কাজ দমনে ও সকলের সঠিক নিরাপত্তা প্রদানে কাজকরেগেছেন মনপাথর ফাঁড়ী থানার ওসি জয়ন্ত দাস ও শান্তির বাজার থানার এস আই সুজিত সরকার। মেলায় কিছুসংখ্যক যুবক অসামাজিক কাজে লিপ্ত ছিলো এবং কিছু সংখ্যক যুবক নেশার রমরমা ব্যবসা থেকে শুরু করে মিনি বারে পরিনত করেছিলো মেলাকে। এইসকল অসাধু ব্যবসায়ী ও অসাধু লোকজনদের প্রতি কঠোর পদক্ষেপ গ্রহণ করলো ওসি জয়ন্ত দাস ও এস আই সুজিত সরকার।

# চড়িলাম পঞ্চায়েত ও ভিলেজ কমিটিকে ডাস্টবিন ও ট্রাই সাইকেল বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৫ সেপ্টেম্বর।।** চড়িলাম আর ডি ব্লকের উদ্যোগে শুক্রবার চড়িলাম ব্লকের অন্তর্গত বিভিন্ন পঞ্চায়েত ও ভিলেজ কমিটির প্রতিনিধিদের হাতে ডাস্টবিন এবং ট্রাইসাইকেল বিতরণ করা হয়। চড়িলাম ব্লকের অধীন ১১ টি গ্রাম পঞ্চায়েত এবং দশটি ভিলেজে কমিটির জনপ্রতিনিধির হাতে সেক্রিবেশন বিন এন্ড ট্রাই সাইকেল তুলে দেওয়া হয়। চড়িলাম ব্লকে এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন চড়িলাম ব্লক বিএসি চেয়ারম্যান জাকুলো দেববর্মা, এস বি এম এর মেম্বার সেক্রেটারি পিকন দাস, চড়িলাম ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক রুপম দাস, চড়িলাম ব্লকের এডিশ্যানাল বিডিও অমিতাভ চক্রবর্তী সহ অন্যান্য আধিকারিক গণ। সিপাহীজলা জেলা প্রশাসনের আর্থিক সহযোগিতায় চড়িলাম ব্লকের ২১ টি গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কমিটির মধ্যে ট্রাই সাইকেল এবং সিগ্রিবেশন বিন গুলি তুলে দেয়া হয়। এছাড়া চড়িলাম ব্লকের বিএসি ফান্ড থেকে সুতার মুড়া বিদ্যালয় এবং রামনারায়ণ ঠাকুরপাড়া উচ্চ বিদ্যালয়ে মোট ৬০টি বেঞ্চ দেওয়া হয়। এছাড়া মুখ্যমন্ত্রী স্বনির্ভর যোজনা ছয়টি গ্রাম পঞ্চায়েতে ২০৫ জন ক্ষুদ্র ব্যবসায়ীর হাতে ইন্সুরেন্স সার্টিফিকেট তুলে দেওয়া হয়।উক্ত অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে সিপাহীজলা জেলার মেম্বার পিকন দাস বলেন সিপাহীজলা জেলা প্রশাসনের ফান্ড থেকে সেক্রিবেশন বিন জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েত ও ভিলেজ কমিটিকে দেওয়া হয় অন্যদিকে জেলার মধ্যে ১৬৫ টি ট্রাই সাইকেল বিতরণ করা হয়।এতে উপকৃত হবে সাধারণ জনগণ। সরকার নাগরিকদের উন্নত পরিষেবা প্রদানের লক্ষ্য প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। নাগরিক পরিষেবা গুলো মানুষের দুয়ারে পৌঁছে দিতে সরকার বদ্ধপরিকর।

# আইন-শৃঙ্খলা পরিস্থিতি সহ সার্বিক বিষয়ে আরক্ষা প্রশাসনের বৈঠক ধর্মনগরে

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৫ সেপ্টেম্বর।।** উত্তর ত্রিপুরা জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সহ সার্বিক বিষয় নিয়ে আরক্ষা প্রশাসনের আধিকারিকদের নিয়ে ধর্মনগরে গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে শুক্রবার। নেশা সামগ্রীর বিরুদ্ধে অভিযান আরো কঠোর করার উপর এদিন বৈঠকে গুরুত্ব আরোপ করা হয়েছে বলে পুলিশ সূত্রে খবর।

এদিন উত্তর জেলা সদর ধর্মনগরের জেলা পুলিশ সুপারের অফিসে রাজ্য পুলিশের আইজি সৌমিত্র ধরের উপস্থিতিতে পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তীকে নিয়ে পুলিশ প্রশাসনিক কর্তাদের স্তরে স্তরে বৈঠক সম্পন্ন হয়েছে। উত্তর জেলা পুলিশের বর্তমান কাজের খতিয়ান এবং ভবিষ্যৎ কাজের রূপরেখা নিয়ে এদিন বিস্তারিত আলোচনা হয়েছে। এর পাশাপাশি বিশ্ব ক্যারাটে চ্যাম্পিয়নশিপে বাগবাসা বিধানসভা কেন্দ্রের প্রিয়া নাথকে এদিন সংবর্ধিত করা হয়েছে। সে ক্যারাটে চ্যাম্পিয়ানশিপে তৃতীয় স্থান অধিকার করে রাজ্য তথা ভারতবর্ষের মুখ উজ্জ্বল করেছে। আগস্ট মাসে নেশা বিরোধী অভিযানে যেসব পুলিশ কর্মী এবং স্বেচ্ছাসেবকরা সক্রিয় ভূমিকা দেখিয়ে পারদর্শিতা অর্জন করেছে তাদেরকেও এদিন সংবর্ধিত করা হয়েছে।

# কানাডায় ফের হেনস্তার শিকার এক শিখ পড়ুয়া, অভিযোগ দায়ের

অটোয়া, ১৫ সেপ্টেম্বর (হি.স.)কানাডায় ফের নৃশংস হিংসার শিকার এক শিখ পড়ুয়া। জানা গিয়েছে, বাসে উঠতে বাধা দেওয়া হয় ১৭ বছর বয়সি ওই ছাত্রকে। তার পরে বাসের মধ্যেই মারধর করে তার চোখে বিয়ার ও লঙ্কার গুঁড়ো ছিটিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে সহপাঠীদের বিরুদ্ধে। এই ঘটনার কথা প্রকাশ্যে আসতেই অপরাধীদের কড়া শাস্তি দেওয়ার দাবিতে সরব হয়েছে শিখদের সংগঠন। প্রসঙ্গত, চলতি বছরে এই নিয়ে দ্বিতীয়বার কানাডায় হেনস্তার শিকার হলেন শিখ পড়ুয়া।ঘটনাটি ঘটেছে গত সোমবার। কানাডার ব্রিটিশ কলম্বিয়া প্রদেশের একটি বাস স্টপে। স্থানীয় পুলিশ সূত্রে জানা গিয়েছে, বাড়ি ফেরার সময় বাসে ওঠা নিয়ে শিখ পড়ুয়ার সঙ্গে বচসা শুরু হয় তার এক সহপাঠীর। অভিযোগ, শিখ পড়ুয়াকে বাসে উঠতে দেওয়া হয়নি। তবে বেশ খানিকক্ষণ পরে বাসে উঠে পড়ে দুজনেই।বাসের মধ্যেই শিখ পড়ুয়াকে হেনস্তা করা হয়েছে বলেই অভিযোগ। বাসের মধ্যেই তাকে মারধর করা হয়। তার পর চোখে বিয়ার ঢেলে দিয়ে লঙ্কার গুঁড়ো ছিটিয়ে দেয় শিখ পড়ুয়ার দুই সহপাঠী। তারপর ধাক্কা মেরে বাস থেকে ফেলে দেওয়া হয় ওই পড়ুয়াকে। গোটা ঘটনার ভিডিও ছড়িয়ে দেওয়া হবে বলেও শিখ পড়ুয়াকে হুমকি দেওয়া হয়।কানাডার পুলিশের কাছে বৃহস্পতিবার এই ঘটনার প্রেক্ষিতে অভিযোগ দায়ের হয়। তদন্ত শুরু হওয়ার পরেই এই হেনস্তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানায় কানাডার ওয়ার্ল শিখ অর্গানাইজেশন। সংস্থার ভাইস প্রেসিডেন্ট গুন্তাস কউর বলেন, এই ঘটনা একেবারেই মেনে নেওয়া যায় না। দোষীদের কড়া শাস্তির দাবিতে সরব হয়েছে শিখদের সংস্থাটি।প্রসঙ্গত, চলতি বছরের মার্চ মাসেই ব্রিটিশ কলম্বিয়াতেই ২১ বছর বয়সি এক পড়ুয়া হেনস্তার শিকার হন।

# চাঁদনি চকের এলআইসি বিল্ডিংয়ে আগুন

কলকাতা, ১৫ সেপ্টেম্বর (হি.স.) ভরসন্ধ্যায় চাঁদনি চকের এলআইসি বিল্ডিংয়ে আগুন। কালো ধোঁয়ায় ঢাকল গোটা এলাকা। ব্যস্ত এলাকায় আগুন ছড়িয়ে পড়ার আশঙ্কায় জোর শোরগোল। বাতাসে হাওয়ার গতি বেশি থাকায়, সেই আগুন দ্রুত ছড়াতে শুরু করেছে। আগুন নেভানোর জন্য দমকলের চারটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছেছে।জানা গেছে, শুক্রবার ঘড়ির কাঁটায় সন্ধ্যা ৬টা ৪০ মিনিটে আগুন লাগে ওই বহুতলে। ৮ নম্বর মদন স্ট্রিটের ওপর অবস্থিত এই বহুতলটি একটি সওদাগরি অফিস। বাড়ির সবচেয়ে ওপরের তলার একটি অফিস ঘরে প্রথমে আগুন লাগে। ওই অফিসের কর্মীরাই প্রথম আগুন দেখতে পান। অফিসঘর থেকে দ্রুত আগুন ছড়াতে শুরু করে। আগুনের তীব্রতা ক্রমশই বাড়তে থাকে। চারপাশ কালো ধোঁয়ায় ঢেকে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের একাধিক ইঞ্জিন।যে বিল্ডিংয়ে আগুন লেগেছে তার পাশেই চাঁদনি মার্কেট। বৈদ্যুতিন জিনিসে ভরা এই মার্কেটে আগুন ছড়িয়ে গেলেই বড়সড় বিপদ ঘটবে। তাই আগুন দ্রুত নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালাচ্ছেন দমকলকর্মীরা। ঘিঞ্জি এলাকা হওয়ায় আগুন নিয়ন্ত্রণে আনতে বেগ পেতে হচ্ছে তাঁদের।ওই বিল্ডিংয়ে এলআইসি অফিস থেকে শুরু করে বড়বড় সংস্থার অফিস রয়েছে। এমনকী কোয়ার্টারও আছে। ফলে বেশ কয়েকটি পরিবারের বাস এখানে। প্রত্যক্ষদর্শীদের কথায়, যে ঘরে আগুন লেগেছে সেখানে এসি রয়েছে। সেখান থেকেই আগুন লেগেছে বলে অনুমান তাঁদের।

# আগ্নেয়াস্ত্র কেনার সময় মিথ্যা তথ্য দিয়ে অভিযুক্ত হলেন বাইডেনের ছেলে

ওয়াশিংটন, ১৫ সেপ্টেম্বর (হি.স.): আগ্নেয়াস্ত্র কেনার সময় মিথ্যা তথ্য দিয়ে অভিযুক্ত হলেন বাইডেনের ছেলে হান্টার বাইডেন। বৃহস্পতিবার হান্টারকে তিনটি ফৌজদারি অপরাধে অভিযুক্ত করা হয়। হান্টারের বিরুদ্ধে তিনটি অভিযোগের মধ্যে একটি হল, ফেডারেল আগ্নেয়াস্ত্র ফরমে মিথ্যা বিবৃতি দেওয়া এবং নিষিদ্ধ ব্যক্তি হিসেবে আগ্নেয়াস্ত্র রাখা।মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে এ প্রথম ক্ষমতাসীন কোনও প্রেসিডেন্টের সন্তান ফৌজদারি অপরাধের অভিযোগে অভিযুক্ত হলেন। যুক্তরাষ্ট্রে হান্টারই প্রথম কোনো ক্ষমতাসীন প্রেসিডেন্টের সন্তান হিসেবে ফৌজদারি অপরাধের অভিযোগে বিচারের মুখোমুখি হলেন। ডেলাওয়্যারের একটি আদালতে হান্টারকে অভিযুক্ত করা হয়। তার বিরুদ্ধে আনুষ্ঠানিক এ অভিযোগ আনেন বিশেষ কেঁসুলি ডেভিড ওয়েইস।অভিযোগে বলা হয়, ২০১৮ সালের অক্টোবরে ডেলাওয়্যারে একটি আগ্নেয়াস্ত্রের দোকান থেকে একটি রিভলবার কেনেন বাইডেনের ছেলে হান্টার। সেটি কেনার সময় তিনি মিথ্যা তথ্য দিয়েছিলেন। বলেছিলেন, তিনি কোনও উত্তেজক মাদকদ্রব্যের বেআইনি সেবক নন। তিনি মাদকাসক্তও নন। অথচ সে সময় তিনি মাদক (কোকেন) সেবক ছিলেন।মার্কিন ফেডারেল আইন অনুসারে আগ্নেয়াস্ত্র ক্রয়ের সময় বাধ্যতামূলকভাবে কিছু তথ্য দিতে হয়। এ সময় মিথ্যা বলা অপরাধ। সে সঙ্গে মাদক ব্যবহারকালে আগ্নেয়াস্ত্র রাখাও অপরাধ। মার্কিন বিচার বিভাগের বিবৃতির তথ্যানুযায়ী, মামলায় দোষী সাব্যস্ত হলে সর্বোচ্চ ২৫ বছরের কারাদণ্ড হতে পারে হান্টারের।

# করিমগঞ্জে জুয়ার ডেরায় পুলিশের হানা, বাজেয়াপ্ত নগদ টাকা-মোবাইল গ্রেফতার নয়

করিমগঞ্জ (অসম), ১৫ সেপ্টেম্বর (হি.স.) : ফের করিমগঞ্জ শহরের জুয়ার ডেরায় হানা দিয়েছে সদর থানার পুলিশ। বৃহস্পতিবার গভীর রাতে গোপন খবরের ভিত্তিতে অভিযানে নেমে এই সাফল্য লাভ করেছে সদর পুলিশের দল। অভিযানে গ্রেফতার করা হয়েছে নয় জুয়াড়িকে। পাশাপাশি বাজেয়াপ্ত করা হয়েছে নগদ টাকা সহ সাতটি মোবাইল ফোনের হ্যান্ডসেট।জানা গেছে, কেন্দ্রীয় আধাসামরিক বাহিনীর জওয়ানদের নিয়ে বৃহস্পতিবার রাতে শহরের রেলগেট এলাকায় অভিযান চালায় পুলিশ। ওই অভিযানে জুয়ার আসর থেকে উদ্ধার হয়েছে ৮৫ হাজার ৩১০ টাকা। মোট ৯ জুয়াড়িকে গ্রেফতার করা হলেও, বেশ কয়েকজন ওই আসর থেকে পালিয়ে গা ঢাকা দিয়েছে বলে জানা গেছে।পুলিশ সূত্রে জানা গেছে, বিভিন্ন প্রান্ত থেকে জুয়ারিরা ওই আসরে শামিল হতো। দিনে-রাতে চলত জুয়া খেলার আসর। ধৃতদের রাতভর থানায় আটকে রেখে জিজ্ঞাসাবাদ করে পুলিশের অফিসাররা। এর পর মামলা রুজু করে গ্রেফতার করে শুক্রবার আদালতে তোলা হলে আদালতের নির্দেশে জুয়াড়িদের ঠাঁই হয় সংশোধনাগারে।সদর পুলিশের জনৈক আধিকারিক জানান, আর কোথাও জুয়ার এমন ঠেক রয়েছে কিনা তা জানার চেষ্টা করছেন তাঁরা। কোনও ধরনের জুয়ার আসর বসার খবর বা অভিযোগ পেলেই সঙ্গে সঙ্গে অভিযানে নামা হবে বলে জানান তিনি।উল্লেখ্য, পুলিশ প্রশাসনের সব কঠোরতাকে বৃদ্ধাঙুল দেখিয়ে করিমগঞ্জ শহরের আনাচে-কানাচে চলছে জুয়ার আসর। করিমগঞ্জের সন্তরবাজারে দীর্ঘদিন ধরে জাঁকিয়ে বসছে সর্বনাশা তির সহ নানা ধারনের জুয়ার ঠেক।

# বেড়ে ৬

● প্রথম পাতার পর

পরিস্থিতি সামলাতে তাই তৎপর প্রশাসন। শুক্রবার বাম শাসিত রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী বীণা জর্জ পরিস্থিতি সম্পর্কে একটি বিবৃতি দিয়ে একথা জানিয়েছেন। জানা যাচ্ছে, আক্রান্তদের সংস্পর্শে যাঁরা এসেছেন, তাঁদের মধ্যে ২৮৭ জন স্বাস্থ্যকর্মী। সংক্রমণ যাতে আর না ছড়ায় তা নিশ্চিত করতে বড় জমায়েতে নিষেধাজ্ঞা জারি করা হচ্ছে। ইতিমধ্যেই শুক্রবার নমাজ সকলকে বাড়িতেই পড়তে বলা হয়েছে। ৪ আক্রান্ত রয়েছেন বেসরকারি হাসপাতালে। এছাড়াও কোঝিকোড়ের মেডিক্যাল কলেজে পর্যবেক্ষণে রাখা হয়েছে ১৭ জনকে।উল্লেখ্য, কোঝিকোড়ে এর আগেও নিপা ভাইরাসের দৌরাত্ম্য দেখা দিয়েছে। ২০১৮ ও ২০২১ সালে দু'বার আতঙ্ক ছড়িয়েছিল নিপা। প্রথমবার ২৩ জনের আক্রান্ত হওয়ার খবর মিলেছিল। প্রাণ হারিয়েছিলেন ১৮ জন। এবার নতুন করে আতঙ্ক ছড়াতে শুরু করেছে।

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023





শুক্রবার বিজেপির সদর দপ্তরের সামনে রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্যের হাতে মাটির অমৃত কলস অর্পণ করেন বিভিন্ন বুথের মন্ডল সভাপতিরা।

## শান্তিরবাজারে ইঞ্জিনিয়ার্স ডে পালিত

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৫ সেপ্টেম্বর।।** শুক্রবার শান্তির বাজার পূর্তদপ্তরের অফিস কার্যালয়ে ভারত রত্ন মোক্ষগুন্দম বিশ্বেশ্বরায়ের নবনির্মিত মুক্তি উন্মোচন ও মাল্যদানের মাধ্যমে ভারত রত্ন শ্রী মোক্ষগুন্দম বিশ্বেশ্বরায়ের ১৬২ তম জন্মজয়ন্তী উদযাপন করা হয় ও ৫৬ তম ইঞ্জীনিয়ার্স ডে পালন করা হয়। শান্তির বাজার পূর্ত দপ্তরের এক্সিউটিভ ইঞ্জীনিয়ার তাপস মারাক ও এস ডি ও প্রবীর বরন দাসের উদ্দ্যোগে একগুচ্ছ কর্মসূচীরমাধ্যমে আজকের এই বিশেষ দিনটি উৎযাপন করাহয়। এক্সিউটিভ ইঞ্জীনিয়ার তাপস মারাক ও এস ডি ও প্রবীরবরন দাস আজকের অনুষ্ঠানের মধ্যদিয়ে সকলকে দেখিয়েদিয়েছেন ইঞ্জিনিয়ার্সরা শুধুমাত্র উন্নয়নমূলক কাজের মধ্যে সীমাবদ্ধ থাকেননা। উনারা সমাজসেবা মূলককাজেও এগিয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

## মাসব্যাপী সাফাই অভিযান করবে পুর নিগম ঃ মেয়র



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** দুর্গোৎসবকে কেন্দ্র করে তৎপর আগরতলা পুরনিগম। শুক্রবার পুর নিগমের কনফারেন্স হলে প্রত্যেকটি ওয়ার্ড-এর কর্পোরেটরদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার, কমিশনার ডাঃ শৈলেশ কুমার যাদব, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত সহ অন্যান্যরা।

এদিন মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, এদিন আলোচনায় তিনটি বিষয় নিয়ে আলোচনা হয়েছে। প্রথমত, ইতিমধ্যেই ইসরো চন্দ্রযান-৩ এর সফল উৎক্ষেপণ করতে সমর্থ হয়েছে। সেই জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইসরো কে ধন্যবাদ জানানোর জন্য এক কর্মসূচী গ্রহণ করা হবে। সেই বিষয়ে এদিন আলোচনা হয়েছে। পাশাপাশি বৈঠকে আসন্ন দুর্গোৎসবকে শান্তিপূর্ণভাবে পরিচালনা করার জন্য বিস্তারিত আলোচনা হয়েছে এদিনের বৈঠকে। দুর্গোৎসব শান্তিপূর্ণভাবে পরিচালনা করতে রাস্তাঘাট, পানীয় জল সহ বিভিন্ন বিষয়ে এদিন আলোচনা হয়েছে বলে জানা গেছে। এদিন বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে আগামী ১৭ই সেপ্টেম্বর থেকে রাজ্যে একমাস ব্যাপী সাফাই অভিযান অনুষ্ঠিত হবে। তিনি বলেন, রাজ্যকে সুন্দর ও সুষ্ঠ রাখতে স্বচ্ছ ভারত অভিযান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। রাজ্যের প্রতিটি মহকুমার প্রতিটি স্থানে এক মাস ব্যাপী এই সাফাই অভিযান অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন মেয়র।

## সেকেরকোট বিদ্যালয়ে ৭৫ বছর পূর্তি অনুষ্ঠান সমাপ্ত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** সেকেরকোট উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উপলক্ষে তিনদিন ব্যাপী মহামিলন উৎসবের আয়োজন করেন স্কুল কর্তৃপক্ষ। গত ১২ই সেপ্টেম্বর মহামিলন উৎসবটির শুভ উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা। ১২ই সেপ্টেম্বর থেকে তিনদিন ব্যাপী শিক্ষার্থীর গঠনমূলক এবং বিভিন্ন প্রকার সামাজিক এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেন স্কুল কর্তৃপক্ষ, পাশাপাশি আয়োজন করা হয় কুইজ প্রতিযোগিতার। উক্ত কুইজ প্রতিযোগিতায় পশ্চিম ত্রিপুরা সহ সিপাহীজলা জেলার স্কুলের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে এবং কুইজ প্রতিযোগিতার প্রথম স্থান অধিকার করে বিশালগড়ের পূর্ব গকুলনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের একাদশ শ্রেণির ছাত্র তনয় দাস এবং মৌসুমী দাস। পূর্ব গকুলনগর স্কুল প্রথম স্থান অধিকার করায় খুশি ছাত্র-ছাত্রী থেকে শুরু করে অভিভাবক মহল। পূর্ব গকুলনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক চিন্ময় মজুমদার বলেন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ছাত্র-ছাত্রীদের মানবিক মূল্যবোধ সমৃদ্ধ শিক্ষা দেবার অধিকার শিক্ষক-শিক্ষিকাদের। খেলাধুলার মাধ্যমে শিক্ষার্থীর শিক্ষায়নে অভিনব উদ্যোগ গ্রহণ করেছে রাজ্য সরকার। এই ধরনের উদ্যোগ শিক্ষার্থীর শারীরিক-মানসিক এবং আধ্যাত্মিক বিকাশের সহায়তা হবে। সেকেরকোট উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫ তম বছর পূর্তি উৎসব এবং প্রাক্তনীদের নিয়ে মিলন মেলার আয়োজনকে বিদ্যালয়ের কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং এই অভিনব উদ্যোগের প্রশংসা করেন। আগামী দিনেও যাতে পূর্ব গকুলনগর স্কুল বিশালগড় মহকুমাতে সুনাম অর্জন করতে পারে সেদিকে নজর রাখবেন পাশাপাশি বিদ্যালয়ের সংঘটিত পঠন পাঠন এবং কাঠামোগত ব্যবস্থার উপর নজর দিবেন।

## স্বচ্ছ ভারত গঠনে কেন্দ্রীয় সরকার গুরুত্ব দিয়ে কাজ করছে ঃ কৌশল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** রাজ্যে শিল্প গড়ে ওঠার যথেষ্ট সম্ভাবনা রয়েছে বলে অভিমত ব্যক্ত করেছেন ভারত সরকার হাউসিং এন্ড আরবান অ্যাফেয়ার্স মন্ত্রকের মন্ত্রী কৌশল কিশোর। শুক্রবার এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ঋষ্যমুখ ব্লকের বাঁশপদুয়ায় নবনির্মিত টারসিয়ারী ওয়েস্ট প্রসেসিং সেন্টারের আনুষ্ঠানিক সূচনা হয়। কেন্দ্রীয় সরকারের স্বচ্ছ ভারত মিশন আরবান প্রকল্পের অধীন মিনিস্ট্রি অফ হাউসিং আরবান অ্যাফেয়ার্স এর আর্থিক সহায়তায় এই ওয়েস্ট প্রসেসিং সেন্টারটি নির্মাণ করা হয়েছে। এদিন সেন্টারের উদ্বোধন করেন ভারত সরকারের হাউসিং এন্ড আরবান অ্যাফেয়ার্স মন্ত্রকের মন্ত্রী কৌশল কিশোর। উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি কাকুলি দাস দত্ত, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ সহ আরো অনেকে। এই প্রকল্পের মোট ব্যয় হয় এক কোটি উনপঞ্চাশ লক্ষ টাকা। এই প্রকল্পকে সঠিকভাবে কাজে লাগানোর উপর তিনি গুরুত্ব আরোপ করেছেন।

## কর্মসংস্থান ও নেশার বিরুদ্ধে বাম যুবদের মিছিল

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৫ সেপ্টেম্বর।।** আজ বেলা একটায় বিলোনিয়ায় ছয় দফা দাবি নিয়ে ডি ওয়াই এফ আই এবং টি ওয়াই এফ এর যৌথ উদ্যোগে বেকারদের কর্মসংস্থান ও নেশার বিরুদ্ধে যুবাদের বিশাল মিছিল দেখলো বিলোনিয়ার শহরবাসী,মিছিলে উপস্থিত ছিলেন ডি ওয়াই এফ এর সর্বভারতীয় সম্পাদক হিমন রাজ ভট্টাচার্য, ত্রিপুরা রাজ্য সম্পাদক নবারুণ দেব, সভাপতি পলাশ ভৌমিক এছাড়াও সিপিআইএম রাজ্য কমিটির সম্পাদক জীতেন্দ্র চৌধুরী, বিধায়ক দীপঙ্কর সেন, অশোক মিত্র , এবং প্রাক্তন বিধায়ক সুধন দাস, বাসুদেব মজুমদার , রতন ভৌমিক ও বিলোনিয়া বিভাগীয় কমিটির সম্পাদক তাপস দত্ত সহ টি ওয়াই এফ এর নেতৃত্ব কৌশিক দেববর্মা সহ বিভিন্ন গণসংগঠনের কর্মীগণ ,আলোচনায় বক্তাগণ রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কাজকর্ম নিয়ে সমালোচনা করেন।

## মহিলাদের নিয়ে বিশেষ আলোচনাসভা কমলাসাগরে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** 'সেবা, সুশাসন ও গরীব কল্যানের' এর নয় বছর পূর্তি উপলক্ষে ভারত সরকারের তথ্য এবং সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন, আগরতলা শাখার উদ্যোগে সিপাহীজলা জেলার কমলাসাগর কসবেশ্বরী মন্দির চত্তরে আয়োজিত তিন দিন ব্যাপী আলোকচিত্র প্রদর্শনী শেষ হল শুক্রবার। এদিন স্থানীয় মহিলাদের মধ্যে পুষ্টি সচেতনতা তৈরিতে ''পোষণ মা'' প্রকল্পের উপর এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই আলোচনা সভায় মা ও শিশুদের পুষ্টি নিয়ে আলোচনা করেন চিকিৎসক কনক চৌধুরী এবং সাংবাদিক বিশ্বেন্দু ভট্টাচার্য। চিকিৎসক কনক চৌধুরী বলেন, একজন সুস্থ মা, একটি সুস্থ শিশু জন্ম দিতে পারে। দেশে অপুষ্টির হার ৩৮ শতাংশ। কেন্দ্র সরকার এই অপুষ্টির হার ২৫ শতাংশে কমিয়ে আনার লক্ষ্যে এই ''পোষণ মা'' প্রকল্প নিয়েছে। তিনি শরীরের পুষ্টি বজায় রাখতে স্থানীয় ও মরশুমি ফল ও শাকসব্জীর উপর গুরুত্ব দিয়েছেন। সাংবাদিক বিশ্বেন্দু ভট্টাচার্য সুস্বাস্থ্যের জন্য কৃত্তিম জীবনযাপন পরিবর্তনের কথা বলেন। সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন, আগরতলা শাখার ফিল্ড অফিসার সুদীপ্ত কর বলেন,



কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্প গুলি জন সাধারনের সামনে তুলে ধরতে এই ধরনের প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। যাতে সাধারণ মানুষ সরকারি প্রকল্প গুলির সুবিধা নিতে পারে। এদিন স্থানীয় মা ও শিশুদের মধ্যে সুস্থ শিশু প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় প্রায় ১২০ জন মা শিশু অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানকে কেন্দ্র করে স্থানীয় জনগনের উৎসাহ ছিল ব্যাপক।

## স্পন্দনের সচেতনতামূলক শিবির





**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** আজ ১৫ ই সেপ্টেম্বর স্পন্দন সামাজিক সংস্থা শুরু করলো একদিন ব্যাপী সচেতনতা মূলক শিবির। তিনটি স্কুলে আজ এই সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়েছে।প্রত্যেকটি স্কুলে ২৫০ থেকে ৩০০ ছাত্রছাত্রী এই সচেতনতামূলক অংশগ্রহণ করেন।আগরতলা শহরের অনেক জ্ঞানীগুণী সম্মানিত মানুষরা এই প্রোগ্রামে অংশগ্রহণ করেন এবং উনাদের বক্তৃতা দিয়ে অভিজ্ঞতা দিয়ে ছাত্র ছাত্রীদেরদের অনুপ্রাণিত করেন।উদ্বোধনী ভাষণে সংস্থা সম্পাদিকা ডঃ হেমন্তী ভট্টাচার্য বলেন,স্পন্দন সামাজিক সংস্থার প্রধান উদ্দেশ্য ও লক্ষ্য সমাজের কল্যাণ।আজ এইচআইভি/এইডস এর মরন ব্যাধির বিরুদ্ধে লড়াইয়ে আপনারা সবাই সম্মিলিত হন এই আমাদের অনুরোধ রইলো। আজ প্রয়োজন গন প্রতিরোধ, প্রয়োজন গণ লড়াই, প্রয়োজন গণজাগরণ। জীবনকে ভালবাসতে শিখতে হবে ছাত্র-ছাত্রীদের নিজেকে ভালবাসার নিজেকে ভালো রাখার প্রতিজ্ঞাতে আবদ্ধ করার আহ্বান জানান তিনি।স্পন্দনের ডাকে সাড়া দিয়ে আজ শহরের গণ্যমান্য ব্যক্তিত্বরা এই সচেতনতা মূলক শিবির অংশগ্রহণ করেন এবং উনাদের মূল্যবান বক্তব্য পেশ করেন। স্কুল অফ সায়েন্সের চেয়ারম্যান অভিজিৎ ভট্টচার্জী ড: সমরজিৎ ভট্টাচার্য ড: সোহম,শান্তনু চক্রবর্তী, অ্যাডিশনাল এসপি প্রণব দেবনাথ প্রজাপিতা ব্রহ্ম কুমারীর বেহেণ স্মৃতি ও অনামিকা মেডিটেশন ক্লাস করিয়ে এই সচেতনতা মূলক শিবিরের সমাপ্তি ঘোষনা করেন। তাছাড়া স্পন্দনের সদস্যদের অভিনীত এইচআইভি ও ড্রাগস এর উপর নাটক বিলম্বিত বোধদয় সবার দৃষ্টি আকর্ষণ করে ও সর্বত্র প্রশংসিত হয়।

## শান্তিবাজারকে শিল্পনগরী হিসেবে গড়ে তুলতে জায়গা দেখলেন বিধায়ক



**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৫ সেপ্টেম্বর।।** শান্তির বাজার বিধানসভাকেন্দ্রকে সাজিয়ে তুলতে ও শান্তির বাজার বিধাধসভার সার্বিক উন্নয়নে কাজকরেযাচ্ছেন বিধায়ক প্রমোদ রিয়াং। বিধায়কের এই অক্লান্ত পরিশ্রমকে সাফল্যমন্ডীত করতে কাজকরেযাচ্ছে শান্তির বাজার মহকুমাশাসক অভেদানন্দ বৈদ্য। উনাদের প্রচেষ্টায় শান্তির বাজার শহরকে শিল্পনগরীতে পরিনতকরার প্রচেষ্টা চালানোহচ্ছে। বিভিন্ন প্রকারের শিল্পস্থাপনে বিধায়ক, মহকুমাশাসক সহ অন্যান্য আধিকারিকরা শান্তির বাজারে আই টি আই কলেজ সংলগ্ন এলাকা পরিদর্শনকরেন। এইএলাকায় ২০ একর জায়গা শিল্পস্থাপনের জন্যচিহ্নত করাহয়েছে। আজকের এই পরিদর্শনে বহির রাজ্যথেকে একটি বিনিয়োগকারী সংস্থা সঙ্গে রয়েছেন। উনারা আগরতলায় বিনিয়োগনাকরে শান্তির বাজারের সার্বিক উন্নয়নে উনাদের শিল্পবানিজ্য কেন্দ্র শান্তির বাজারে গরেতোলার পরিকল্পনা হাতেনিয়েছেন। এতেকরে সকলে আশাবাদী আগামী কিছুদিনের মধ্যে শান্তির বাজার সকলের সামনে শিল্প নগরীহিসাবে পরিচিতি লাভকরবে। এখনশুধু সময়ের অপেক্ষা।

## বিদ্যাজ্যোতি প্রকল্পের নামে বিদ্যা ব্যবসা করছে বিজেপি সরকার: যুব কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** বিদ্যাজ্যোতি প্রকল্পের নামে চলছে সরকারের বিদ্যা ব্যবসা। এমনটাই অভিযোগ তুলে বিদ্যাজ্যোতি প্রকল্পের নাম করে রাজ্য সরকারকে কাঠগড়ায় দাঁড় করিয়েছে কংগ্রেসের যুব ও ছাত্র সংগঠন। এই বিদ্যাজ্যোতি প্রকল্পের জন্য বিপাকে পড়ছে ছাত্রছাত্রীরা। তাই বিদ্যাজ্যোতি প্রকল্পের বিরুদ্ধে তারা বিক্ষোভের শামিল হয়েছে শুক্রবার। তাদের অভিযোগ, ২০১৮ সালে বিজেপির নেতৃত্বাধীন সরকার রাজ্যের প্রতিষ্ঠিত হওয়ার পর সর্বকালীন সর্ব ব্যর্থ শিক্ষামন্ত্রী ছিলেন রতনলাল নাথ। তিনি রাজ্যের শিক্ষা ব্যবস্থায়কে ভেঙে চুরমার করে দিয়েছেন। তিনি শিক্ষামন্ত্রী থাকাকালীন অবস্থায় রাজ্যের ১০০টি বনেদি বিদ্যালয়কে বিদ্যাজ্যোতি প্রকল্পের আওতায় নিয়ে আসেন। তিনি তখন রাজ্যবাসীকে বলেছিলেন রাজ্যে শিক্ষা ব্যবস্থাকে উন্নত করার জন্য সরকার সিদ্ধান্ত নিয়েছে বিদ্যাজ্যোতি প্রকল্প আনার। কিন্তু মুখে তিনি এই কথা বললেও আড়ালে ছিল ১০০ টি স্কুল দিয়ে অতিরিক্ত ফি আদায় করে বিদ্যাব্যবসা করা। তারা আরো বলেন, বর্তমানে দেখা যাচ্ছে এই স্কুলগুলির মধ্যে শিক্ষার উন্নত পরিকাঠামো নেই।

সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হলো পর্যাপ্ত পরিমাণে শিক্ষক-শিক্ষিকা নেই স্কুলগুলির মধ্যে। যারা মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় বসতে চলেছে তাদের কাছ থেকে আড়াই হাজার টাকা এবং ৩০০০ টাকা করে ফি আদায় করার জন্য ঘোষণা করা হয়েছে। সাধারণ স্কুল থেকে এভাবে ফি আদায় করা ছাত্রছাত্রী বিরোধী কার্যকলাপ বলে মনে করে প্রদেশ যুব কংগ্রেস এবং এন.এস.ইউ.আই। তিনি আরো বলেন, এ প্রকল্প যাতে অবিলম্বে বাতিল করা হয় তার জন্য আগেও ডেপুটেশন প্রদান করা হয়েছিল। কিন্তু দপ্তর এবং সরকার কর্ণপাত করেনি। তাই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যতক্ষণ না পর্যন্ত সরকার এবং দপ্তর এই তুঘলকি প্রকল্প থেকে বের হয়ে না আসবে ততক্ষণ পর্যন্ত আন্দোলন চলবে। কারণ শিক্ষা হলো জাতির মেরুদন্ড। এটা নিয়ে কোনভাবেই রাজনীতি, বিদ্যা ব্যবসা করা যাবে না বলে জানান তিনি। এদিন দীর্ঘক্ষণ চলে এই শিক্ষা ভবন ঘেরাও কর্মসূচি। রাজ্যের অন্য সরকারী বিদ্যালয়গুলির তুলনায় বিদ্যাজ্যোতি প্রকল্পের অন্তর্গত বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের অত্যধিকহারে বিভিন্ন ফি ধার্য্য করা হচ্ছে। যা কোনোভাবেই কাম্য নয়। এরই প্রতিবাদে শুক্রবার যুব কংগ্রেস ও এনএসইউআই শিক্ষা দপ্তরে বিক্ষোভ প্রদর্শন করে। তাদের দাবি যতক্ষণ পর্যন্ত বর্ধিত ফি প্রত্যাহার না করা হবে, ততক্ষণ পর্যন্ত শিক্ষা দপ্তরে বিক্ষোভ প্রদর্শন চলবে। যুব কংগ্রেসের সহ-সভাপতি শাহজাহান ইসলাম বলেন, বিদ্যাজ্যোতি প্রকল্পের নামে বিদ্যা ব্যবসা করছে রাজ্যের বিজেপি সরকার। যে হারে ফি বৃদ্ধি করা হয়েছে, তার সাথে ওই সব বিদ্যালয়ে পাঠরত শিক্ষার্থীদের অভিভাবকদের আর্থিক অবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। অবিলম্বে এই বিদ্যা ব্যবসা বন্ধ করার আহ্বান জানায় যুব কংগ্রেস ও এন এস ইউ আই।

## বাইখোড়া বাজারে এটিএম মেশিন ভাঙচুর করল নিশিকুটুম্বের দল

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৫ সেপ্টেম্বর।।** ঘটনার বিবরনে জানাযায় বৃহস্পতিবার রাত্রিবেলায় শান্তির বাজার মহকুমার অন্তর্গত বাইখোড়া বাজারে ইন্ডিক্যাশ নামক একটি বেসরকারি সংস্থার এটিএম মেশিন ভাংচুর করে নিশিকুটম্বের দল। শুক্রবার সকালবেলা বিষয়টি মালিক সহ অন্যান্য লোকজনদের নজরে আসে। পরবর্তী সময় এইবিষয়ে খবরদেওয়াহয় বাইখোড়া থানায়। ঘটনার খবরপেয়ে বাইখোড়া থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন। এই পরিদর্শনকালে পুলিশ ঘটনাস্থল থেকে সি সি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে বলেজানাযায়। এই বিষয়ে এটিএম এর মালিক জানান উনারা দুইজন মিলে এই ব্যাবসা শুরু করেছেন। বাইখোড়া বাজারে ব্যাঙ্কিং পরিষেবা ভালোনেই তাই লোকজনদের সুবিধার্থে ও উনাদের ব্যাবসার সুবিধার্থে এই ব্যাবসা শুরুকরেছেন। এটিএম মেশিন ভাংচুরে মেশিন থেকে কোনোপ্রকারের নগদ অর্থ চুরি হয়েছেকিনা তা উনারা সঠিকভাবে বলতে পারছেননা বলে জানান। ঘটনার তদন্তের মাধ্যমে চুরিহয়েছেকিনা তা জানাযাবে। উনারা জানান বাইখোড়া বাজারে প্রতিনিয়ত চুরি কান্ডঘটেযাচ্ছে। এইভাবে প্রতিনিয়ত চুরিহোওয়াতে সকলের মধ্যে তিব্র চাঞ্চল্যকর পরিবেশের সৃষ্টি হয়েছে। এখন দেখার ঘটনার সুষ্ঠতদন্তে ও ঘটনার সাথে জরিতদের আটক করতে পুলিশ কতটুকু সক্ষমহয়।

## আভাংছড়ায় বিজেপির যোগদান সভা

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৫ সেপ্টেম্বর।।** মন্ডলসভাপতি অজয় রিয়াং এর নেতৃত্বে জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রে পরিবর্তনের পরথেকে মন্ডল সভাপতির আদর্শে অনুপ্রানীতহয়ে ও মন্ডল সভাপতির উন্নয়নমূলক কাজে সহযোগীতার হাতবারিয়েদিতে প্রতিনিয়ত বিভিন্নদলথেকে বিজেপিতে যোগদানকরছে অসংখ্যলোকজন। এরইমধ্যে আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে সংগঠকে আরো শক্তিশালী করেগরে তুলতে ও জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রকে বিরোধী শূন্যকরতে কাজকরেযাচ্ছে মন্ডল সভাপতি অজয় রিয়াং। শুক্রবার মন্ডল সভাপতি অজয় রিয়াং এর নেতৃত্বে আভাংছড়া এডিসিভিলেজে





অনুষ্ঠীত হয় এক যোগদানসভা। আজকের এই যোগদানসভায় সি পি আই এম ও তিপ্রামথা দলত্যাগকরে ১২ পরিবারের ৪৮ ভোটার বিজেপিতে যোগদানকরে। দলত্যাগীদের হাতে দলিয় পতাকাদিয়ে বরন করেনেন মন্ডল সভাপতি অজয় রিয়াং। আজকের এই যোগদানসভায় উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি অজয় রিয়াং, যুব মোর্চার মন্ডল সভাপতি কেশব চৌঁধুরী, জনজাতি মোর্চার মন্ডল সভাপতি সমঞ্জয় ত্রিপুরা, বিজেপির দক্ষিন জেলার সহ সভাপতি চাথই মগ সহ অন্যান্যরা।

### লিঙ্গ-সংবেদী সুস্থায়ী রূপান্তর এর পথে

## ভারতের সভাপতিত্বে জি ২০: উৎসাহ পেল নারী-নেতৃত্বাধীন উন্নয়ন বিষয় এই সময়ে উন্নয়নের চালিকাশক্তি হয়ে এগিয়ে আসছে নারীরা

*সঙ্গীতা রেড্ডি*

জি ২০ এমপাওয়ার - হল বিশ্বব্যাপী একটি উদ্যোগ যা শিক্ষা ও অর্থনৈতিক অংশগ্রহণের মাধ্যমে নারীদের ক্ষমতায়নকে এগিয়ে নিতে জি-২০ দেশগুলির সরকারী সংস্থা এবং বেসরকারি সংস্থাগুলিকে একত্রিত করে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যখন নারী-নেতৃত্বাধীন উন্নয়নের ধারণাটি চালু করেছিলেন তখন নারীর ক্ষমতায়নের আখ্যানটি একটি উল্লেখযোগ্য মোড় নেয়। ভারতের জন্য নির্দিষ্ট এই উদ্ভাবনী পদ্ধতিটি এখন জি ২০ এমপাওয়ার -এর অভিধানের অংশ হয়ে উঠেছে। জি ২০ এমপাওয়ার হল বিশ্বব্যাপী একটি উদ্যোগ যা শিক্ষা ও অর্থনৈতিক অংশগ্রহণের মাধ্যমে নারীদের এটি শুধুমাত্র নারীর ক্ষমতায়ন থেকে এমন একটি পরিবেশ গড়ে তোলার দিকে মনোনিবেশ করেছে যেখানে নারীরা শুধু সুবিধাভোগীই নয়, উন্নয়নের নেতৃত্বেও রয়েছেন।

ভারতের জি ২০ এমপাওয়ার এর অধীনে, আমরা এই ধারণাটিকে আন্তরিকভাবে গ্রহণ করেছি এবং এই ধারণার পরিবর্তনকে প্রতিফলিত করে একটি নির্দেশিকা তৈরি করার চেষ্টা করেছি। আমাদের লক্ষ্য তিনটি: শিক্ষা, নারী উদ্যোক্তা, এবং সকল স্তরে নারী নেতৃত্বের প্রচারের জন্য একটি অংশীদারিত্ব তৈরি করা। আমরা বিশ্বাস করি যে ডিজিটাল অন্তর্ভুক্তি এই সমস্ত ক্ষেত্র জুড়ে একটি ক্রস-কাটিং থিম এবং আমরা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে মহিলাদের তাদের সফল হওয়ার জন্য প্রয়োজনীয় ডিজিটাল সরঞ্জাম এবং সংস্থানগুলিতে সমান গ্রহনযোগ্যতা রয়েছে।

শিক্ষার ক্ষেত্রে, আমরা স্টেম শিক্ষা এবং উচ্চ-বৃদ্ধির চাকরির সুযোগে মহিলাদের জন্য বর্ধিত সুযোগের পক্ষে কথা বলেছি। আমরা কর্পোরেশনগুলিকে শিক্ষানবিশ প্রোগ্রাম এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত, অন্তর্ভুক্ত পাঠ্যক্রমগুলিতে বিনিয়োগ করতে উৎসাহিত করি। আমরা সরকারগুলিকে "সরকারের সম্পূর্ণ উদ্যোগ" পদ্ধতি অবলম্বন করার জন্যও অনুরোধ করছিউ যেখানে অন্তরভুক্ত থাকবে নারী ও মেয়েদের ক্রমাগত শিক্ষাকে উৎসাহিত করার মত স্পষ্ট নীতি এবং আইনি কাঠামো।নারী উদ্যোক্তাদের পরিপ্রেক্ষিতে, আমরা নারী উদ্যোক্তাদের, বিশেষ করে ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের (এমএসএমই) মধ্যে উন্নীত করার জন্য একটি ব্যাপক কৌশল তৈরি করেছি। আমরা বিশ্বাস করি যে নারী উদ্যোক্তাদেরকে অর্থনীতির শক্তিশালী ☞ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।